নিবিড় পরিবীক্ষণ সমীক্ষার জন্য নির্দিষ্টকৃত নির্দেশকমূহের সাথে সঙ্গতি রেখে প্রাপ্ত তথ্যের স্তরবিন্যাস করা হয়েছে যেন তথ্যের পরিসংখ্যানগত বিশ্লেষণ সঠিকভাবে সম্পন্ন হয়। প্রাপ্ত তথ্য সমূহ SPSS, MS Excel সফটওয়্যার ব্যবহার করে যথাযথ পরিসংখ্যান পদ্ধতির মাধ্যমে তথ্য বিশ্লেষণ করা হয়েছে।

## ২.৫ সমীক্ষার ধারণা

নিবিড় পরিবীক্ষণ সমীক্ষা কার্যক্রম সম্পাদনের জন্য ToR অনুযায়ী প্রদত্ত গাইডলাইন অনুসরণ করা হয়েছে। গৃহীত সকল কার্যক্রম পর্যায়ক্রমে ও ক্রমানুযায়ী সম্পন্ন করা হয়েছে। কার্যক্রম গ্রহণের বিভিন্ন ধাপ ও পর্যায় নিম্নে বর্ণনা করা হলো:

**প্রথম ধাপ:** এ পর্যায়ে প্রকল্প সংশ্লিষ্ট বিভিন্ন প্রতিবেদন ও তথ্যা সংগ্রহ এবং পর্যালোচনা করা হয়েছে। এছাড়া নিবিড় পরিবীক্ষণ সমীক্ষা কার্যক্রম সম্পাদনের পরিকল্পনা গ্রহণ, নির্দেশক নির্বাচন**,** তথ্যের উৎস চিহ্নিতকরণ**,** সমীক্ষা এলাকা নির্ধারণ, নমুনা ও বিভিন্ন প্রশ্নমালা ছক প্রস্তুত**,** প্রারম্ভিক প্রতিবেদন প্রস্তুত**,** উপস্থাপন এবং চূড়ান্তকরণ এই পর্যায়ে করা হয়েছে।

**দ্বিতীয় ধাপ:** এ ধাপে মাঠ পর্যায়ে তথ্য-উপাত্ত সংগ্রহের জন্য লোকবল নিয়োগ ও প্রয়োজনীয় প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। এছাড়া প্রস্তুতকৃত প্রশ্নাবলী ও ছকের উপর বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ প্রদত্ত মতামত/পরামর্শ অনুসরণে প্রশ্নাবলী ও ছক চূড়ান্তকরণপূর্বক মাঠ পর্যায়ে তথ্য-উপাত্ত সংগ্রহের পরিকল্পনা প্রণয়ন করা হয়েছে।

**তৃতীয় ধাপ:** এ ধাপে তথ্য সংগ্রহকারীগণ মাঠ পর্যায় হতে নির্দিষ্ট পরিকল্পনা ও সময়ানুযায়ী তথ্য-উপাত্ত সংগ্রহ করেছেন। পরামর্শক ও সমীক্ষা টিম তথ্য সংগ্রহকারীদের কাজ তদারকি করেছেন। তথ্য সংগ্রহকারীগণ মাঠ পর্যায়ে দৈবচয়ন ভিত্তিতে নির্বাচিতদের নিকট হতে প্রয়োজনীয় তথ্য সংগ্রহ করেছেন। এছাড়া প্রকল্প পরিচালকের অফিস হতে সুনির্দিষ্ট তথ্য-উপাত্ত সংগ্রহ করা হয়েছে।

**চতুর্থ ধাপ :** মাঠ পর্যায় হতে সংগৃহীত তথ্য ভুলত্রুটি থাকলে তা সংশোধন করা হয়েছে। সংগৃহীত তথ্য-উপাত্ত সংশোধের পর সেগুলোতে সাংকেতিক নম্বর প্রদান করা হয়েছে এবং সে অনুযায়ী কম্পিউটারে ধারণ করা হয়েছে। পরবর্তীতে সংগৃহীত তথ্য পরিসংখ্যানিক বিশ্লেষণ করা হয়েছে এবং প্রাপ্ত ফলাফল সারণী আকারে উপস্থাপন করা হয়েছে।

**পঞ্চম ধাপ:** এ ধাপে প্রাপ্ত ফলাফলের ওপর ভিত্তি করে খসড়া প্রতিবেদন প্রণয়ন করে পর্যালোচনার জন্য আইএমইডি'র নিকট দাখিল করা হয়েছে। খসড়া প্রতিবেদনের উপর টেকনিক্যাল কমিটি ও স্টিয়ারিং কমিটির সুপারিশের ভিত্তিতে চূড়ান্ত খসড়া প্রণয়নপূর্বক কর্মশালায় উপস্থাপন করা হয়েছে। কর্মশালা হতে প্রাপ্ত সুপারিশের আলোকে চূড়ান্ত প্রতিবেদন প্রণয়ন ও দাখিল করা হয়েছে।

## ২.৬ সমীক্ষার কর্মপদ্ধতি

সমীক্ষার কর্মপদ্ধতির অংশ হিসেবে প্রয়োজনীয় তথ্য প্রাইমারি এবং সেকেন্ডারি উৎস থেকে সংগ্রহ করা হয়েছে। প্রাইমারি তথ্য সরাসরি সাক্ষাৎকারের মাধ্যমে এবং সেকেন্ডারি তথ্য পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ এবং বিভাগের অন্যান্য সংস্থা থেকে সংগ্রহ করা হয়েছে। সংগৃহিত তথ্য যাচাই বাছাই করে কম্পিউটারে সংরক্ষণ করা হয়েছে এবং পরবর্তী বিশ্লেষণপূর্বক প্রতিবেদন প্রস্তুতিতে ব্যবহার করা হয়েছে।

**“সার্বিক গ্রাম উন্নয়ন কর্মসূচি (সিভিডিপি) -৩য় পর্যায় (১ম সংশোধিত)”** প্রকল্প সম্পর্কে সম্যক ধারণা লাভের জন্য প্রয়োজনীয় প্রাইমারি তথ্য-উপাত্ত সংগ্রহের জন্য সংখ্যাগত ও গুণগত জরিপ পদ্ধতি ব্যবহার করা হয়েছে। প্রশ্ন ও উত্তরের মাধ্যমে সরাসরি সাক্ষাৎকার গ্রহণপূর্বক তথ্য সংগ্রহ করা হয়েছে। এ সমস্ত তথ্য প্রশ্ন ও উত্তরের মাধ্যমে, FGD এবং KII পদ্ধতিতে প্রকল্প প্রবক্তা এবং সুফলভোগী প্রশিক্ষণপ্রাপ্ত জনগণ এবং সংশ্লিষ্ট সংস্থাসমূহের কর্মকর্তাগণের নিকট থেকে সংগ্রহ করা হয়েছে।

## ২.৭ সমীক্ষা এলাকা নির্ধারণ

প্রকল্পটির অবস্থান হচ্ছে সমগ্র বাংলাদেশের ১৬২টি উপজেলায়। তবে প্রকল্প পরিচালকের দপ্তর হতে জানা যায় যে ইতোমধ্যে ৭১টি উপজেলায় প্রকল্পের ইনকাম জেনারেটিং প্রশিক্ষণ কার্যক্রম চালু রয়েছে এবং ৫৮টি উপজেলায় বিশেষ প্রশিক্ষণ চালু রয়েছে। বিশেষ প্রশিক্ষণ চালু রয়েছে এমন ৫৮টি উপজেলার মধ্যে 44টি উপজেলা এমন রয়েছে যেখানে প্রকল্পের ইনকাম জেনারেটিং প্রশিক্ষণ ও বিশেষ প্রশিক্ষণ উভয় প্রকারের প্রশিক্ষণই চালু রয়েছে। অর্থাৎ এ ক্ষেত্রে ১4টি উপজেলা অতিরিক্ত রয়েছে। প্রকল্পের আওতায় প্রশিক্ষণ চালু রয়েছে এমন উপজেলার  সংখ্যা দাঁড়ায় ৮৫টি । সময় এবং বাজেট স্বল্পতার জন্য সমীক্ষার জন্য সকল উপজেলা নির্বাচন করা সম্ভব নয় বিধায় এই এই ৮৫টি উপজেলার মধ্যে ৩২টি নমুনা উপজেলায় সমীক্ষা পরিচালনা করা হয়েছে। নির্বাচিত ৩২টি উপজেলা দেশের ৮টি বিভাগের ১৬টি জেলা থেকে নেয়া হয়েছে। উক্ত ৩২টি উপজেলা নির্বাচনের ক্ষেত্রে এমন সব উপজেলাকেই প্রাধান্য দেওয়া হয়েছে যেখানে বিশেষ ও ইনকাম জেনারেটিং উভয় প্রকার প্রশিক্ষণপ্রাপ্তদেরই পাওয়া যাবে।

## ২.৮ জরিপ পদ্ধতি

সমীক্ষার তথ্য সংগ্রহের জন্য সংখ্যাগত ও গুণগত জরিপ পদ্ধতি ব্যবহার করা হয়েছে। সমীক্ষার কর্মপদ্ধতির অংশ হিসেবে প্রয়োজনীয় তথ্য প্রাইমারি এবং সেকেন্ডারি উৎস থেকে সংগ্রহ করা হয়েছে। প্রাইমারি তথ্য সরাসরি সাক্ষাৎকারের মাধ্যমে এবং সেকেন্ডারি তথ্য পল্লী  উন্নয়ন ও সমবায় বিভাগ এবং বিভাগের অন্যান্য সংস্থা থেকে সংগ্রহ করা হয়েছে।

প্রকল্পের পরামর্শকগণ প্রকল্প সংশ্লিষ্ট কর্মকর্তাগণের সঙ্গে বিস্তারিত আলোচনা করেছেন। প্রকল্পটির অবস্থান হচ্ছে সমগ্র বাংলাদেশ। তবে প্রকল্পটির আওতায় এখন পর্যন্ত ৮৫ উপজেলায় সুফলভোগীদের প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। এই প্রশিক্ষণ ২ প্রকার। একটি হচ্ছে বিশেষ প্রশিক্ষণ এবং অপরটি ইনকাম জেনারেটিং প্রশিক্ষণ। উক্ত দুই প্রকার প্রশিক্ষণ এর আওতায় যথাক্রমে ৮৮১৯ জন এবং ৩৬৯০ জন অর্থাৎ মোট ১২৫০৯ জনকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। তাই সুফলভোগী নির্বাচন করা হয়েছে ১২৫০৯ জনকে।

## ২.৯ সংখ্যাগত জরিপের নমুনা-সংখ্যা নির্ধারণ

নমুনা উপজেলা থেকে প্রশিক্ষণ প্রাপ্ত সুবিধাভোগীদের থেকে নমুনা আকার নিম্নলিখিত ফর্মূলার[১] মাধ্যমে নির্ণয় করা হয়েছে।

$$n = \frac{z^2 PQ}{e^2}.(d.eff)$$

*Where,*

z=১.৯৬ (The value of the standard variation at ৯৫% confidence level)

[১] Cochran, W.G.(1663,1977) Sampling Techniques. Wiley, Newyork


*n = sample size*
*p = Proportion/probability of success =০.৫*
*q = ১-p =০.৫*
*e = allowable margin of error (৫%) or precision level =০.০৫*
*d.eff=design effect = ২.০ considering homogeneity of sample*

উপরোক্ত মানগুলি ফর্মূলায় বসিয়ে দিলে n=৭৬৮ পাওয়া যায়।

## ২.১০ উত্তরদাতার নমুনা চয়ন

নমুনা ৩২টি উপজেলার প্রতিটি থেকে সাধারণ দৈবচয়ন পদ্ধতি (এসআরএস) প্রয়োগ করে একটি করে ইউনিয়ন/ওয়ার্ড নির্বাচন করা হয়েছে। নির্বাচিত ইউনিয়ন/ওয়ার্ড থেকে প্রয়োজনীয় সংখ্যক সুবিধাভোগী যাদের তথ্য প্রকল্প দপ্তর থেকে সংগ্রহ করা হয়েছে তাদের দৈবচয়ন পদ্ধতির (Stratified Random Sampling)[২] মাধ্যমে নির্বাচন করা হয়েছে। তবে যে সকল নির্বাচিত ইউনিয়ন/ওয়ার্ডে যদি কোন বিশেষ শ্রেণির সুফলভোগী নির্দিষ্ট সংখ্যায় না পাওয়া যায় তবে পার্শ্ববর্তী ইউনিয়ন/ওর্য়াড থেকে সুফলভোগী চিহ্নিতকরণের মাধ্যমে জরীপকার্য পরিচালনা করা হয়েছে। উপরোক্ত নমুনা চয়ন পদ্ধতিটি নিম্নের ছকের মাধ্যমে প্রদর্শন করা হলো। এক্ষেত্রে প্রকল্প পরিচালকের দপ্তর হতে প্রশিক্ষণপ্রাপ্তদের তালিকা এবং ঠিকানা পূর্বেই সংগ্রহ করা হয়েছে।

**ছকঃ নমুনা বাছাই প্রক্রিয়া**




**উত্তরদাতার নমুনাবন্টন**

প্রকল্পের সুফলভোগীগণ বিশেষ প্রশিক্ষণ ও ইনকাম জেনারেটিং প্রশিক্ষণ এই ২ ধরনের প্রশিক্ষণ গ্রহণ করেছেন। এই ২ ধরনের প্রশিক্ষণের আওতায় আবার কিছু শ্রেণীবিন্যাস আছে। বিশেষ প্রশিক্ষণ এর ক্ষেত্রে যারা ১) মৎস্য চাষ ২) কৃষি উন্নয়ন ৩) হাঁস-মুরগি ও গবাদি পশু উন্নয়ন ৪) ভার্মি কম্পোস্ট প্রশিক্ষণ এই চার শ্রেণির প্রশিক্ষণ নিয়েছেন তাদের কে ৪টি ভিন্ন ভিন্ন প্রশ্নপত্রের মাধ্যমে এবং যারা ইনকাম জেনারেটিং প্রশিক্ষণ গ্রহণ করেছেন তাদের কে আলাদা একটি প্রশ্নপত্রের মাধ্যমে জরিপ করা হয়েছে। ফরমুলার মাধ্যমে প্রাপ্ত ৭৬৮টি নমুনা বিশেষ প্রশিক্ষণ ও ইনকাম জেনারেটিং প্রশিক্ষণপ্রাপ্ত ব্যক্তিদের প্রাপ্যতা অনুসারে বণ্টন করা হয়েছে।

[২] Kish, L (1995) Survey Sampling, Wiley Inter.Science

## ২.১১ গুণগত পদ্ধতির ব্যবহার

সমীক্ষায় গুণগত পদ্ধতি হিসেবে 'কী ইনফরমেন্টস্ ইন্টারভিউ' (KII) এবং ফোকাস গ্রুপ ডিসকাশন (FGD) ব্যবহার করা হয়েছে।

**কি ইনফরমেন্টস্ ইন্টারভিউ (KII):** KII পদ্ধতিতে প্রকল্প পরিচালক, সহকারী প্রকল্প পরিচালক, উপজেলা নির্বাহী কর্মকর্তা এবং বিভিন্ন স্টেকহোল্ডারদের **সা**ক্ষাৎকার নেয়া হয়েছে। সর্বমোট ৭০টি KII পরিচালিত হয়েছে।

**ফোকাস গ্রুপ ডিসকাশন**

- সুফলভোগীগণ কর্তৃক প্রকল্প থেকে প্রাপ্ত সুবিধা ও অসুবিধা সংক্রান্ত তথ্য জানার জন্য নির্ধারিত এলাকার মধ্যে ১৬টি FGD করা হয়েছে, অর্থাৎ জেলাপ্রতি ১টি করে FGD পরিচালিত হয়েছে।
- প্রতিটি FGD প্রকল্প অঞ্চলের এমন একটি জায়গায় করা হয়েছে যাতে সকল অংশগ্রহণকারী উক্ত স্থানে সহজে আসতে পারে এবং অবাধে মতামত প্রদান করতে পারে। FGD সভা একজন সঞ্চালক দ্বারা পরিচালিত হয়েছে যিনি প্রকল্প সম্পর্কিত বিষয়ের উপর সভায় আগত সকলকে মুক্তভাবে কথা বলার জন্য উৎসাহিত করেছেন।
- প্রস্তাবিত FGD এফজিডি গাইডলাইন অনুসারে পরিচালিত হয়েছে এবং গাইডলাইনে উল্লেখিত সূচক অনুযায়ী ধারাবাহিকভাবে আলোচনা করে তথ্য সংগ্রহ করা হয়েছে।

## ২.১২ উত্তরদাতার চয়ন

প্রকল্প সম্পর্কে সম্যক তথ্য লাভের জন্য KII এর মাধ্যমে নিম্নবর্ণিত কর্মকর্তা ও অংশীজনকে উত্তরদাতা হিসেবে নির্বাচন করা হয়েছে।

| সংস্থা | উত্তরদাতা | উত্তরদাতার সংখ্যা |
|---|---|---|
| পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ এবং বিভাগের অন্যান্য সংস্থা যেমন সমবায় অধিদপ্তর, আরডিএ, বার্ড, বিআরডিবি | পরিচালক, উপ-পরিচালক পদমর্যাদার কোন কর্মকর্তা | ৫ জন |
| প্রকল্প পরিচালকের দপ্তর | প্রকল্প পরিচালক, উপ-প্রকল্প পরিচালক | ৫ জন |
| সহকারী প্রকল্প পরিচালক | উপজেলা পর্যায়ের উপ-প্রকল্প পরিচালক | ৩২ জন |
| উপজেলা পরিষদ | উপজেলা নির্বাহী অফিসার | ২৮ জন |

FGD এর ক্ষেত্রে প্রকল্প প্রশিক্ষণ গ্রহণকারী জনগণ যারা প্রকল্প কার্যক্রমের মাধ্যমে বিভিন্নভাবে উপকৃত হয়েছেন তাদেরকে FGD তে অংশগ্রহণ করার জন্য আমন্ত্রণ জানানো হয়েছে।

## ২.১৩ কেস স্টাডি

নিবিড় পরিবীক্ষণ এর আওতায় প্রশ্নপত্র জরিপ, FGD এবং KII এর পাশাপাশি প্রকল্পের আওতায় আইজিএ প্রশিক্ষণপ্রাপ্তদের অন্তর্ভুক্ত করে কেস স্টাডি করা হয়েছে। প্রশিক্ষণের মাধ্যমে তাদের কর্মসংস্থান, অবস্থার পরিবর্তন, আয় বৃদ্ধি ইত্যাদি বিষয়ে পর্যালোচনা করে কেস স্টাডি প্রণয়ন করা হয়েছে।

## ২.১৪ মাঠ কর্মী এবং সুপারভাইজার প্রশিক্ষণ

পরামর্শক প্রতিষ্ঠান কর্তৃক মাঠকর্মী এবং সুপারভাইজার নিয়োগের পর তাদের জন্য ৩(তিন) দিনের প্রশিক্ষণ কর্মসূচীর ব্যবস্থা করা হয়েছে। পরামর্শকগণ মাঠ কর্মী এবং সুপারভাইজারগণকে প্রশিক্ষণ প্রদান করেছেন। উক্ত কর্মসূচিতে আইএমইডি'র সংশ্লিষ্ট কর্মকর্তাগণকেও আমন্ত্রণ জানানো হয়েছে।

## ২.১৫ তথ্য সংগ্রহের প্রশ্নপত্র

সমীক্ষার উদ্দেশ্য, কার্য-পরিধি অনুযায়ী প্রস্তাবিত কর্মপদ্ধতির আলোকে প্রয়োজনীয় ও প্রাসঙ্গিক প্রশ্নপত্র ও চেকলিস্ট তৈরি করা হয়েছে। প্রশ্নপত্র ও চেকলিস্টসমূহ টেকনিক্যাল ও স্টিয়ারিং কমিটির সভায় আলোচনার মাধ্যমে চূড়ান্ত করা হয়েছে। তথ্য-উপাত্ত সংগ্রহের উপকরণসমূহ নিম্নরূপ:

- কৃষি উন্নয়ন প্রশিক্ষণ প্রাপ্তদের জন্য প্রশ্নপত্র;
- মৎস্য চাষ প্রশিক্ষণ প্রাপ্তদের জন্য প্রশ্নপত্র;
- হাঁস মুরগি ও গবাদি পশু উন্নয়ন প্রশিক্ষণ প্রাপ্তদের জন্য প্রশ্নপত্র;
- ভার্মি কম্পোস্ট প্রশিক্ষণ প্রাপ্তদের জন্য প্রশ্নপত্র;
- ইনকাম জেনারেটিং প্রশিক্ষণ প্রাপ্তদের জন্য প্রশ্নপত্র;
- এফজিডি'র জন্য চেকলিস্ট;
- প্রকল্প পরিচালকের জন্য চেকলিস্ট;
- সহকারী প্রকল্প পরিচালকের জন্য চেকলিস্ট;
- উপজেলা নির্বাহী কর্মকর্তাদের জন্য চেকলিস্ট; এবং
- প্রকিউরমেন্ট সংক্রান্ত চেকলিস্ট।

উল্লিখিত প্রত্যেক শ্রেণির উত্তরদাতার জন্য ১টি করে খসড়া চেকলিস্ট তৈরি করা হয়েছে। চেকলিস্ট এর ব্যাপারে আইএমইডির মতামত নেওয়া হয়েছে। আইএমইডি থেকে প্রাপ্ত ফিডব্যাক বিবেচনা করে চেকলিস্ট চূড়ান্ত করা হয়েছে।

## ২.১৬ স্থানীয় পর্যায়ের কর্মশালা

তথ্য সংগ্রহ চলাকালীন সময়ে পরামর্শকদল কর্তৃক স্থানীয় পর্যায়ে একটি কর্মশালার আয়োজন করা হয়েছে। আনুমানিক ৪৫-৫০ জন স্থানীয় বিভিন্ন প্রশিক্ষণপ্রাপ্ত সুফলভোগী, স্থানীয় প্রশাসনিক কর্মকর্তা, সুবিধাভোগী কমিউনিটির প্রতিনিধি, স্কুলের শিক্ষক, গণ্যমান্য ব্যক্তির সাথে উন্মুক্ত আলোচনার মাধ্যমে মূল্যায়ন সমীক্ষার প্রয়োজনীয় তথ্যাদি সংগ্রহ করা হয়েছে। উক্ত কর্মশালায় পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ এবং বিভাগের অন্যান্য সংস্থার কর্মকর্তাবৃন্দ এবং আইএমইডি এর সংশ্লিষ্ট কর্মকর্তাগণও উপস্থিত ছিলেন।

## ২.১৭ তথ্য বা ডাটা এডিটিং ও কোডিং

পূরণকৃত প্রশ্নপত্র সমূহ পরামর্শক প্রতিষ্ঠানের কার্যালয়ে কোডিং, এডিটিং ও এসপিএসএস (ডাটাবেজ সফটওয়্যার)/ মাইক্রোসফট অফিস অ্যাক্সেস প্রোগ্রামে ডাটা এন্ট্রি এবং এ্যানালাইসিস করা হয়েছে।

## ২.১৮ তথ্য বা ডাটা বিশ্লেষণ এবং রিপোর্ট প্রস্তুতকরণ

তথ্য বা ডাটা বিশ্লেষণ এবং প্রতিবেদন তৈরির ক্ষেত্রে নিম্নলিখিত বিষয়ের প্রতি সতর্ক দৃষ্টি রাখা হয়েছে:

(১) সংগৃহীত ডাটার যথার্থতা এবং গ্রহণযোগ্যতা যথাযথভাবে বিশ্লেষণের জন্য উন্নত ডাটা এন্ট্রি সফটওয়্যার ব্যবহার করা হয়েছে;

(২) সংগৃহীত তথ্য বা ডাটা এসপিএসএস সফটওয়্যারের মাধ্যমে বিশ্লেষণ করা হয়েছে।

## ২.১৯ প্রকল্পের সবল ও দুর্বল দিক, সুযোগ ও ঝুঁকি বিশ্লেষণ (SWOT Analysis)

কর্মপরিকল্পনায় যে সকল তথ্য-উপাত্ত সংগ্রহ এবং বিশ্লেষণের প্রস্তাব করা হয়েছে, সে সকল তথ্য-উপাত্ত সংগ্রহ পূর্বক বিশ্লেষণ করে প্রকল্পটির সবল (Strengths) ও দুর্বল (Weaknesses) দিক, সুযোগ (Opportunities) ও ঝুঁকি (Threats) সমূহ সনাক্ত করে বর্তমানে তার সমাধান এবং ভবিষ্যতে এ ধরনের প্রকল্প গ্রহণ ও বাস্তবায়নের জন্য সুপারিশ প্রদান করা হয়েছে। সুনির্দিষ্ট নির্দেশক মাত্রা (Indicator) অনুযায়ী প্রকল্পের সবল ও দুর্বলদিক এবং সুযোগ (Opportunities) ও ঝুঁকি (Threats) পর্যালোচনা করা হয়েছে।

# তৃতীয় অধ্যায়
# ফলাফল পর্যালোচনা

## ৩.১ প্রকল্পের বার্ষিক ব্যয় কার্যক্রম বিশ্লেষণ ও পর্যালোচনা

প্রস্তাবিত সংশোধিত ডিপিপি অনুযায়ী প্রকল্পের আর্থিক পরিকল্পনা, বরাদ্দ ও ব্যয় নিম্নে প্রদান করা হল:

**সারণী-৩.১ প্রকল্পের বার্ষিক ব্যয় কার্যক্রম** (লক্ষ টাকায়)

| অর্থ বছর | মূল ডিপিপি অনুযায়ী লক্ষ্যমাত্রা | আরডিপিপি অনুযায়ী লক্ষ্য মাত্রা | অগ্রগতি | |
|---|---|---|---|---|
| | | | এডিপি/আরএডিপি বরাদ্দ | ব্যয় (এপ্রিল ২০২২ পর্যন্ত) |
| ২০১৭-২০১৮ (জানুয়ারি, ২০১৮-জুন, ২০১৮) | ২৭১৩.০৪ | - | ৮০০০.০০ | |
| ২০১৮-২০১৯ | ৮৩৫৯.৪৭ | ১২০৬.১৭ | ১৫০০.০০ | ১২০৬.১৭ |
| ২০১৯ - ২০২০ | ৭৬২১.৫৭ | ২৭২৮.৬৯ | ৩৯০০.০০ | ২৭২৮.৬৯ |
| ২০২০ - ২০২১ | ৭৭০১.১২ | ২৫৮৫.৬১ | ২৮০৫.০০ | ২৫৮৫.৬১ |
| ২০২১ - ২০২২ | ৩৭০৯.৮০ | ৭৮২৯.৬১ | ৫০৯৮.০০ | ২৪৫১.৫২ |
| ২০২২-২০২৩ | | ১০৪৪৮.৫৬ | | |
| ২০২৩-২০২৪ | | ৫১৯৯.৩৬ | | |
| মোট | ৩০১০৫.০০ | ২৯৯৯৮.০০ | ২১৩০৩.০০ | ৮৯৭১.৯৯ |

**তথ্যসূত্রঃ** প্রকল্প পরিচালকের দপ্তর

উপরে বর্ণিত সারণী থেকে দেখা যায় যে, সংশোধিত ডিপিপি (আরডিপিপি) অনুযায়ী ২০১৭-২০১৮ (জানুয়ারি, ২০১৮-জুন, ২০১৮), ২০১৮-২০১৯, ২০১৯-২০২০, ২০২০-২০২১ ও ২০২১-২০২২ এই ৫টি অর্থবছরে প্রকল্পের অনুকূলে ব্যয়ের লক্ষ্যমাত্রা ছিল ১৪৩.৫০ কোটি টাকা, যা মোট প্রকল্প ব্যয়ের প্রায় ৪৭ শতাংশ। চলতি অর্থবছরে এপ্রিল পর্যন্ত ব্যয় হয়েছে ২৪.৫১ কোটি টাকা যা চলতি অর্থবছরের বরাদ্দের মাত্র ৪৮%। প্রকল্পের শুরু থেকে চলতি অর্থবছরের এপ্রিল পর্যন্ত মোট ব্যয় হয়েছে ৮৯.৭২ কোটি টাকা, যা সংশোধিত ডিপিপি অনুযায়ী প্রকল্পের মোট প্রাক্কলিত ব্যয়ের প্রায় ৩০%। উপর্যুক্ত তথ্য থেকে প্রতীয়মান হয় যে, প্রকল্পের ব্যয় প্রকল্পের সংশোধিত ডিপিপি'র ব্যয় প্রাক্কলন এর সাথে সামঞ্জস্যপূর্ণ নয়।

## ৩.২ প্রকল্পের অঙ্গভিত্তিক অগ্রগতি

প্রকল্পটির সংশোধিত ডিপিপি অনুযায়ী বাস্তবায়নকাল ধরা হয় ১ জানুয়ারি, ২০১৮ হতে ৩১ ডিসেম্বর, ২০২৩ পর্যন্ত এবং প্রকল্পটির প্রাক্কলিত ব্যয় ধরা হয় ২৯৯.৯৮ কোটি টাকা। এখন পর্যন্ত প্রকল্পটির প্রায় চার বছর চার মাস মেয়াদকাল অতিবাহিত হয়েছে। এপ্রিল ২০২২ পর্যন্ত প্রকল্পের অঙ্গভিত্তিক অগ্রগতির চিত্র পরবর্তী পৃষ্ঠায় দেওয়া হলো:

## সারনী ৩.২ এপ্রিল ২০২২ প্রকল্পের অঙ্গাভিত্তিক অগ্রগতি

| অর্থনৈতিক কোড | | খাতের বিবরণ | পরিমাণ | প্রাক্কলিত বায় (লক্ষ টাকায়) | গত জুন পর্যন্ত অর্জন | | চলতি বছরের লক্ষ্য | | এপ্রিল ২০২২ পর্যন্ত অগ্রগতি | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| আইবিইউএস | ওএলডি | | | | আর্থিক (লক্ষ টাকায়) | বাস্তব উপাদানের) (% | আর্থিক (লক্ষ টাকায়) | বাস্তব উপাদানের) (% | আর্থিক (লক্ষ টাকায়) | বাস্তব উপাদানের) (% |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ |
| ৩ | | | ১১ | ৩৮৬.৮১ | | | | | | |
| ৩১১১১০১ | ৪৫০১ | অফিসারের জন্য অর্থ প্রদান | ০ | ০.০০ | ৭৫১.৮১ | ১১ | ৬৩.২০ | ১১ | ৪৬.৮৩ | ১১ |
| ৩১১১২০১ | ৪৬০১ | কর্মচারীর জন্য অর্থ প্রদান | ১৬২ | ৮১.০৫ | ০.০০ | ০ | ০.০০ | ০ | ০.০০ | ০ |
| ৩১১১৩০১ | ৪৭৩৭ | চার্জ ভাতা | ৩ | ০.৩৯ | ৬৬.৪৭ | ১৬২ | ১৪.৫৮ | ১৬২ | ০.০৮ | ১১২ |
| ৩১১১৩০২ | ৪৭৬৫ | পরিবহন ভাতা | ১১ | ৬.৯১ | ০.০০ | ০ | ০.০৫ | ২ | ০.০০ | ০ |
| ৩১১১৩০৬ | ৪৭৭৩ | শিক্ষা ভাতা | ০ | ০.০০ | ২.১২ | ১০ | ০.৯৪ | ১২ | ০.৬২ | ৭ |
| ৩১১১৩০৯ | ৪৭২১ | পাহাড়ি ভাতা | ১১ | ১৯৪.২৯ | ০.০০ | ০ | ০.০০ | ০ | ০.০০ | ০ |
| ৩১১১৩১০ | ৪৭০৫ | ঘর ভাড়া | ১১ | ১৩.৭৯ | ৬৯.২৪ | ১১ | ৩০.০০ | ১৩ | ২১.৫৯ | ১১ |
| ৩১১১৩১১ | ৪৭১৭ | চিকিৎসা ভাতা | ৪ | ৪.০৯ | ৫.২৯ | ১১ | ২.১৪ | ১৩ | ১.৫৫ | ১১ |
| ৩১১১৩১২ | | মোবাইল/সেল ফোন ভাতা | ৫ | ৯.২৯ | ০.৪৯ | ১ | ০.৩৬ | ২ | ০.১৪ | ১ |
| ৩১১১৩১৩ | | আবাসিক টেলিফোন ভাতা | ৫ | ০.৬৯ | ০.৭৯ | ১ | ০.৫৯ | ২ | ০.২৯ | ১ |
| ৩১১১৩১৪ | ৪৭৫৫ | জলখাবার | ১১ | ৬৫.৭৯ | ০.০৪ | ১ | ০.০৭ | ৩৮৬ | ০.০০ | ০ |
| ৩১১১৩২৫ | ৪৭১৩ | উৎসব ভাতা | ০ | ২১.৪৩ | ২৩.২৯ | ১১ | ১০.৪০ | ১৩ | ৯.৪৩ | ১১ |
| ৩১১১৩২৭ | ৪৮০৫ | অতিরিক্ত কর্ম ভাতা | ১১ | ৯.৪১ | ২.৬৮ | ১ | ৫.৭৫ | ০ | ৩.২৫ | ০ |
| ৩১১১৩২৮ | ৪৭০৯ | বিশ্রাম এবং বিনোদন | ১ | ০.৭৫ | ১.৮১ | ২ | ৩.২৯ | ৫ | ১.৫৫ | ৩ |
| ৩১১১৩৩১ | | বিনোদন ভাতা | ০ | ২,৯৮০.৩৮ | ০.২৫ | ১ | ০.১০ | ১ | ০.০৫ | ১ |
| ৩১১১৩৩২ | ৪৮৮৩ | সম্মানী | ১১ | ৮.০৪ | ২,৯৮০.৩৮ | ৭৮৭৮ | ০.০০ | ০ | ০.০০ | ০ |
| ৩১১১৩৩৫ | ৪৭১৪ | বাংলা নববর্ষ ভাতা | ১১ | ৮১.৭২ | ২.৭৯ | ১১ | ১.২৬ | ১৩ | ০.৭৫ | ৬ |
| ৩১১১৩৩৮ | ৪৭৯৫ | অন্যান্য ভাতা | ১১ | ৩,৮৬৪.৮৩ | ১৯.২২ | ৫ | ১৩.৫৪ | ১৩ | ০.৫৫ | ০ |
| **উপ-সর্বমোট** | | | | | **৩,৩২৬.৬৭** | **৮০৫১** | **১৪৬.২৭** | **১২৯** | **৯৬.৬৮** | **১২৩** |
| ৩২ | ব্যবহারকীত পন্য এবং সেবা | | | | | | | | | |
| ৩২৩১ | প্রশিক্ষণ | | | | | | | | | |
| ৩২৩১৩০১ | ৪৮৪০ | প্রকল্প কর্মীদের জন্য প্রশিক্ষণ (০৪/০২দিন) | ৩৭৫ | ৩৪.২৯ | ১২.৭৭ | ২০১ | ৮.২৩ | ১৩৩ | ০.০০ | ০ |

| অর্থনৈতিক কোড | | খাতের বিবরণ | পরিমাণ | প্রাক্কলিত ব্যয় (লক্ষ টাকায়) | গত জুন পর্যন্ত অর্জন | | চলতি বছরের লক্ষ্য | | এপ্রিল ২০২২ পর্যন্ত অগ্রগতি | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| আইবিইউএস | ওএলডি | | | | আর্থিক (লক্ষ টাকায়) | বাস্তব উপাদানের) (% | আর্থিক (লক্ষ টাকায়) | বাস্তব উপাদানের) (% | আর্থিক (লক্ষ টাকায়) | বাস্তব উপাদানের) (% |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ |
| ৩২৩১৩০১ | ৪৮৪০ | উপজেলা পর্যাইয়ের কর্মকর্তা ও জনপ্রতিনিধিদের জন্য ওরিইয়েন্টেশন কোর্স (১দিন) | ১৯৭৫ | ২৩.৬৬ | ২৩.৬৬ | ১৯৭৫ | ০.০০ | ০ | ০.০০ | ০ |
| ৩২৩১৩০১ | ৪৮৪০ | উন্নয়ন কর্মী/গ্রাম সমাজের সদস্যদের জন্য ওরিইয়েন্টেশন কোর্স (১দিন) | ২৬৫৩৬ | ৯২.৮৮ | ৯২.৮৮ | ২৬৫৩৬ | ০.০০ | ০ | ০.০০ | ০ |
| বিশেষ প্রশিক্ষণ (৩দিন) | | | | | | | | | | |
| ৩২৩১৩০১ | ৪৮৪০ | এ) সমবায় ব্যবস্থাপনা (৩ দিন) | ২৮৮০ | ৩১.৬৮ | ১৮.৪৮ | ১৬৮০ | ১.৩২ | ১২০ | ১.৩২ | ১২০ |
| ৩২৩১৩০১ | ৪৮৪০ | বি) সমবায় সমিতির হিসাব সংরক্ষণ ও আর্থিক ব্যবস্থাপনা (৩দিন) | ২৯৪০ | ৩২.৩৪ | ২৬.৪০ | ২৩৯৯ | ০.৬৬ | ৬০ | ০.৬৬ | ৬০ |
| ৩২৩১৩০১ | ৪৮৪০ | সি) মৎস্য উন্নয়ন (৩দিন) | ২৫৮০ | ২৮.৩৮ | ২০.৪৬ | ১৮৬০ | ২.৬৪ | ২৪০ | ১.৩২ | ১২০ |
| ৩২৩১৩০১ | ৪৮৪০ | ডি) কৃষি উন্নয়ন (৩দিন) | ১৩৮০ | ১৫.১৮ | ৯.৯০ | ৯০০ | ০.৬৬ | ৬০ | ০.৬৬ | ৬০ |
| ৩২৩১৩০১ | ৪৮৪০ | ই) পোল্ট্রি এবং গবাদি পশু উন্নয়ন | ২২২০ | ২৪.৪২ | ১৭.১৬ | ১৫৬০ | ১০.৫৬ | ৯৬০ | ০.০০ | ০ |
| ৩২৩১৩০১ | ৪৮৪০ | এফ) ভার্মি কম্পোস্ট/বাইয়ো কম্পোস্ট (৩দিন) | ৬০ | ০.৬৬ | ০.৬৬ | ৬০ | ০.০০ | ০ | ০.০০ | ০ |
| বিশেষ আইজিএ প্রশিক্ষণ (৩০দিন/৬০দিন) | | | | | | | | | | |
| ৩২৩১৩০১ | ৪৮৪০ | ১) টেইলরিং & গার্মেন্টস/ড্রেস মেকিং এবং টেইলরিং/ ব্লক-বুটিক ও স্ক্রিন প্রিন্টিং/এমব্রয়ডারি/ এমব্রয়ডারি মেশিন অপারেটর এন্ড মেইনটেইনেন্স /এপেরাল মেকিং এন্ড কোয়ালিটি কন্ট্রোল/ প্যাটার্ন মেকিং কাটিং এন্ড গ্রেড | ১১২৮০ | ৪,২১৬.৬৩ | ২০৯.৮৩ | ৯৯৯ | ৩৮৭.৪৫ | ১২৪০ | ২৪২.৫৫ | ৮৮০ |
| ৩২৩১৩০১ | ৪৮৪০ | ২)ইলেকট্রনিক্স/ইলেকট্রিকাল/কম্পিউটার/আইসিটি /ইলেক্ট্রিক্যাল লাইন মেইন্টেইন্যান্স/ ইলেক্ট্রিক্যাল হাউজ ওয়্যারিং/জেনারেল ইলেক্ট্রিসিটি ইলেক্ট্রিশিয়ান / কম্পিউটার অপারেটর/আইটি সাপোর্ট টেকনিশিয়ান/ কম্পিউটার অফিস এপলিক্যাশন/গ্রাফিক্স এন্ড এনিমেশন/হার্ডওয়্যার এন্ড নেটওয়ার্কিং/ফ্রিলেন্সিং/ কম্পিউটার প্রগ্রামিং/ডাটাবেইজ প্রগ্রামিং/কঞ্জুমার ইলেকট্রনিক্স/আরমাচার ওয়েল্ডিং/অটোকেড/ডিজিটাল অডিও,ভিডিও | ১৫৭৮০ | ৫,৯৮১.৫৫ | ১৫৫.৬৫ | ৮১৯ | ৫৩৬.৭৫ | ১৭৯৫ | ২৭৮.২৫ | ১১৫৫ |

| অর্থনৈতিক কোড | | খাতের বিবরণ | পরিমাণ | প্রাক্কলিত ব্যয় (লক্ষ টাকায়) | গত জুন পর্যন্ত অর্জন | | চলতি বছরের লক্ষ্য | | এপ্রিল ২০২২ পর্যন্ত অগ্রগতি | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| আইবিইউএস | ওএলডি | | | | আর্থিক (লক্ষ টাকায়) | বাস্তব উপাদানের) (% | আর্থিক (লক্ষ টাকায়) | বাস্তব উপাদানের) (% | আর্থিক (লক্ষ টাকায়) | বাস্তব উপাদানের) (% |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ |
| | | এডিটিং/ডিজিটাল মার্কেটিং/এ-কমার্স/ক্যামেরা এন্ড লাইটিং | | | | | | | | |
| ৩২৩১৩০১ | ৪৮৪০ | ৩)প্লাম্বিং &পাইপ ফিটিং/ ওয়েল্ডিং&ফেব্রিকেশন/শিপ ফেব্রিকেশন ৪জি/ ওয়েল্ডিং ৮জি/সিট বাইন্ডিং/ফেব্রিকেশন/বিল্ডিং সেফিটি& মেইনটেইনেন্স/ টাইলস এন্ড মারবেল ওয়ার্ক | ২৮৬০ | ৯৮৯.৬৫ | ৭৯.৮০ | ৪২০ | ২০১.৩০ | ৬৭৯ | ১১২.৭৫ | ৪৫৯ |
| ৩২৩১৩০১ | ৪৮৪০ | ৪) মোটর ড্রাভিং/অটমোটিভ& ড্রাইভিং মেশিন/স্পেশাল ওয়েল্ডিং | ১৯৪০ | ৭৬৮.১০ | ৭.৬০ | ৪০ | ১৭২.৮৫ | ৪৪০ | ১৯.৯০ | ৬০ |
| ৩২৩১৩০১ | ৪৮৪০ | ৫) মোটরসাইকেল ও থ্রী হোয়েলার রিপিয়ার/ মোটরসাইকেল সার্ভিসিং/মোবাইল ফোন সার্ভিসিং/গ্রাফিক্স ডিজাইন&মাল্টিমিডিয়া প্রোগামিং/ওয়েব ডিজাইন&ডেভলপমেন্ট/ অটমোটিভ& ড্রাইভিং মেশিন/মেশিনসপ প্রেক্টিস/ইডাস্ট্রিয়াল সুইং মেশিন অপারেটর& মেইনটেইনেন্স | ১৯২০ | ৭৭২.৮০ | ০.০০ | ০ | ১২০.৭৫ | ৩০০ | ৮.০৫ | ২০ |
| ৩২৩১৩০১ | ৪৮৪০ | ৬) সোলার প্যানেল টেকনিক্যাল কোর্স/ ইলেক্টিক্যাল ইন্সটলেশন এন্ড মেইনটেইন্যান্স/ ফুড প্রসেসিং এন্ড কোয়ালিটি কন্ট্রোল/ সার্টিফিকেট-ইন-বিউটিফিকেশন/ টাইল ওয়ার্ক/ ম্যাশিনারি/ প্রিন্টিং/ কেয়ার গেইনিং বেকিং (ব্রেড আন্ড বিস্কুট)/ ডোমেস্টিক ওয়ার্কার/ টিম্বার / সিকিউরিটি গার্ড। | ১৩২০ | ৫৩১.৩০ | ০.০০ | ০ | ৯৬.৬০ | ২৪০ | ৮.০৫ | ২০ |
| ৩২৩১৩০১ | ৪৮৪০ | বিদেশে প্রশিক্ষণ/অধ্যয়ন ভ্রমণ (৫-৭দিন) | ৩০ | ৮০.০০ | ০.০০ | ০ | ০.০০ | ০ | ০.০০ | ০ |
| ৩২৩১৩০১ | ৪৮৪০ | মাসিক যৌথ সভা এবং সহযোগীদের জন্য ই-প্রশিক্ষণ (১দিন) | ৫৯২১৫৪ | ২,৬৭৬.০৭ | ৯৮৬.৫৫ | ২৭৮৯৬৯ | ৪২৫.৬৩ | ৯১৭০০ | ১৮০.৩৮ | ৫০৪৯৪ |
| সাবটোটাল ট্রেনিং | | | **৬৬৮২৩০** | **১৬,২৯৯.৫৯** | **১,৬৬১.৮০** | **৩১৮৪১৮** | **১,৯৬৫.৪০** | **৯৭৯৬৭** | **৮৫৩.৮৯** | **৫৩৪৪৮** |
| ৩২১১১০১ | ৪৮৪৭ | পুরস্কার | ০ | ২৫.০০ | ০.০০ | ০ | ৮.৪০ | ০ | ০.০০ | ০ |
| ৩২১১১০৬ | ৪৮৪৫ | বিনোদনের খরচ | ০ | ২৫.০০ | ৩.৫৮ | ০ | ৬.৮০ | ০ | ১.৪১ | ০ |

| অর্থনৈতিক কোড | | খাতের বিবরণ | পরিমাণ | প্রাক্কলিত ব্যয় (লক্ষ টাকায়) | গত জুন পর্যন্ত অর্জন | | চলতি বছরের লক্ষ্য | | এপ্রিল ২০২২ পর্যন্ত অগ্রগতি | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| আইবিইউএস | ওএলডি | | | | আর্থিক (লক্ষ টাকায়) | বাস্তব উপাদানের) (% | আর্থিক (লক্ষ টাকায়) | বাস্তব উপাদানের) (% | আর্থিক (লক্ষ টাকায়) | বাস্তব উপাদানের) (% |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ |
| ৩২১১১০৯ | | সমন্বিত বেতন (সরকারি কর্মচারী ব্যতীত) | ০ | ০.০০ | ০.০০ | ০ | ১.২০ | ১২৫ | ০.০০ | ০ |
| ৩২১১১১১ | ৪৮৪২ | সেমিনার এবং সম্মেলন | ২ | ৫.০০ | ০.০০ | ০ | ৩.৭৫ | ০ | ০.০০ | ০ |
| ৩২১১১১৩ | ৫৯৬১ | বিদ্যুৎ | ০ | ৪.২৭ | ১.২৯ | ০ | ০.৫৫ | ০ | ০.০৬ | ০ |
| ৩২১১১১৭ | ৪৮১৭ | টেলেক্স/ফ্যাক্স/ইন্টারনেট | ০ | ৩.১০ | ৩.৪৫ | ০ | ৩.১০ | ০ | ১.৭৮ | ০ |
| ৩২১১১১৯ | ৪৮১৫ | ডাক এবং কুরিয়ার | ০ | ৫.১৯ | ১.০৪ | ০ | ১.০৫ | ০ | ০.০৫ | ০ |
| ৩২১১১২০ | ৪৮১৬ | টেলিফোন/টেলিগ্রাম/টেলিপ্রিন্টার | ০ | ৯.২৭ | ১.৭৭ | ০ | ১.৭০ | ০ | ০.৩১ | ০ |
| ৩২১১১২৫ | ৪৮৩৩ | প্রকাশনা এবং বিজ্ঞাপন | ০ | ১৪.৫৩ | ৫.০৩ | ০ | ৩.৮০ | ০ | ০.০০ | ০ |
| ৩২১১১৩১ | | আউটসোর্সিং | ১০ | ১১৩.৪১ | ১৩.৪১ | ১০ | ২৮.৮০ | ১০ | ২১.৯০ | ১০ |
| ৩২২১১০৪ | ৪৮১৮ | নিবন্ধন ফি | ০ | ৩৩.৩৩ | ২৫.২৩ | ০ | ০.০০ | ০ | ০.০০ | ০ |
| ৩২২১১০৮ | ৪৮২৪ | বীমা ও ব্যাংক চার্জ | ০ | ১৬.১২ | ৩.৪৭ | ০ | ১.৮৫ | ০ | ০.৫০ | ০ |
| ৩২৪৪১০১ | ৪৮২৩ | পেট্রোল এবং লুব্রিক্যান্ট | ০ | ২২৯.৯০ | ৭৯.৯০ | ০ | ৫৯.৮০ | ০ | ৩১.১২ | ০ |
| ৩২৪৩১০১ | ৪৮০১ | ভ্রমণ ভাতা | ০ | ১০৩.৪৯ | ৩৩.৪৯ | ২ | ২৩.০০ | ০ | ৩.০০ | ০ |
| ৩২৪৪১০২ | ৪৮০২ | স্থানান্তর | ০ | ৪.৫০ | ০.৫৬ | ২ | ০.০০ | ০ | ০.০০ | ০ |
| ৩২৫৫১০১ | ৪৮৮৮ | কম্পিউটার আনুষাঙ্গিক | ০ | ৪০.০০ | ১৮.১৬ | ০ | ৬.৯৫ | ০ | ৩.৯৬ | ০ |
| ৩২৫৫১০২ | ৪৮২৭ | মুদ্রণ/প্রকাশনা এবং গবেষণা | ০ | ১৩.০০ | ৩.৯৩ | ০ | ৩.৬০ | ০ | ০.২৪ | ০ |
| ৩২৫৫১০৪ | ৪৮২৮ | স্টেশনারি সীল এবং স্ট্যাম্প | ০ | ৬৬.০০ | ২৬.৫৩ | ০ | ১৩.০০ | ০ | ৭.৫৭ | ০ |
| ৩২৫৫১০৫ | ৪৮৯৯ | অন্যান্য স্টেশনারি | ০ | ৫৩.৫৬ | ১৪.০৬ | ০ | ১৩.০০ | ০ | ৬.৮০ | ০ |
| ৩২৫৬১০৬ | ৪৮৩৬ | ইউনিফর্ম | ০ | ১.৪০ | ০.০০ | ০ | ০.০০ | ০ | ০.০০ | ০ |
| ৩২৫৭১০৩ | ৪৯২৯ | প্রকল্পের মূল্যায়ন | ০ | ০.০০ | ০.০০ | ০ | ১০.০০ | ০ | ০.০০ | ০ |
| ৩২৫৭১০৪ | ৪৮৮৬ | জরিপ: | | | | | | | | |
| | | ১) বেসলাইন জরিপ | ৫৭৬০ | ২৮৬.৯৯ | ২৮৬.৯৯ | ৫৭৬০ | ০.০০ | ০ | ০.০০ | ০ |
| | | ২) গ্রাম তথ্য বই | ৫৭৬০ | ২৮৮.০০ | ০.০০ | ০ | ২৮৮.০০ | ৫৭৬০ | ০.০০ | ০ |
| ৩২৫৭২০৬ | | সম্মানী/পারিশ্রমিক | ১০০৩৫ | ৭,৭১১.৬১ | ৫২৪.৪৭ | ০ | ২,৪৭৯.৮৮ | ৯২৩৭ | ১,৪০৮.৪৮ | ৮২৪৪ |
| উপ-মোট | | | **২১৫৬৭** | **৯,০৬২.৬৭** | **১,০৪৬.৩৬** | **৫৭৭৪** | **২,৯৫৮.২৩** | **১৫০০৭** | **১,৪৮৭.১৮** | **৮২৫৪** |
| ৩২৫৮১০১ | ৪৯০১ | মোটরযান | ০ | ৬০.০০ | ২৪.৪৮ | ০ | ১৪.০০ | ০ | ৭.৪৪ | ০ |
| ৩২৫৮১০২ | ৪৯০৬ | আসবাবপত্র | ০ | ১০.০০ | ৩.৭৭ | ০ | ১.৬০ | ০ | ০.৫৪ | ০ |
| ৩২৫৮১০৩ | ৪৯১১ | কম্পিউটার এবং অফিস সরঞ্জাম | ০ | ৪০.০০ | ১৭.৪৮ | ০ | ৭.৫০ | ০ | ২.৮১ | ০ |
| ৩২৫৮১০৫ | ৪৯১৬ | যন্ত্রপাতি ও সরঞ্জাম | ০ | ৮.১১ | ৩.১১ | ০ | ২.০০ | ০ | ০.৭৩ | ০ |
| ৩২৫৮১৪০ | | মোটর যানবাহন রক্ষণাবেক্ষণ | ০ | ১৮.২৫ | ৮.২৫ | ০ | ৩.০০ | ০ | ২.২৫ | ০ |

| অর্থনৈতিক কোড | | খাতের বিবরণ | পরিমাণ | প্রাক্কলিত ব্যয় (লক্ষ টাকায়) | গত জুন পর্যন্ত অর্জন | | চলতি বছরের লক্ষ্য | | এপ্রিল ২০২২ পর্যন্ত অগ্রগতি | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| আইবিইউএস | ওএলডি | | | | আর্থিক (লক্ষ টাকায়) | বাস্তব উপাদানের) (% | আর্থিক (লক্ষ টাকায়) | বাস্তব উপাদানের) (% | আর্থিক (লক্ষ টাকায়) | বাস্তব উপাদানের) (% |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ |
| | সর্ব মোট মেরামত | | **০** | **১৩৬.৩৬** | **৫৭.০৯** | **০** | **২৮.১০** | **০** | **১৩.৭৭** | **০** |
| | পণ্য ও পরিসেবার মোট ব্যবহার | | **৬৮৯৭৯৭** | **২৫,৪৬৮.৬২** | **২,৭৬৫.২৫** | **৩২৪১৯২** | **৪,৯৫১.৭৩** | **১১২৯৭৪** | **২,৩৫৪৮৪** | **৬১৭০২** |
| | মোট পুনরাবৃত্ত ব্যয় | | **৬৮৯৮০৮** | **২৯,৩৬৩.৪৫** | **৬,০৯১.৯২** | **৩৩২২৪৩** | **৫,০৯৮.০০** | **১১৩১০৩** | **২,৪৫১.৫২** | **৬১৮২৫** |
| ৪ | খ) মূলধন ব্যয় | | | | | | | | | |
| ৪১১২১০১ | ৬৮০৭ | জিপ | ১ | ৯০.৪৭ | ৯০.৪৭ | ১ | ০.০০ | ০ | ০.০০ | ০ |
| ৪১১২১০১ | ৬৮০৭ | ডবল কেবিন পিক-আপ | ৪ | ১৯০.২৪ | ১৯০.২৪ | ৪ | ০.০০ | ০ | ০.০০ | ০ |
| ৪১১২১০১ | ৬৮০৭ | মোটরসাইকেল | ৯৬ | ১৩৩.৬৪ | ১৩৩.৬৪ | ৯৬ | ০.০০ | ০ | ০.০০ | ০ |
| ৪১১২২০১ | ৬৮১৫ | ল্যাপটপ | ১০ | ৯.৫০ | ৩.৫০ | ৫ | ০.০০ | ০ | ০.০০ | ০ |
| ৪১১২২০১ | ৬৮১৫ | ডেস্কটপ | ১০১ | ৭২.৬৩ | ৬.৪৩ | ৯ | ০.০০ | ০ | ০.০০ | ০ |
| ৪১১২৩১৪ | ৬৮২১ | কম্পিউটার চেয়ার ও টেবিল | ১০১ | ১২.১২ | ০.৬০ | ৫ | ০.০০ | ০ | ০.০০ | ০ |
| ৪১১২৩১৪ | ৬৮২১ | আলমারি | ১০১ | ৩০.৩০ | ১.৫০ | ৫ | ০.০০ | ০ | ০.০০ | ০ |
| ৪১১২৩১৪ | ৬৮২১ | ফাইল ক্যাবিনেট | ১০১ | ২০.২০ | ১.০০ | ৫ | ০.০০ | ০ | ০.০০ | ০ |
| ৪১১২৩১৪ | ৬৮২১ | অফিস টেবিল | ১৯৩ | ২৮.৯৫ | ০.৬০ | ৪ | ০.০০ | ০ | ০.০০ | ০ |
| ৪১১২৩১৪ | ৬৮২১ | অফিস চেয়ার | ৫৮১ | ৪৬.৫০ | ০.৫৭ | ৭ | ০.০০ | ০ | ০.০০ | ০ |
| | | মোট মূলধন ব্যয় | **১২৮৯** | **৬৩৪.৫৫** | **৪২৮.৫৫** | **১৪১** | **০.০০** | **০** | **০.০০** | **০** |
| | | মোট আয়+মূলধন | ৬৯১০৯৭ | ২৯,৯৯৮.০০ | ৬,৫২০.৪৭ | ৩৩২৩৮৪ | ৫,০৯৮.০০ | ১১৩১০৩ | ২,৪৫১.৫২ | ৬১৮২৫ |
| | | গ)মূলধন ব্যয়ের প্রাইস কন্টিনজেন্সি | ০ | ০.০০ | ০.০০ | ০ | ০.০০ | ০ | ০.০০ | ০ |
| | | ঘা)মূলধন ব্যয়ের ফিজিক্যাল কন্টিনজেন্সি | ০ | ০.০০ | ০.০০ | ০ | ০.০০ | ০ | ০.০০ | ০ |
| | সর্বমোট (ক+খ+গ+ঘ) | | ৬৯১০৯৭ | ২৯,৯৯৮.০০ | ৬,৫২০.৪৭ | ৩৩২৩৮৪ | ৫,০৯৮.০০ | ১১৩১০৩ | ২,৪৫১.৫২ | ৬১৮২৫ |

**তথ্যসূত্র:** প্রকল্প পরিচালকের দপ্তর থেকে প্রাপ্ত আইএমইডি ০৫ ছক, এপ্রিল ২০২২।

প্রকল্পের একটি অন্যতম কার্যক্রম হল সমবায় গঠন। ‘সার্বিক গ্রাম উন্নয়ন কর্মসূচি (সিভিডিপি) -৩য় পর্যায়ের মোট ১০,০৩৫ টি সমবায় গঠনের লক্ষমাত্রা ছিল। তার মধ্যে এপ্রিল ২০২২ পর্যন্ত ৮৮৫৩টি সমবায় গঠিত হয়েছে। প্রকল্প দপ্তরের সঙ্গে আলোচনা করে জানা যায় যে, প্রকল্পের পূর্ববর্তী পর্যায়সমূহে গঠন হওয়া অনেক সমবায় সমিতিকে প্রকল্প দপ্তর প্রকল্প শুরুর সময় নিষ্ক্রিয় অবস্থায় পায়। সে অবস্থায় কোন কোন সমিতি পুনঃগঠন করতে হয় এবং কোন কোন ক্ষেত্রে সমিতির সদস্যদের আলাপ আলোচনার মাধ্যমে উৎসাহিত করে তা আবার সক্রিয় করা হয়েছে। উক্ত কার্যক্রমের বিপরীতে কোন অর্থ বরাদ্দ না থাকায় এ ক্ষেত্রে কোন আর্থিক অগ্রগতি প্রদর্শন সম্ভব হচ্ছে না।

প্রকল্পের আওতায় ২ প্রকারের প্রশিক্ষণ আছে। বিশেষ প্রশিক্ষণ এবং আইজিএ প্রশিক্ষণ। এপ্রিল ২০২২ পর্যন্ত এই ২ প্রকারের প্রশিক্ষণের অগ্রগতির চিত্র নিম্নরুপঃ

**বিশেষ প্রশিক্ষণ:**

- বিশেষ প্রশিক্ষণের আওতায় সমবায় ব্যবস্থাপনায় ২৯৪০ জনের প্রশিক্ষণের লক্ষ্যমাত্রার বিপরীতে ২৪৫৯ জনকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে (৮৩.৬৪%)। এক্ষেত্রে ৩২.০৬ লক্ষ টাকা বরাদ্দের বিপরীতে ২৭.০৬ লক্ষ টাকা ব্যয় হয়েছে (৮৪.৪০%)।
- সমবায় সমিতির হিসাব সংরক্ষণ ও আর্থিক ব্যবস্থাপনায় ২৮৮০ জনের প্রশিক্ষণের লক্ষ্যমাত্রার বিপরীতে ১৮০০ জনকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে (৬২.৫%)। এক্ষেত্রে ৩১.৬৮ লক্ষ টাকা বরাদ্দের বিপরীতে ১৯.৮ লক্ষ টাকা ব্যয় হয়েছে (৬২.৫%)।
- মৎস্য উন্নয়ন প্রশিক্ষণের আওতায় ২৫৮০ জনের প্রশিক্ষণের লক্ষ্যমাত্রার বিপরীতে ১৯৮০ জনকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে (৭৬.৭৪%)। এক্ষেত্রে ২৮.৩৮ লক্ষ টাকা বরাদ্দের বিপরীতে ২১.৭৮ লক্ষ টাকা ব্যয় হয়েছে (৭৬.৭৪%)।
- কৃষি উন্নয়ন প্রশিক্ষণের আওতায় ১৩৮০ জনের প্রশিক্ষণের লক্ষ্যমাত্রার বিপরীতে ৯৬০ জনকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে (৬৯.৫৭%)। এক্ষেত্রে ১৫.১৮ লক্ষ টাকা বরাদ্দের বিপরীতে ১০.৫৬ লক্ষ টাকা ব্যয় হয়েছে (৬৯.৫৭%)।
- পোলট্রি ও গবাদি পশু উন্নয়ন প্রশিক্ষণের আওতায় ২২৮০ জনের প্রশিক্ষণের লক্ষ্যমাত্রার বিপরীতে ১৫৬০ জনকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে (৬৮.৪২%)। এক্ষেত্রে ২৪.৪২ লক্ষ টাকা বরাদ্দের বিপরীতে ১৭.১৬ লক্ষ টাকা ব্যয় হয়েছে (৭০.২৭%)।
- ভার্মি কম্পোস্ট প্রশিক্ষণের আওতায় ৬০ জনের প্রশিক্ষণের লক্ষ্যমাত্রার বিপরীতে ৬০ জনকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে (১০০%)। এক্ষেত্রে ০.৬৬ লক্ষ টাকা বরাদ্দের বিপরীতে ০.৬৬ লক্ষ টাকা ব্যয় হয়েছে (১০০%)।

**আইজিএ প্রশিক্ষণ:**

- টেইলরিং ও গার্মেন্টস এ প্রশিক্ষণের ক্ষেত্রে ১১২৮০ জনের প্রশিক্ষণের লক্ষ্যমাত্রার বিপরীতে ১৮৭৯ জন প্রশিক্ষণ অর্জন করেছেন (১৬.৬৬%)। এক্ষেত্রে ৪২১৬.৬৩ লক্ষ টাকা বরাদ্দের বিপরীতে ৪৫২.৩৮ লক্ষ টাকা ব্যয় হয়েছে (১০.৭৩%)।
- ইলেকট্রনিক্স/ইলেকট্রিকাল/কম্পিউটার/আইসিটি/ইলেক্ট্রিকাল লাইন মেইন্টেইন্যান্স/ইলেক্ট্রিকাল হাউজ ওয়্যারিং/জেনারেল ইলেক্ট্রিসিটি ইলেক্ট্রিশিয়ান/কম্পিউটার অপারেটর/আইটি সাপোর্ট টেকনিশিয়ান প্রশিক্ষণের ক্ষেত্রে ১৫৭৮০ জনের প্রশিক্ষণের লক্ষ্যমাত্রার বিপরীতে ১৯৭৪ জন প্রশিক্ষণ অর্জন করেছেন (১২.৫১%)। এক্ষেত্রে ৫,৯৮১.৫৫ লক্ষ টাকা বরাদ্দের বিপরীতে ৪৩৩.৯ লক্ষ টাকা ব্যয় হয়েছে (৭.২৫%)।

- প্লাম্বিং ও পাইপ ফিটিং প্রশিক্ষণের ক্ষেত্রে ২৮৬০ জনের প্রশিক্ষণের লক্ষ্যমাত্রার বিপরীতে ৮৭৯ জন প্রশিক্ষণ অর্জন করেছেন। এক্ষেত্রে ৯৮৯.৬৫ লক্ষ টাকা বরাদ্দের বিপরীতে ১৯২.৫৫ লক্ষ টাকা ব্যয় হয়েছে।
- মোটর ড্রাভিং/অটমোটিভ ও ড্রাইভিং মেশিন/স্পেশাল ওয়েল্ডিং প্রশিক্ষণের ক্ষেত্রে ১৯৪০ জনের প্রশিক্ষণের লক্ষ্যমাত্রার বিপরীতে ১০০ জন প্রশিক্ষণ অর্জন করেছেন। এক্ষেত্রে ৭৬৮.১০ লক্ষ টাকা বরাদ্দের বিপরীতে ২৭.৫ লক্ষ টাকা ব্যয় হয়েছে।
- মোটরসাইকেল ও থ্রী হুইলার রিপেয়ার/মোটরসাইকেল সার্ভিসিং/মোবাইল ফোন সার্ভিসিং/গ্রাফিক্স ডিজাইন ও মাল্টিমিডিয়া প্রোগামিং/ওয়েব ডিজাইন ও ডেভোলপমেন্ট/অটমোটিভ ও ড্রাইভিং মেশিন/ইডাস্ট্রিয়াল সুইং মেশিন অপারেটর ও মেইনটেইনেন্স প্রশিক্ষণের ক্ষেত্রে ১৯২০ জনের প্রশিক্ষণের লক্ষ্যমাত্রার বিপরীতে মাত্র ২০ জন প্রশিক্ষণ গ্রহণ করেছেন। এক্ষেত্রে ৭৭২.৮০ লক্ষ টাকা বরাদ্দের বিপরীতে ৮.০৫ লক্ষ টাকা ব্যয় হয়েছে।
- সোলার প্যানেল টেকনিক্যাল কোর্স/ইলেক্টিক্যাল ইন্সটলেশন এন্ড মেইনটেইন্যান্স/ফুড প্রসেসিং এন্ড কোয়ালিটি কন্ট্রোল/ সার্টিফিকেট-ইন-বিউটিফিকেশন প্রশিক্ষণের ক্ষেত্রে ১৩২০ জনের প্রশিক্ষণের লক্ষ্যমাত্রার বিপরীতে অর্জন মাত্র ২০। এক্ষেত্রে ৫৩১.৩০ লক্ষ টাকা বরাদ্দের বিপরীতে ৮.০৫ লক্ষ টাকা ব্যয় হয়েছে।

প্রকল্প পরিচালকের দপ্তর থেকে প্রাপ্ত সর্বশেষ তথ্য মতে এপ্রিল ২০২২ পর্যন্ত প্রকল্পের বাস্তব অগ্রগতি হয়েছে প্রায় ৫৬.৫% এবং আর্থিক অগ্রগতি হয়েছে প্রায় ৩০%।

## ৩.৩ ক্রয় কার্যক্রম পর্যালোচনা

প্রকল্পটির আরডিপিপিতে ব্যয় বরাদ্দ রয়েছে ২৯৯.৯৮ কোটি টাকা যার সম্পূর্ণ অর্থই জিওবি অর্থায়নে হচ্ছে। প্রকল্পের শুরুতেই প্রকল্প এবং সরকারের ব্যয় পরিকল্পনার সাথে সামঞ্জস্য রেখে একটি ক্রয় পরিকল্পনা প্রণয়ন করা হয়, যা পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ কর্তৃক অনুমোদিত হয়েছে। প্রকল্পের আওতায় ক্রয়কৃত বিভিন্ন পণ্য, কার্য ও সেবা সরকারের ক্রয় নীতিমালা অনুসরণপূর্বক হয়েছে। প্রতিটি ক্ষেত্রে পিপিআর ২০০৮ এর বিধি-বিধান অনুসরণ করা হয়েছে। প্রকল্পের আওতায় সংগৃহীত বড় আকারের ক্রয় কার্যক্রমের মধ্যে প্রকল্প পরিচালকের দপ্তরের জন্য জিপ ক্রয় এবং ৪টি সংস্থার উপ-প্রকল্প পরিচালকের দপ্তরের জন্য ডাবল কেবিন পিক-আপ ও সংস্থার মাঠ পর্যায়ে কার্যক্রমের জন্য মোটর সাইকেল ক্রয় উল্লেখযোগ্য। এ সকল ক্রয়কৃত যানবাহনের ক্রয় প্রক্রিয়া পর্যালোচনা করা হয়েছে এবং উক্ত যানবাহন ছাড়াও উক্ত প্রকল্পের আওতায় যেসব অন্যান্য পণ্য ক্রয় করা হয়েছে তা কোন কোন দপ্তর কার অধীনে ব্যবহার হচ্ছে তার তথ্য সংগ্রহ করে প্রতিবেদনে অন্তর্ভুক্ত করা হয়েছে।

## ৩.৪ পণ্য ক্রয় সংক্রান্ত পর্যালোচনা

**প্রকল্প পরিচালকের দপ্তর, ঢাকা**

| প্যাকেজ নং | ডিপিপি/টিপিপি অনুযয়ী ক্রয়ের জন্য প্যাকেজের বর্ণনা (পণ্য) | একক | পরিমাণ | ক্রয় পদ্ধতি এবং ধরন | ক্রয় অনুমোদন কারী কর্তৃপক্ষ | অর্থের উৎস | প্রাক্কলিত ব্যয় (লক্ষ টাকায়) | প্রকৃত ব্যয় (লক্ষ টাকায়) | সম্ভাব্য তারিখ | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | দরপত্র আহবান | চুক্তি স্বাক্ষর | চুক্তি অনুযায়ী সম্পাদনের শেষ তারিখ |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ |
| জিডি-১ | জিপ | টি | ০১ | ডিপিএম | পিডি | জিওবি | ৯২.০০ | ৯০.৪৭ | জানুয়ারি, ২০১৮ | মার্চ, ২০১৮ | জুন, ২০১৮ |

**জিডি-১, জিপ:**

প্রকল্প পরিচালকের দপ্তরের জন্য জিপ গাড়ি ডাইরেক্ট টেন্ডারিং মেথড (ডিপিএম) এর মাধ্যমে ৯২ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ের বিপরীতে ৯০.৪৭ লক্ষ টাকায় সরকারি প্রতিষ্ঠান প্রগতি মোটরস থেকে জিপ ক্রয় করা হয় যা পিপিআর ২০০৮ অনুযায়ী সঠিক ছিল। ডাইরেক্ট টেন্ডারিং মেথড হওয়ায় এক্ষেত্রে কোন দরপত্র প্রক্রিয়াকরণ, পত্রিকায় বিজ্ঞপ্তি প্রকাশ, মূল্যায়ন কমিটি গঠন ইত্যাদি প্রয়োজন হয়নি। জিপ ক্রয়ের ক্ষেত্রে ওয়ারেন্টি ছিল এবং তা যথাযথ সময়ে সরবরাহ করা হয়েছে।

**প্রকল্প পরিচালকের দপ্তরের সংগৃহীত পণ্যের ব্যবহার**

| মালামালের নাম | একক | সংখ্যা | ব্যবহারকারী |
|---|---|---|---|
| জিপ | টি | ০১ | প্রকল্প পরিচালক |
| ল্যাপটপ | টি | ০১ | প্রকল্প পরিচালক |
| কম্পিউটার (ডেস্কটপ) | টি | ০১ | উপ প্রকল্প পরিচালক |
| কম্পিউটার চেয়ার ও টেবিল | টি | ০১ | প্রকল্প দপ্তর |
| আলমারি | টি | ০১ | প্রকল্প দপ্তর |
| ফাইল কেবিনেট | টি | ০১ | প্রকল্প দপ্তর |
| অফিস টেবিল | টি | ০১ | প্রকল্প দপ্তর |
| অফিস চেয়ার | টি | ০১ | প্রকল্প দপ্তর |

**সমবায় অধিদপ্তর, ঢাকা**

| প্যাকেজ নং | ডিপিপি/টিপিপি অনুযায়ী ক্রয়ের জন্য প্যাকেজের বর্ণনা (পণ্য) | একক | পরিমাণ | ক্রয় পদ্ধতি এবং ধরন | ক্রয় অনুমোদনকারী কর্তৃপক্ষ | অর্থের উৎস | প্রাক্কলিত ব্যয় (লক্ষ টাকায়) | প্রকৃত ব্যয় (লক্ষ টাকায়) | সম্ভাব্য তারিখ | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | দরপত্র আহবান | চুক্তি স্বাক্ষর | চুক্তি অনুযায়ী সম্পাদনের শেষ তারিখ |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ |
| জিডি-১ | ডাবল কেবিন পিক-আপ | টি | ০১ | ডিপিএম | পিডি | জিওবি | ৫৫.০০ | ৪৭.৫৬ | জানুয়ারি, ২০১৮ | মার্চ, ২০১৮ | জুন, ২০১৮ |
| জিডি-২ | মোটর সাইকেল | টি | ২৯ | ডিপিএম | পিডি | জিওবি | ৫২.২০ | ৪০.৩৮ | জানুয়ারি, ২০১৮ | মার্চ, ২০১৮ | জুন, ২০১৮ |

**জিডি-১-ডাবল কেবিন পিক-আপ**

সমবায় অধিদপ্তর, ঢাকার উপ প্রকল্প পরিচালকের দপ্তরের জন্য ডাবল কেবিন পিক-আপ গাড়ি ডাইরেক্ট টেন্ডারিং মেথড এর মাধ্যমে ৫৫ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ের বিপরীতে ৪৭.৫৬ লক্ষ টাকায় সরকারি প্রতিষ্ঠান প্রগতি মোটরস থেকে ক্রয় করা হয় যা পিপিআর ২০০৮ অনুযায়ী সঠিক ছিল। ডাইরেক্ট টেন্ডারিং মেথড হওয়ায় এক্ষেত্রে কোন দরপত্র প্রক্রিয়াকরণ, পত্রিকায় বিজ্ঞপ্তি প্রকাশ, মূল্যায়ন কমিটি গঠন ইত্যাদি প্রয়োজন হয়নি। ডাবল কেবিন পিক-আপ ক্রয়ের ক্ষেত্রে ওয়ারেন্টি ছিল এবং তা যথাসময়ে সরবরাহ করা হয়েছে।

**জিডি-২, মোটর সাইকেল**

সহকারী প্রকল্প পরিচালকের দপ্তরের জন্য ২৯টি মোটর সাইকেল ডাইরেক্ট টেন্ডারিং মেথড এর মাধ্যমে ৫২.২০ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ের বিপরীতে ৪০.৩৮ লক্ষ টাকায় সরকারি প্রতিষ্ঠান এটলাস বাংলা মোটরস থেকে ক্রয় করা হয় যা পিপিআর ২০০৮ অনুযায়ী সঠিক ছিল। ডাইরেক্ট টেন্ডারিং মেথড হওয়ায় এক্ষেত্রে কোন দরপত্র প্রক্রিয়াকরণ, পত্রিকায় বিজ্ঞপ্তি প্রকাশ, মূল্যায়ন কমিটি গঠন ইত্যাদি প্রয়োজন হয়নি।

**সমবায় অধিদপ্তরের সংগৃহীত পণ্যের ব্যবহার**

প্রকল্পের আওতায় সংগৃহীত বিভিন্ন পণ্য ক্রয়ের পূর্বে যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক যাচাই করা হয়েছে। সংশোধিত ডিপিপি অনুযায়ী প্রকল্পের জন্য নিম্ন বর্ণিত প্রদত্ত পণ্য ক্রয়/সংগ্রহ করা হয়েছে। বিস্তারিত নিম্নে দেওয়া হয়েছে।

১) Mitsubishi L-২০০ Double Cabin Pick-up = ১টি (ব্যবহারকারী- উপ প্রকল্প পরিচালক; ১ জন)
২) Motor Cycle = ২৯টি (ব্যবহারকারী- সহকারী প্রকল্প পরিচালকগণ; ২৯ জন)
৩) Computer= ২টি (ব্যবহারকারী- উপ প্রকল্প পরিচালকের দপ্তরে ১টি, সহকারী প্রকল্প পরিচালকের দপ্তরে ১টি)
৪) Laptop= ১টি (ব্যবহারকারী- উপ প্রকল্প পরিচালকের দপ্তরে ১টি)
৫) Furniture = ৫টি (ব্যবহারকারী- উপ প্রকল্প পরিচালকের দপ্তরে ৪টি, সহকারী প্রকল্প পরিচালকের দপ্তরে ১টি))

**বিআরডিবি, ঢাকা**

| প্যাকেজ নং | ডিপিপি/টিপিপি অনুযয়ী ক্রয়ের জন্য প্যাকেজের বর্ণনা (পণ্য) | একক | পরিমাণ | ক্রয় পদ্ধতি এবং ধরন | ক্রয় অনুমোদনকারী কর্তৃপক্ষ | অর্থের উৎস | প্রাক্কলিত ব্যয় (লক্ষ টাকায়) | প্রকৃত ব্যয় (লক্ষ টাকায়) | সম্ভাব্য তারিখ | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | দরপত্র আহবান | চুক্তি স্বাক্ষর | চুক্তি অনুযায়ী সম্পাদনের শেষ তারিখ |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ |
| জিডি-১ | ডাবল কেবিন পিক-আপ | টি | ০১ | ডিপিএম | পিডি | জিওবি | ৫৫.০০ | ৪৭.৫৬ | জানুয়ারি, ২০১৮ | মার্চ, ২০১৮ | জুন, ২০১৮ |
| জিডি-২ | মোটর সাইকেল | টি | ২৯ | ডিপিএম | পিডি | জিওবি | ৫২.২০ | ৪০.৩৮ | জানুয়ারি, ২০১৮ | মার্চ, ২০১৮ | জুন, ২০১৮ |

**জিডি-১-ডাবল কেবিন পিক-আপ**

বিআরডিবি, ঢাকার উপ প্রকল্প পরিচালকের দপ্তরের জন্য ডাবল কেবিন পিক-আপ গাড়ি ডাইরেক্ট টেন্ডারিং মেথড এর মাধ্যমে ৫৫ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ের বিপরীতে ৪৭.৫৬ লক্ষ টাকায় সরকারি প্রতিষ্ঠান প্রগতি মোটরস থেকে ক্রয় করা হয় যা পিপিআর ২০০৮ অনুযায়ী সঠিক ছিল। ডাইরেক্ট টেন্ডারিং মেথড হওয়ায় এক্ষেত্রে কোন দরপত্র প্রক্রিয়াকরণ, পত্রিকায় বিজ্ঞপ্তি প্রকাশ, মূল্যায়ন কমিটি গঠন ইত্যাদির প্রয়োজন হয়নি। ডাবল কেবিন পিক-আপ ক্রয়ের ক্ষেত্রে ওয়ারেন্টি ছিল এবং তা যথাসময়ে সরবরাহ করা হয়েছে।

**জিডি-২, মোটর সাইকেল**

সহকারী প্রকল্প পরিচালকের দপ্তরের জন্য ২৯টি মোটর সাইকেল ডাইরেক্ট টেন্ডারিং মেথড এর মাধ্যমে ৫২.২০ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ের বিপরীতে ৪০.৩৮ লক্ষ টাকায় সরকারি প্রতিষ্ঠান এটলাস বাংলা মোটরস থেকে ক্রয় করা হয় যা পিপিআর ২০০৮ অনুযায়ী সঠিক ছিল। ডাইরেক্ট টেন্ডারিং মেথড হওয়ায় এক্ষেত্রে কোন দরপত্র প্রক্রিয়াকরণ, পত্রিকায় বিজ্ঞপ্তি প্রকাশ, মূল্যায়ন কমিটি গঠন ইত্যাদির প্রয়োজন হয়নি। মোটর সাইকেল ক্রয়ের ক্ষেত্রে ওয়ারেন্টি ছিল এবং তা যথাসময়ে সরবরাহ করা হয়েছে।

**বিআরডিবি'র সংগৃহীত পণ্যের ব্যবহার**
**প্রকল্পের আওতায় সংগৃহীত পণ্য ক্রয়ের পূর্বে যথাযথ কর্তৃপক্ষের নিকট হতে অনুমোদন গ্রহন করা হয়েছে।**

**ডিপিপি অনুযায়ী নিম্নবর্ণিত পণ্য ক্রয়/সংগ্রহ করা হয়েছে:**

**ডাবল কেবিন পিকআপ-০১ টি** (ব্যবহারকারী-উপ প্রকল্প পরিচালক, সিভিডিপি-৩য় পর্যায়, বিআরডিবি, ঢাকা)
**মোটর সাইকেল-২৯ টি** (ব্যবহারকারী-২৯ উপজেলার সিভিডিপি-৩য় পর্যায়, বিআরডিবি অংশের সহকারী প্রকল্প পরিচালকগণ)।
**আসবাবপত্র - ৪ টি,** যথা : আলমারী-১টি, ফাইল কিবিনেট-১টি, কম্পিউটার চেয়ার টেবিল-১টি, অফিস টেবিল-১টি (ব্যবহারকারী- উপ প্রকল্প পরিচালক এর দপ্তর, সিভিডিপি-৩য় পর্যায়, বিআরডিবি, ঢাকা)।
**কম্পিউটার -৩ টি,** যথা : ডেস্কটপ-২টি, ল্যাপটপ-১টি (ব্যবহারকারী- উপ প্রকল্প পরিচালক এর দপ্তর, সিভিডিপি-৩য় পর্যায়,

**আরডিএ, বগুড়া**

| প্যাকেজ নং | ডিপিপি/টিপিপি অনুযায়ী ক্রয়ের জন্য প্যাকেজের বর্ণনা (পণ্য) | একক | পরিমাণ | ক্রয় পদ্ধতি এবং ধরন | ক্রয় অনুমোদনকারী কর্তৃপক্ষ | অর্থের উৎস | প্রাক্কলিত ব্যয় (লক্ষ টাকায়) | প্রকৃত ব্যয় (লক্ষ টাকায়) | সম্ভাব্য তারিখ | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | দরপত্র আহবান | চুক্তি স্বাক্ষর | চুক্তি অনুযায়ী সম্পাদনের শেষ তারিখ |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ |
| জিডি-১ | ডাবল কেবিন পিক-আপ | টি | ০১ | ডিপিএম | পিডি | জিওবি | ৫৫.০০ | ৪৭.৫৬ | জানুয়ারি, ২০১৮ | মার্চ, ২০১৮ | জুন, ২০১৮ |
| জিডি-২ | মোটর সাইকেল | টি | ১৯ | ডিপিএম | পিডি | জিওবি | ৩৪.২০ | ২৬.৫৩ | জানুয়ারি, ২০১৮ | মার্চ, ২০১৮ | জুন, ২০১৮ |

**জিডি-১-ডাবল কেবিন পিক-আপ**
আরডিএ, বগুড়ার উপ প্রকল্প পরিচালকের দপ্তরের জন্য ডাবল কেবিন পিক-আপ গাড়ি ডাইরেক্ট টেন্ডারিং মেথড এর মাধ্যমে ৫৫ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ের বিপরীতে ৪৭.৫৬ লক্ষ টাকায় সরকারি প্রতিষ্ঠান প্রগতি মোটরস থেকে ক্রয় করা হয় যা পিপিআর ২০০৮ অনুযায়ী সঠিক ছিল। ডাইরেক্ট টেন্ডারিং মেথড হওয়ায় এক্ষেত্রে কোন দরপত্র আহ্বান, পত্রিকায় বিজ্ঞপ্তি প্রকাশ, মূল্যায়ন কমিটি গঠন ইত্যাদি প্রয়োজন হয়নি। ডাবল কেবিন পিক-আপ ক্রয়ের ক্ষেত্রে ওয়ারেন্টি ছিল এবং তা যথাসময়ে সরবরাহ করা হয়েছে।

**জিডি-২, মোটর সাইকেল**
সহকারী প্রকল্প পরিচালকের দপ্তরের জন্য ১৯টি মোটর সাইকেল ক্রয়ের জন্য ডাইরেক্ট টেন্ডারিং মেথড এর মাধ্যমে ৩৪.২০ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ের বিপরীতে ২৬.৫৩ লক্ষ টাকায় সরকারি প্রতিষ্ঠান এটলাস বাংলা মোটরস থেকে ক্রয় করা হয় যা পিপিআর ২০০৮ অনুযায়ী সঠিক ছিল। ডাইরেক্ট টেন্ডারিং মেথড হওয়ায় এক্ষেত্রে কোন দরপত্র আহ্বান, পত্রিকায় বিজ্ঞপ্তি প্রকাশ, মূল্যায়ন কমিটি গঠন ইত্যাদি প্রয়োজন হয়নি।

**আরডিএ বগুড়ার সংগৃহীত পণ্যের ব্যবহার**
প্রকলের আওতায় সংগৃহীত পণ্য ক্রয়ের পূর্বে যথাযথ কর্তৃপক্ষের নিকট হতে অনুমোদন গ্রহণ করা হয়েছে।
ডিপিপি অনুযায়ী নিম্নবর্ণিত পণ্য ক্রয়/সংগ্রহ করা হয়েছে :
**ডাবল কেবিন পিক-আপ-০১ টি** (ব্যবহারকারী- উপ প্রকল্প পরিচালক, সিভিডিপি-৩য় পর্যায়, আরডিএ, বগুড়া)
**মোটর সাইকেল-১৯ টি** (ব্যবহারকারী- উপজেলার সিভিডিপি-৩য় পর্যায়, আরডিএ, বগুড়া অংশের সহকারী প্রকল্প পরিচালকগণ)।
**আসবাবপত্র - ৬ টি,** যথা : আলমারী-১টি, ফাইল কেবিনেট-১টি, কম্পিউটার চেয়ার টেবিল-১টি, অফিসচেয়ার-৩টি, ব্যবহারকারী-উপ প্রকল্প পরিচালক, সিভিডিপি-৩য় পর্যায়, আরডিএ, বগুড়া)।

**কম্পিউটার -৩ টি**, যথা : ডেস্কটপ-২টি, ল্যাপটপ-১টি (ব্যবহারকারী-উপ প্রকল্প পরিচালক এর দপ্তর, সিভিডিপি-৩য় পর্যায়, আরডিএ, বগুড়া)

উপরোল্লিখিত পণ্যগুলি প্রকল্পের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাগণ কর্তৃক প্রকল্পের কাজ তদারকির জন্য ব্যবহৃত হচ্ছে। পণ্যগুলো ২০১৯ সালে প্রদত্ত ব্রান্ড ও স্পেসিফিকেশন অনুসারে ক্রয় করা হয়েছে।

**বার্ড, কুমিল্লা**

| প্যাকেজ নং | ডিপিপি/টিপিপি অনুযায়ী ক্রয়ের জন্য প্যাকেজের বর্ণনা (পণ্য) | একক | পরিমাণ | ক্রয় পদ্ধতি এবং ধরন | ক্রয় অনুমোদনকারী কর্তৃপক্ষ | অর্থের উৎস | প্রাক্কলিত ব্যয় (লক্ষ টাকায়) | প্রকৃত ব্যয় (লক্ষ টাকায়) | সম্ভাব্য তারিখ | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | দরপত্র আহবান | চুক্তি স্বাক্ষর | চুক্তি অনুযায়ী সম্পাদনের শেষ তারিখ |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ |
| জিডি-১ | ডাবল কেবিন পিক-আপ | টি | ০১ | ডিপিএম | পিডি | জিওবি | ৫৫.০০ | ৪৭.৫৬ | জানুয়ারি, ২০১৮ | মার্চ, ২০১৮ | জুন, ২০১৮ |
| জিডি-২ | মোটর সাইকেল | টি | ১৯ | ডিপিএম | পিডি | জিওবি | ৩৪.২০ | ২৬.৫৩ | জানুয়ারি, ২০১৮ | মার্চ, ২০১৮ | জুন, ২০১৮ |

**জিডি-১-ডাবল কেবিন পিক-আপ**

বার্ড, কুমিল্লার উপ প্রকল্প পরিচালকের দপ্তরের জন্য ডাবল কেবিন পিক-আপ গাড়ি ডাইরেক্ট টেন্ডারিং মেথড এর মাধ্যমে ৫৫ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ের বিপরীতে ৪৭.৫৬ লক্ষ টাকায় সরকারি প্রতিষ্ঠান প্রগতি মোটরস থেকে ক্রয় করা হয় যা পিপিআর ২০০৮ অনুযায়ী সঠিক ছিল। ডাইরেক্ট টেন্ডারিং মেথড হওয়ায় এক্ষেত্রে কোন দরপত্র আহ্বান, পত্রিকায় বিজ্ঞপ্তি প্রকাশ, মূল্যায়ন কমিটি গঠন ইত্যাদি প্রয়োজন হয়নি। ডাবল কেবিন পিক-আপ ক্রয়ের ক্ষেত্রে ওয়ারেন্টি ছিল এবং তা যথাযথ সময়ে সরবরাহ করা হয়েছে।

**জিডি-২, মোটর সাইকেল**

সহকারী প্রকল্প পরিচালকের দপ্তরের জন্য ১৯টি মোটর সাইকেল ক্রয়ের জন্য ডাইরেক্ট টেন্ডারিং মেথড এর মাধ্যমে ৩৪.২০ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ের বিপরীতে ২৬.৫৩ লক্ষ টাকার সরকারি প্রতিষ্ঠান এটলাস বাংলা মোটরস থেকে ক্রয় করা হয় যা পিপিআর ২০০৮ অনুযায়ী সঠিক ছিল। ডাইরেক্ট টেন্ডারিং মেথড হওয়ায় এক্ষেত্রে কোন দরপত্র আহ্বান, পত্রিকায় বিজ্ঞপ্তি প্রকাশ, মূল্যায়ন কমিটি গঠন ইত্যাদি প্রয়োজন হয়নি।

প্রকল্পের আওতায় সংগৃহীত বিভিন্ন পণ্য ক্রয়ের পূর্বে যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক যাচাই করা হয়েছে। সংশোধিত ডিপিপি অনুযায়ী প্রকল্পের জন্য নিম্ন বর্ণিত প্রদত্ত পণ্য ক্রয়/সংগ্রহ করা হয়েছে। বিস্তারিত নিম্নে দেওয়া হয়েছে।

১। Mitsubishi L-২০০ Double Cabin Pick-up = ১টি (ব্যবহারকারী- উপ প্রকল্প পরিচালক; ১ জন)

২। Motor Cycle = ১৯টি (ব্যবহারকারী- সহকারী প্রকল্প পরিচালকগণ; ১৯ জন)

৩। Computer= ৩টি (ব্যবহারকারী- উপ প্রকল্প পরিচালকের দপ্তরে ২টি, সহকারী প্রকল্প পরিচালকের দপ্তরে ১টি)

৪। Furniture= ৫টি (উপ প্রকল্প পরিচালকের দপ্তরে ব্যবহার হচ্ছে)

## ৩.৫ অডিট পর্যালোচনা

চলমান প্রকল্পগুলো নিরীক্ষার জন্য সরকারের নিরীক্ষা দপ্তর প্রকল্পগুলো নিরীক্ষা করে আপত্তিসহ সরকারকে প্রতিবেদন প্রদান করে থাকে। বর্ণিত প্রকল্পের ক্ষেত্রেও একই নিয়ম প্রযোজ্য হলেও এক্ষেত্রে এখন পর্যন্ত কোন অডিট সম্পন্ন হয়নি। এই লক্ষ্যে প্রকল্প দপ্তর থেকে সংশ্লিষ্ট দপ্তরে পত্র প্রেরণ করে যোগাযোগ করা হলে সংশ্লিষ্ট দপ্তর থেকে একবার পরিদর্শন করে আংশিক তথ্য সংগ্রহ করা হলেও মোট ১৬২টি উপজেলার নিরীক্ষা করার মত সময় ও জনবল না থাকায় নিরীক্ষা আর সম্পন্ন করা

হয়নি। ২০২১-২০২২ অর্থবছর সমাপ্তির পর নিরীক্ষা সম্পাদনের লক্ষ্যে প্রকল্প দপ্তর পুনরায় নিরীক্ষা দপ্তরের সঙ্গে যোগাযোগ করবে বলে তাদের সাথে আলোচনা করে জানা যায়।

## ৩.৬ প্রকল্প পরিচালক সম্পর্কিত তথ্য

প্রকল্পটিতে এখন পর্যন্ত ২ জন প্রকল্প পরিচালক দায়িত্ব পালন করেছেন। তাঁর মধ্যে ২ জনই নিয়মিত দায়িত্বে ছিলেন। নিম্নের সারণীতে প্রকল্প পরিচালকের নাম, মূল দপ্তর ও পদবি, দায়িত্বকাল, দায়িত্বের ধরন (নিয়মিত/ অতিরিক্ত) দেওয়া হলো:

| প্রকল্প পরিচালকের নাম | মূল দপ্তর ও পদবি | দায়িত্বকাল | দায়িত্বের ধরন (নিয়মিত/ অতিরিক্ত) | একাধিক পদে অথবা একাধিক প্রকল্পের পরিচালক হিসেবে দায়িত্বপ্রাপ্ত কিনা | |
|---|---|---|---|---|---|
| | | | | হ্যাঁ / না | প্রকল্প সংখ্যা |
| মোঃ কামরুল হাসান খান (৬০১৯) | যুগ্মসচিব | ২৭-০৮-২০১৮ হতে ১৩-০২-২০২০ | নিয়মিত | না | - |
| ড. মোঃ আলফাজ হোসেন (৭৪৬৮) | অতিরিক্ত সচিব | ১৬-০২-২০২০ হতে অদ্যাবধি | নিয়মিত | না | - |

প্রকল্প পরিচালক পরিবর্তনের কারণে প্রকল্পের কার্যক্রম তেমনভাবে বাধাগ্রস্ত হয়নি। তবে, প্রকল্প শুরুর সময় থেকে ২৭-০৮-২০১৮ পর্যন্ত প্রকল্প পরিচালক নিয়োগ না হওয়ার কারণে প্রকল্প কার্যক্রম শুরু হতে বিলম্ব হয়েছে।

## ৩.৭ প্রকল্পের জনবল সংক্রান্ত

প্রকল্প বাস্তবায়নের লক্ষ্যে জনবল সংক্রান্ত যে অর্গানোগ্রাম অনুমোদন করা হয়েছিল তাতে মোট ৬১৩ জন জনবল ধরা হয়েছিল যার মধ্যে প্রকল্প পরিচালক ০১ জন, উপ প্রকল্প পরিচালক ৫ জন, সহকারী প্রকল্প পরিচালক ১৬২ জন, হিসাবরক্ষণ কর্মকর্তা ৫ জন, মাঠসংগঠক ২৫৮ জন, হিসাব সহকারী ৪ জন, অফিস সহকারী কাম কম্পিউটার অপারেটর ১৬৭ জন, ড্রাইভার ৫ জন, অফিস সহায়ক ৫ জন অন্যতম কিন্তু এর বিপরীতে সকল জনবল নিয়োগ দেওয়া সম্ভব হয়নি। মহামান্য হাইকোর্টে ২য় পর্যায় প্রকল্পের কর্মচারীগণ রিট মামলা করায় নিয়োগ কার্যক্রম বন্ধ ছিল বিধায় মাঠ পর্যায়ে প্রকল্পের কার্যক্রম বাধাগ্রস্ত হয়েছে। সীমিত জনবল নিয়ে প্রকল্প কার্যক্রম পরিচালিত হয়েছে। 'সার্বিক গ্রাম উন্নয়ন কর্মসূচি (সিভিডিপি)-২য় পর্যায়' সমাপ্ত প্রকল্পের কর্মকর্তা/কর্মচারী কর্তৃক মহামান্য আদালতে দায়েরকৃত মামলা নিষ্পত্তি না হওয়ায় আরডিপিপিতে মূল ডিপিপিতে প্রস্তাবিত জনবল বাতিল করা হয়েছে।

**সারণী ৩.৩: মূল ডিপিপি-তে বরাদ্দকৃত জনবল ও প্রকল্পের কর্মরত প্রকৃত জনবলের তুলনা**

| মূল ডিপিপি অনুযায়ী জনবলের পদবী | মূল ডিপিপি অনুযায়ী জনবলের সংখ্যা | বরাদ্দ জনবলের বিপরীতে প্রকল্পে প্রকৃত নিয়োগ |
|---|---|---|
| প্রকল্প পরিচালক | ০১ | ০১ |
| উপ প্রকল্প পরিচালক | ০৫ | ০৫ |
| সহকারী প্রকল্প পরিচালক | ১৬২ | ১৬২ |
| হিসাবরক্ষণ কর্মকর্তা | ৫ | ৪ |
| মাঠ সংগঠক | ২৫৮ | |
| হিসাব সহকারী | ০৪ | |
| অফিস সহকারী কাম কম্পিউটার অপারেটর | ১৬৭ | |
| ড্রাইভার | ০৫ | ০৫ |
| অফিস সহায়ক | ০৫ | ০৫ |

তথ্যসূত্র: প্রকল্পের ডিপিপি

## ৩.৮ PIC এবং PSC এর সভা সংক্রান্ত

প্রকল্প কার্যক্রম তদারকির ক্ষেত্রে PIC এবং PSC এর সভা অনুষ্ঠিত হয়েছে। প্রকল্পের ডিপিপি ও পরিকল্পনা কমিশনের পরিপত্র অনুযায়ী ২০২১ সালের ৩১ ডিসেম্বর পর্যন্ত প্রতি ৩ মাস অন্তর অন্তর একটি করে PIC এবং PSC সভা অনুষ্ঠানের বিধান রয়েছে। সে হিসাবে ২০২২ সালের মার্চ পর্যন্ত PSC এর ১৭টি এবং PIC এর ক্ষেত্রে বাস্তবায়নকারি ৪টি সংস্থার প্রতিটিতে ১৭টি করে মোট ৬৮টি সভা হওয়ার বিধান ছিল। তার বিপরীতে এখন পর্যন্ত মাত্র PIC এর ৬টি এবং PSC এর ৫টি সভা অনুষ্ঠিত হয়েছে। প্রকল্পের সংশোধিত ডিপিপিতেও ৩ মাস অন্তর অন্তর মূল ডিপিপি'র সমানহারে PSC এবং PIC এর সভা অনুষ্ঠানের বিধান রাখা হয়েছে। তবে PIC এবং PSC এর সভা নিয়মিত না হলেও প্রকল্পটি সংশ্লিষ্ট মন্ত্রণালয় ও বিভাগ কর্তৃক তদারকি করা হয়েছে।

| কমিটি | ২০১৮ | | ২০১৯ | | ২০২০ | | ২০২১ | | এপ্রিল ২০২২ পর্যন্ত | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | লক্ষ্যমাত্রা | অর্জন | লক্ষ্যমাত্রা | অর্জন | লক্ষ্যমাত্রা | অর্জন | লক্ষ্যমাত্রা | অর্জন | লক্ষ্যমাত্রা | অর্জন |
| PIC | ১৬ | ০ | ১৬ | ৩ | ১৬ | ৩ | ১৬ | ০ | ৪ | ০ |
| PSC | ৪ | ০ | ৪ | ১ | ৪ | ১ | ৪ | ২ | ১ | ১ |

**তথ্যসূত্র:** প্রকল্পের ডিপিপি ও প্রকল্প পরিচালকের দপ্তর

সার্বিক গ্রাম উন্নয়ন কর্মসূচি (সিভিডিপি)-৩য় পর্যায়" শীর্ষক প্রকল্পের বাস্তবায়নকারী সংস্থা কর্তৃক প্রকল্প বাস্তবায়ন কমিটির PIC (পিআইসি) সভার তারিখসমূহ:

| ক্রঃ নং | বাস্তবায়নকারী সংস্থা | পিআইসি সভা অনুষ্ঠানের তারিখ | মন্তব্য |
|---|---|---|---|
| ১। | "সার্বিক গ্রাম উন্নয়ন কর্মসূচি (সিভিডিপি)-৩য় পর্যায়" সমবায় অংশ | ১৯/০৯/২০১৯খ্রি. (১ম সভা) | মোট পিআইসি সভা অনুষ্ঠানের সংখ্যা ০৬(ছয়)টি। প্রায় সকল সভার সিদ্ধান্তই বাস্তবায়িত হয়েছে। |
| ২। | | ২১/১২/২০২০খ্রি. (২য় সভা) | |
| ৩। | "সার্বিক গ্রাম উন্নয়ন কর্মসূচি (সিভিডিপি)-৩য় পর্যায়", বিআরডিবি অংশ | ১৭/১০/২০১৯খ্রি. (১ম সভা) | |
| ৪। | "সার্বিক গ্রাম উন্নয়ন কর্মসূচি (সিভিডিপি)-৩য় পর্যায়" বার্ড অংশ | ১৪/১২/২০২০খ্রি. (১ম সভা) | |
| ৫। | "সার্বিক গ্রাম উন্নয়ন কর্মসূচি (সিভিডিপি)-৩য় পর্যায়" আরডিএ অংশ | ১৫/১০/২০১৯খ্রি. (১ম সভা) | |
| ৬। | | ১৭/১২/২০২০খ্রি. (২য় সভা) | |

**তথ্যসূত্র:** প্রকল্প পরিচালকের দপ্তর

সার্বিক গ্রাম উন্নয়ন কর্মসূচি (সিভিডিপি)-৩য় পর্যায়" শীর্ষক প্রকল্পের বাস্তবায়নকারী সংস্থা কর্তৃক প্রকল্প বাস্তবায়ন কমিটির PSC (পিএসসি) সভার তারিখসমূহ:

| ক্রঃ নং | সভা নং | পিআইসি সভা অনুষ্ঠানের তারিখ | মন্তব্য |
|---|---|---|---|
| ১। | PSC এর ১ম সভা | ০৯-০১-২০১৯ | মোট পিআইসি সভা অনুষ্ঠানের সংখ্যা ০৫(পাঁচ)টি। এর মধ্যে গত ০৫-০৪-২০২২ তারিখে অনুষ্ঠিত সভা ব্যতীত বাকি সকল সভার সিদ্ধান্ত বাস্তবায়িত হয়েছে। ০৫-০৪-২০২২ তারিখে অনুষ্ঠিত সভার সিদ্ধান্ত বাস্তবায়ন প্রক্রিয়াধীন আছে। |
| ২। | PSC এর ২য় সভা | ২৮-০১-২০২০ | |
| ৩। | PSC এর ৩য় সভা | ০৪-০১-২০২১ | |
| ৪। | PSC এর ৪র্থ সভা | ০৩-১১-২০২১ | |
| ৫। | PSC এর ৫ম সভা | ০৫-০৪-২০২২ | |

**তথ্যসূত্র:** প্রকল্প পরিচালকের দপ্তর

প্রকল্পের PIC এবং PSC এর সভাসমূহ যথাসময়ে অনুষ্ঠিত না হলেও যেসব সভা অনুষ্ঠিত হয়েছে তার সিদ্ধান্ত প্রকল্প কর্তৃপক্ষ কর্তৃক যথাযথভাবে বাস্তবায়িত হয়েছে।

নিম্নে ১টি দ্বিতীয় সর্বশেষ PIC ও দ্বিতীয় সর্বশেষ PSC সভার সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতির চেকলিস্ট দেওয়া হলো

১৪-১২-২০২০ তারিখে সার্বিক গ্রাম উন্নয়ন কর্মসূচি (সিভিডিপি) ৩য় পর্যায় (১ম সংশোধিত) শীর্ষক প্রকল্পের বার্ড, কুমিল্লা অংশের প্রকল্প বাস্তবায়ন কমিটির ১ম সভায় গৃহীত সিদ্ধান্তের অগ্রগতিঃ

| ক্র: নং | সভার সিদ্ধান্ত | বাস্তবায়ন অগ্রগতি |
|---|---|---|
| ১। | প্রকল্প প্রস্তাবনা ও প্রশাসনিক মন্ত্রণালয়ের নির্দেশনা অনুসরণে নিয়মিত ও যথাসময়ে পিআইসি সভা আয়োজনের সিদ্ধান্ত গ্রহণ করা হয়। | প্রকল্প বর্ধিতকরণের পর জুন মাসে ০১টি পিআইসি আয়োজন করার কথা থাকলেও করা হয়নি। |
| ২। | ক) কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র (টিটিসি) সমূহের সাথে দ্রুত যোগাযোগ পূর্বক আইজিএ প্রশিক্ষণ কার্যক্রম আরম্ভ করতে হবে। এ ক্ষেত্রে টিটিসি'সমূহের পাশাপাশি মানসম্পন্ন অন্যান্য প্রশিক্ষণ প্রতিষ্ঠানসমূহ থেকে প্রশিক্ষণ সহায়তা গ্রহণ করা যেতে পারে।<br>খ) মাসিক যৌথসভা ও ই-প্রশিক্ষণ উপজেলা পরিষদে না করে গ্রাম/ইউনিয়ন ভিত্তিক ক্লাস্টার যৌথসভা আয়োজনের বিষয়ে সিদ্ধান্ত প্রদান করা হয়।<br>গ) সংশোধিত প্রস্তাবনায় সুনির্দিষ্ট Work plan/Action plan সংযোজন পূর্বক প্রকল্পের অঙ্গাভিত্তিক অগ্রগতি ত্বরান্বিত করতে হবে। | ক) টিটিসি সমূহের পাশাপাশি মানসম্পন্ন অন্যান্য প্রশিক্ষণ প্রতিষ্ঠান (UCCEP, BRAC, TTTI, প্রভৃতি) প্রতিষ্ঠানে প্রশিক্ষণ আয়োজন করা হচ্ছে।<br>খ) সংশোধিত ডিপিপি অনুসরণে উপজেলা ভিত্তিক যৌথ সভা আয়োজন করা হচ্ছে।<br>গ) Work Plan অনুসরণে প্রশিক্ষণ ও অন্যান্য কার্যাদি সম্পন্ন করা হচ্ছে। |
| ৩। | ক) প্রকল্পের মেয়াদ প্রশাসনিক মন্ত্রণালয়ের মাধ্যমে ০১ (এক) বছর এবং পরবর্তীতে আইএমইডি'র সুপারিশক্রমে আরো ০১ (এক) বছর অর্থাৎ দুই ধাপে প্রকল্পের মেয়াদ ০২ (দুই) বছর বৃদ্ধি করতে হবে।<br>খ) ১৫% ব্যয় বৃদ্ধিপূর্বক ও অর্থ মন্ত্রণালয়ে সর্বশেষ পরিপত্রের অনুসরণে প্রশিক্ষণ কোর্সের বিভিন্ন খাতের ব্যয় বরাদ্দ যুক্তিযুক্ত করে পুর্নগঠিত প্রকল্প প্রস্তাবনা প্রস্তুত করতে হবে।<br>গ) সংশোধিত ডিপিপি'তে প্রস্তাবিত ট্রেডসমূহ সন্নিবেশ করতে হবে। পাশাপাশি গাড়ী চালনা বিষয়ক বিশেষ আয়বর্ধনমূলক প্রশিক্ষণ কোর্সটি ৩০ (ত্রিশ) দিনের স্থলে ৯০ (নব্বই) দিনের প্রস্তাবনা করতে হবে।<br>ঘ) সংশোধিত প্রকল্প প্রস্তাবনায় সমবায় অধিদপ্তরের বিভাগীয় ও জেলা পর্যায়ের কর্মকর্তাগণের প্রকল্প সংশ্লিষ্টতা ToR প্রয়োজনের নিরিখে স্পষ্ট করে উল্লেখ করতে হবে।<br>ঙ) প্রস্তাবিত পুনর্গঠিত ডিপিপি'তে গ্রামকর্মীর মাসিক সম্মানী ভাতা ৩০০০/- টাকা হারে নির্ধারণের সুপারিশ করা হয়। | ক) সংশোধিত প্রকল্পের মেয়াদ দুই বছরের জন্য বৃদ্ধি করা হয়েছে।<br>খ) প্রকল্প ব্যয় পূর্বের আর্থিক বরাদ্দের তুলনায় কম। ৩০১.০৫ কোটি টাকার স্থলে ২৯৯.৯৮ কোটি বাজেটে সম্পন্ন করা হচ্ছে। প্রকল্পের প্রশিক্ষণ ও অন্যান্য কার্যাদির ব্যয় প্রস্তাবনা অর্থ মন্ত্রণালয়ের সর্বশেষ জারিকৃত পরিপত্র অনুসরনে করা হয়েছে।<br>গ) সন্নিবেশিত হয়েছে। প্রশিক্ষণ কোর্স সমূহ ২ মাস (৩৬০ ঘন্টাকে কনডেন্স করে ৩১২ ঘন্টা) মেয়াদি করা হয়েছে।<br>ঘ) সংশোধিত প্রস্তাবনায় সুনির্দিষ্টভাবে ToR সন্নিবেশিত হয়নি। তবে উপজেলা সমবায় কর্মকর্তার ToR সন্নিবেশিত হয়েছে।<br>ঙ) পুনর্গঠিত ডিপিপিতে গ্রামকর্মীর মাসিক সম্মানী ভাতা ২৫০০/- টাকা হারে নির্ধারন করা হয়েছে। |

| ক্র: নং | সভার সিদ্ধান্ত | বাস্তবায়ন অগ্রগতি |
|---|---|---|
| ৪। | ক) প্রশাসনিক ও মামলাজনিত বিষয়সমূহ নিরসনপূর্বক জনবল নিয়োগে তড়িৎ পদক্ষেপ গ্রহণ করতে হবে। অন্যথায় অর্থ মন্ত্রণালয়ের সর্বশেষ আউটসোর্সিং সংক্রান্ত নির্দেশনা অনুসরণে আউটসোর্সিং প্রক্রিয়ায় জনবল নিয়োগের সম্ভাব্যতা খতিয়ে দেখতে হবে। | আউট সোর্সিং প্রক্রিয়ায় ড্রাইভার ও এমএলএস এর নিয়োগ দেওয়া হয়েছে। |
| ৫। | সংশোধিত ডিপিপিতে আউটসোর্সিংয়ের কোডসহ প্রকল্পের জন্য অপরিহার্য কোডসমূহ অর্ন্তভুক্তিকরণে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গ্রহণ করা হয়। | সংশোধিত ডিপিপিতে আউট সোর্সিং কোড সহ প্রকল্পের জন্য অপরিহার্য কোডসমূহ অন্তর্ভূক্তি করা হয়েছে। |

০৩-১১-২০২১ তারিখে অনুষ্ঠিত দ্বিতীয় PSC সভার সিদ্ধান্ত বাস্তবায়নের অগ্রগতি

| **ক্রঃ নং** | **স্টিয়ারিং কমিটির ৪র্থ সভায় গৃহীত সিদ্ধান্ত সমূহ** | **গৃহীত কার্যক্রম/অগ্রগতি** |
|---|---|---|
| ১ | প্রকল্প ব্যয় বৃদ্ধি না করে ডিপিপি সংশোধন করে মেয়াদ ০২ (দুই) বছর বৃদ্ধির সুপারিশ করা হয় | প্রকল্প ব্যয় বৃদ্ধি না করে ডিপিপি সংশোধন করে মেয়াদ ০২ (দুই) বৎসর বৃদ্ধি করা হয়েছে। |
| ২ | প্রকল্পের বিভিন্ন ট্রেডে আইজিএ প্রশিক্ষণ কোর্সের মেয়াদ বর্তমান ০১ মাসের পরিবর্তে এনএসডিএ/বিটিইবি এর কারিকুলাম/ গাইডলাইন (এনটিভিকিউএফ লেভেল-১) অনুযায়ী যৌক্তিকভাবে ০২ থেকে ০৩ মাসে উন্নিত করতে হবে। | প্রকল্পের বিভিন্ন ট্রেডে আইজিএ প্রশিক্ষণ কোর্সের মেয়াদ বর্তমান ০১ মাসের পরিবর্তে এনএসডিএ/বিটিইবি এর কারিকুলাম /গাইডলাইন (এনটিভিকিউএফ লেভেল-১) অনুযায়ী যৌক্তিকভাবে ০২ মাসে উন্নিত করে ডিপিপি সংশোধন করা হয়েছে। |
| ৩ | মেয়াদ বৃদ্ধি এবং এনএসডিএ/বিটিইবি এর গাইডলাইন মোতাবেক প্রশিক্ষণ ডিজাইন করে আরডিপিপি প্রণয়নপূর্বক তা অনুমোদনের লক্ষ্যে পুনর্বিবেচনার জন্য পরিকল্পনা কমিশনে প্রেরণ করতে<br>হবে। | সিদ্ধান্ত মোতাবেক আরডিপিপি প্রণয়নপূর্বক তা অনুমোদনের লক্ষ্যে পরিকল্পনা কমিশনের প্রেরণ করে ডিপিপি সংশোধন করা হয়েছে। |
| ৪ | গত ০৪/০১/২০২১ খ্রি. তারিখে অনুষ্ঠিত পিএসসি সভার সিদ্ধান্ত মোতাবেক প্রশিক্ষণ, সেমিনার ও ওয়ার্কশপ পরিচালনা সংক্রান্ত সকল ব্যয় অর্থ বিভাগের পরিপত্র নং ০৭.১১১.০৩১.০১.০০.০১৪.২০১০-১৮;<br>তারিখ: ১২ জানুয়ারি, ২০১৭ অনুযায়ী যৌক্তিকভাবে বৃদ্ধি করে<br>আরডিপিপি পুনর্গঠন করতে হবে | প্রশিক্ষণ, সেমিনার ও ওয়ার্কশপ পরিচালনা সংক্রান্ত সকল ব্যয় অর্থ বিভাগের পরিপত্র নং ০৭.১১১.০৩১.০১.০০ ০১৪.২০১০-১৮ তারিখঃ ১২ জানুয়ারি, ২০১৭ অনুয়ায়ী যৌক্তিকভাবে বৃদ্ধি করা হয়েছে। |
| ৫ | মাসিক যৌথসভা ও ই-প্রশিক্ষণ এবং প্রজেক্ট পারসোন্যালদের ০২ দিন ব্যাপী রিফ্রেসার্স প্রশিক্ষণ কোর্সের সংখ্যা হ্রাস করে সীমিত আকারে রাখতে হবে এবং আইজিএ ব্যতিত প্রকল্পের অন্যান্য সকল প্রশিক্ষণ বাদ দিতে হবে। | মাসিক যৌথসভা ও প্রশিক্ষণ এবং প্রজেক্ট পার্সোন্যালদের ০২ দিন ব্যাপী রিফ্রেসার্স প্রশিক্ষণ কোর্সের সংখ্যা হ্রাস করে সীমিত করা হয়েছে এবং আইজিএ প্রকল্পের অন্যান্য সকল প্রশিক্ষণ বাদ দেওয়া হয়েছে। |

| ক্রঃ নং | স্টিয়ারিং কমিটির ৪র্থ সভায় গৃহীত সিদ্ধান্ত সমুহ | গৃহীত কার্যক্রম/অগ্রগতি |
|---|---|---|
| ৬ | প্রকল্পে নতুনভাবে জনবল নিয়োগ না করে বর্তমানে কর্মরত (প্রেষণ/অতিরিক্ত দায়িত্বে) জনবল দিয়ে প্রকল্পের অবশিষ্ট কাজ সম্পন্ন করতে হবে। বিদ্যমান জনবলের বেতন ভাতার সংস্থান সংশোধিত ডিপিপিতে রাখতে হবে। | নতুন জনবলের জন্য কোনো বরাদ্দ রাখা হয়নি। প্রেষণ/ অতিরিক্ত দায়িত্বে থাকা জনবলের জন্য প্রয়োজনীয় বরাদ্দ রাখা হয়েছে। |
| ৭ | প্রকল্প বাস্তবায়নকারী ০৪টি সংস্থার সাথে সমন্বয় করে কাজ ভাগ করে ০৪ জন উপ প্রকল্প পরিচালক ও ১৬২ জন সহকারী প্রকল্প পরিচালককে বাস্তবায়নের দায়িত্ব দিতে হবে। | সিদ্ধান্ত মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। |

## ৩.৯ লগফ্রেম অনুযায়ী প্রকল্পের উদ্দেশ্য ও আউটপুট পর্যালোচনা

সমীক্ষার এই অনুচ্ছেদে প্রকল্পের লগফ্রেমের আলোকে প্রকল্পের উদ্দেশ্য কতটুকু অর্জিত হচ্ছে তার পর্যালোচনা করা হয়েছে। সমীক্ষার পরামর্শকদল কর্তৃক সার্বিক পর্যবেক্ষণ, মাঠ পর্যায়ের জরিপ, স্থানীয় কর্মশালা হতে প্রাপ্ত সুফলভোগীদের মতামত, প্রকল্প দপ্তর হতে প্রাপ্ত হালনাগাদ তথ্য ইত্যাদির উপর ভিত্তি করে উক্ত পর্যালোচনাটি করা হয়েছে।

| লগফ্রেম অনুযায়ী প্রকল্পের উদ্দেশ্য ও অউটপুট | প্রকল্পের অর্জন | মন্তব্য |
|---|---|---|
| **উদ্দেশ্য**<br>১) প্রকল্পের উপকারভোগী জনগোষ্ঠীর আর্থ-সামাজিক অবস্থার উন্নয়নের মাধ্যমে উন্নত জীবনের নিরাপত্তা প্রদান। | ১- প্রকল্পের আওতায় ইতোমধ্যে সমবায়ীদেরকে আইজিএ প্রশিক্ষণের মাধ্যমে দক্ষ করে তোলা হয়েছে এবং হচ্ছে যাতে তারা আয়বর্ধক কর্মকান্ডে নিজেকে নিয়োজিত রেখে জীবনমানের উন্নয়ন ঘটাতে পারে। | |
| ২) সমবায়ীদেরকে উন্নয়নের জন্য সংগঠিত করা। | ২- প্রকল্পের আওতায় ইতোমধ্যে সমবায়ীদের সংগঠিত করে এপ্রিল ২০২২ পর্যন্ত ৮৮৫৩টি সমবায় গঠন করা হয়েছে।এক্ষেত্রে লক্ষ্যমাত্রা ছিল ১০,০৩৫ টি। | এই অংশে অগ্রগতি সন্তোষজনক। |
| ৩) গ্রামাঞ্চলের সাধারণ গ্রামের সুবিধাদি এবং স্বাস্থ্য ও পুষ্টি, পরিবার পরিকল্পনা, শিক্ষা, অর্থনৈতিক (উৎপাদন ও কর্মসংস্থান সৃষ্টিসহ) চাহিদা মেটানোর জন্য প্রয়োজনীয় সেবা ও সরবরাহ প্রদান করা। | ৩- বর্ণিত সকল সেবা উপজেলা পর্যায়ে প্রদান করা হয়ে থাকে। উক্ত সেবাসমূহ সম্পর্কে সমবায়ীদেরকে সম্যক ধারণা প্রদান ও চাহিদা অনুযায়ী সেবা প্রাপ্তিতে প্রকল্পের উপজেলা পর্যায়ের কর্মকর্তা ও গ্রামকর্মীরা সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের সাথে সংযোগ স্থাপনে সাহায্য করে থাকে । | চলমান কার্যক্রম। |
| **আউটপুট**<br>১) সার্বিক গ্রাম সমবায় সমিতির উন্নয়ন | ১- ১০,০৩৫টি সার্বিক গ্রাম সমবায় সমিতি প্রকল্প সময়ের মধ্যে গঠিত হওয়ার লক্ষ্যমাত্রার মধ্যে ৮৮৫৩টি ইতোমধ্যে গঠিত হয়েছে এবং সমিতির সদস্যরা সংগঠিত হয়ে শেয়ার ও সঞ্চয়ের মাধ্যমে নিজেদের মধ্যে ঋণ বিতরণ কার্যক্রম চলমান রেখেছে। | |
| ২) প্রতিটি গ্রামে পরিকল্পিত বার্ষিক গ্রাম উন্নয়ন পরিকল্পনা | ২- নির্বাচিত প্রতিটি গ্রামে পর্যায়ক্রমে বার্ষিক গ্রাম উন্নয়ন পরিকল্পনা প্রণীত হবে। | লক্ষমাত্রা থেকে পিছিয়ে আছে। |

| লগফ্রেম অনুযায়ী প্রকল্পের উদ্দেশ্য ও অউটপুট | প্রকল্পের অর্জন | মন্তব্য |
|---|---|---|
| ৩) গ্রাম তথ্য সম্বলিত বই প্রস্তুত করা | ৩- প্রকল্প সমাপ্ত হলে ১০,০৩৫ টি গ্রাম তথ্য সম্বলিত বই প্রস্তুত হবে। ইতোমধ্যে এই লক্ষ্যে জরিপ কাজ সমাপ্ত হয়েছে। এখন পর্যন্ত গ্রাম তথ্য বই প্রস্তুত শুরু হয়নি। | লক্ষমাত্রা থেকে পিছিয়ে আছে। |
| ৪) গ্রামকর্মী সৃজন | ৪- ১০০৩৫ জন লক্ষ্যমাত্রার বিপরীতে ৮৭৬৮ জন গ্রামকর্মী সৃজন করা হয়েছে। | অতিসত্বর অবশিষ্ট গ্রামকর্মী সৃজন সমাপ্ত করতে হবে। |

## ৩.১০ গুণগতমান যাচাই

নিবিড় মনিটরিং এ চুক্তিবদ্ধ হবার পর থেকে পরামর্শকগণ প্রকল্পের বিভিন্ন দলিলাদি পর্যালোচনা করেন। প্রকল্প পরিচালক এবং উপ-প্রকল্প পরিচালকদের প্রদত্ত তথ্যের ভিত্তিতে এবং বিভিন্ন দলিলাদি পর্যবেক্ষণের মাধ্যমে প্রতীয়মান হয় যে প্রকল্পের কর্মকর্তাগণ প্রশিক্ষণ কার্যক্রম নিয়মিত সরেজমিনে পরিদর্শন করেন এবং প্রশিক্ষণের গুণগত মান নিশ্চিত করেন। পরিদর্শনের সময় তারা প্রশিক্ষণার্থী ও প্রশিক্ষণ প্রদানকারীদের সঙ্গে আলোচনার মাধ্যমে প্রশিক্ষণের আগে এবং পরে প্রশিক্ষণের আউটকাম পর্যালোচনা করেন। প্রকল্প পরিচালক এবং উপ-প্রকল্প পরিচালকদের ভ্রমণ পরিকল্পনা এবং ভ্রমণ শিডিউল এবং এ সংক্রান্ত অন্যান্য দলিলপত্র পর্যালোচনা করে এর সত্যতা পাওয়া যায়। উল্লেখ্য যে প্রশিক্ষণের দায়িত্বে দেশীয় স্বনামধন্য প্রতিষ্ঠান ব্র্যাক, টিটিটিআই, ইউসেপ নিয়োজিত রয়েছে এবং প্রকল্পের প্রশিক্ষণ কার্যক্রম National Skill Development Authority (NSDA) ও Bangladesh Technical Education Board (BTEB) এর অনুমোদিত মডিউল এর আওতায় পরিচালনা করা হচ্ছে।

## ৩.১১ জরিপের মাধ্যমে প্রাপ্ত তথ্য বিশ্লেষণ

### ৩.১১.১ ইনকাম জেনারেটিং প্রশিক্ষণ প্রাপ্তদের তথ্য

#### ৩.১১.১.১ পুরুষ/মহিলার সংখ্যা

প্রকল্প এলাকায় ৫১৬ জন উত্তরদাতার তথ্য বিশ্লেষণ করে প্রতিয়মান হয় যে, জরিপে অংশগ্রহণকারীদের মধ্যে ৫১.২% পুরুষ এবং ৪৮.৮% মহিলা। জরিপে অংশগ্রহণকারী উত্তরদাতাদের লিঙ্গভিত্তিক ধরণ সারণীর মাধ্যমে দেখানো হলো:

**সারণী ৩.৪: পুরুষ/মহিলার সংখ্যা**

| লিঙ্গ | সংখ্যা | শতকরা হার (%) |
|---|---|---|
| পুরুষ | ২৪৬ | ৫১.২ |
| মহিলা | ২৫২ | ৪৮.৮ |
| মোট | ৫১৬ | ১০০.০ |

সূত্র: পরামর্শক প্রতিষ্ঠান কর্তৃক মাঠ পর্যায়ে পরিচালিত জরিপের ফলাফল

#### ৩.১১.১.২ পরিবারের প্রধান

জরিপে অংশগ্রহণকারী উত্তরদাতার তথ্য বিশ্লেষণ করে দেখা যায় যে, প্রায় ৯২.৪ শতাংশ পরিবারে প্রধান হলেন পুরুষ এবং শুধুমাত্র ৭.৬% পরিবারে প্রধান হলেন নারী সদস্য। মোট ৫১৩ জনের মধ্যে সংখ্যায় ৪৭৪ জন পুরুষ এবং ৩৯ জন নারী পরিবার প্রধান হিসেবে আছেন। জরিপ এলাকার পরিবার প্রধানের লিঙ্গভিত্তিক বৈচিত্র্য নিম্নের সারণীর মাধ্যমে তুলে ধরা হলো:

**সারণী ৩.৫: পরিবারের প্রধান**

| ধরন | সংখ্যা | শতকরা হার (%) |
|---|---|---|
| পুরুষ | ৪৭৪ | ৯২.৪ |
| মহিলা | ৩৯ | ৭.৬ |
| **মোট** | ৫১৩ | ১০০.০ |

সূত্র: পরামর্শক প্রতিষ্ঠান কর্তৃক মাঠ পর্যায়ে পরিচালিত জরিপের ফলাফল


### ৩.১১.১.৩ উত্তরদাতার বয়স

জরিপে অংশগ্রহণকারী উত্তরদাতার বয়স বিশ্লেষণ করে দেখা যায় যে, মোট ৫ ধরনের বয়সের লোক সমীক্ষায় অংশগ্রহণ করেন। এদের মধ্যে ১৮-২০ বছরের মধ্যে ২৪.৪%, ২০-৩০ বছরের মধ্যে ৫৩.১% যা সর্বোচ্চ। এরপর ৩০-৪০ বছর বয়সের সংখ্যা প্রায় ১৭.৮% এবং ৪০-৫০ ও তার উপরে মোট উত্তরদাতার মধ্যে যথাক্রমে ৪.৬% এবং ০.২% আছেন। সমীক্ষায় অংশগ্রহণকারী উত্তরদাতাদের বয়সের বৈচিত্র্য নিম্নের সারণী ও পাইচার্টের মাধ্যমে তুলে ধরা হলো:

**সারণী ৩.৬: উত্তরদাতার বয়স**

| ধরন | সংখ্যা | শতকরা হার (%) | মধ্যক |
|---|---|---|---|
| ১৮ বছর থেকে ২০ বছরের নিচে বা সমান | ১২২ | ২৪.৪ | |
| ২০ বছর থেকে ৩০ বছরের নিচে বা সমান | ২৬৬ | ৫৩.১ | |
| ৩০ বছর থেকে ৪০ বছরের নিচে বা সমান | ৮৯ | ১৭.৮ | |
| ৪০ বছর থেকে ৫০ বছরের নিচে বা সমান | ২৩ | ৪.৬ | |
| ৫০ বছরের উপরে | ১ | ০.২ | |
| **মোট** | ৫০১ | ১০০.০ | |
| **গড়** | | | ২৬ |

সূত্র: পরামর্শক প্রতিষ্ঠান কর্তৃক মাঠ পর্যায়ে পরিচালিত জরিপের ফলাফল




লেখচিত্র ৩.১১.১: উত্তরদাতার বয়সের বণ্টন


### ৩.১১.১.৪ শিক্ষাগত যোগ্যতা

জরিপে অংশগ্রহণকারী উত্তরদাতাদের শিক্ষাগত যোগ্যতা বিশ্লেষণ করে দেখা যায় যে, মোট ৪ জন নিরক্ষর, ২০ জন ১ম-৫ম শ্রেণি, ১৩১ জন ষষ্ঠ-দশম শ্রেণি, ৯৫ জন এসএসসি, ১৮১ জন এইচএসসি এবং ৮২ জন স্নাতক বা গ্রাজুয়েশন বা তার উপরে

পড়াশোনা করেছেন। সর্বাধিক ৩৫.২% এইচ এস সি, ২৫.৫% ৬ষ্ঠ হতে ১০ম শ্রেণী, এবং প্রায় ১৮.৫% এসএসসি বা তার উপরে পর্যন্ত পাওয়া যায়। সমীক্ষায় অংশগ্রহণকারীদের শিক্ষাগত যোগ্যতার বৈচিত্র্য নিম্নের সারণী ও লেখচিত্রের মাধ্যমে তুলে ধরা হলোঃ

**সারণী ৩.৭: শিক্ষাগত যোগ্যতা**


| ধরন | সংখ্যা | শতকরা হার (%) |
|---|---|---|
| নিরক্ষর | ৪ | ০.৮ |
| ১ম থেকে ৫ম শ্রেণী | ২০ | ৩.৯ |
| ৬ষ্ঠ হতে ১০ম শ্রেণী | ১৩১ | ২৫.৫ |
| এসএসসি | ৯৫ | ১৮.৫ |
| এইচএসসি | ১৮১ | ৩৫.২ |
| গ্রাজুয়েশন বা তার উপরে | ৮২ | ১৬.০ |
| অন্যান্য | ১ | ০.২ |
| **মোট** | ৫১৪ | ১০০.০ |
| সূত্র: পরামর্শক প্রতিষ্ঠান কর্তৃক মাঠ পর্যায়ে পরিচালিত জরিপের ফলাফল | | |




লেখচিত্র ৩.১১.২: উত্তরদাতার শিক্ষাগত যোগ্যতা

### ৩.১১.১.৫ বর্তমান প্রধান পেশা

জরিপে অংশগ্রহণকারী উত্তরদাতাদের বর্তমান পেশার তথ্য বিশ্লেষণ করে মোট ১৬ ধরনের পেশাজীবী উত্তরদাতাদের মধ্যে দেখা যায়। এদের মধ্যে ৩০.৯% উত্তরদাতা ক্ষুদ্র ব্যবসা, ১.৯% মাঝারি ব্যবসা, শুধুমাত্র ০.২% সরকারি চাকরি, প্রায় ৩.৭% বেসরকারি চাকরি, ৪.৯% কৃষিকাজের সাথে জড়িত, ১২.৪% গৃহিণী এবং ৮.৯% বেকার রয়েছেন। জরিপ এলাকার পেশার ধরনের বৈচিত্র্য লেখচিত্রের মাধ্যমে তুলে ধরা হলো:




লেখচিত্র ৩.১১.৩: উত্তরদাতাদের বর্তমান পেশা


### ৩.১১.১.৬ বর্তমানে পরিবারের মাসিক আয়

জরিপে অংশগ্রহণকারী উত্তরদাতাদের মাসিক আয়ের পরিমাণ বিশ্লেষণ করলে দেখা যায় যে, ইলেকট্রিশিয়ানদের মাসিক আয়ের পরিমাণ সবথেকে বেশি যা প্রায় ২৬৬৬৭ টাকা এবং আয়ের দিক থেকে দ্বিতীয় অবস্থানে রয়েছে প্লাম্বিং। প্লাম্বিং এ যারা জড়িত তাদের মাসিক আয় ২২৭৬৯ টাকা। অন্যদিকে পার্লার (বিউটিশিয়ান) এর সাথে যারা জড়িত তাদের মাসিক আয় সর্বনিম্ন, যার পরিমাণ ৪৫০০ টাকা। এছাড়া অন্য সকলের মাসিক আয় ১০০০০ টাকার উপরে। জরিপে অংশগ্রহণকারীদের প্রদত্ত তথ্য বিশ্লেষণ করে দেখা যায় যে, ৫৪.৩% এর মাসিক আয় ১০,০০০-২০,০০০ টাকা বা এর সমান এবং এই হারই সর্বাধিক। এছাড়া ২৪.৪% মাসে ৫,০০০-১০,০০০ টাকা আয় করেন, ১৫% মাসে ২০,০০০-৩০,০০০ এবং ০.৪% মাসে ৪০,০০০-৫০,০০০ টাকা আয় করেন। শুধুমাত্র ১ জন মাসে ৫০,০০০ এর উপরে মাসিক আয় করেন। জরিপ এলাকার পারিবারিক মাসিক আয়ের বৈচিত্র্য নিম্নের সারণী ও লেখচিত্রের মাধ্যমে তুলে ধরা হলো:

**সারণী ৩.৮  বর্তমানে পরিবারের মাসিক আয়**

| ধরন | মধ্যক |
|---|---|
| সেলাই এবং পোষাক (৩০ দিন) | ১৪৭২৮ |
| কম্পিউটার/আইসিটি | ১৬৩০৯ |
| মটর চালনা | ১৫১৪৩ |
| মোটরসাইকেল ও তিনচাকা চালিত যানবাহন মেরামত (৩০দিন) | ১৮৮৯৭ |
| পার্লার (বিউটিশিয়ান) | ৪৫০০ |
| প্লাম্বিং | ২২৭৬৯ |
| ইলেকট্রিশিয়ান | ২৬৬৬৭ |
| মোবাইল সার্ভিসিং | ১১১৬৭ |

সূত্র: পরামর্শক প্রতিষ্ঠান কর্তৃক মাঠ পর্যায়ে পরিচালিত জরিপের ফলাফল



লেখচিত্র ৩.১১.৪: উত্তরদাতাদের বর্তমান মাসিক আয়


### ৩.১১.১.৭প্রশিক্ষণপ্রাপ্তির আগে পরিবারের মাসিক আয়

জরিপে অংশগ্রহণকারী উত্তরদাতাদের প্রশিক্ষণপ্রাপ্তির আগের মাসিক আয়ের তথ্য বিশ্লেষণ করে দেখা যায় যে, ৩৮.৫% এর মাসিক আয় ১০,০০০-২০,০০০ টাকা বা এর সমান ছিল। এছাড়া ৪২.৭% ৫,০০০-১০,০০০ টাকা আয় করতেন এবং এই সংখ্যাই সর্বাধিক, ৯.১% ২০,০০০-৩০,০০০ এবং ০.২ % ৪০,০০০-৫০,০০০ এর মতো আয় করতেন। শুধুমাত্র ১ জন ৫০,০০০ এর উপরে মাসিক আয় করতে পারতেন। জরিপ এলাকার প্রশিক্ষণপ্রাপ্তির আগের মাসিক আয়ের বৈচিত্র্য নিম্নের সারণী ও গ্রাফের মাধ্যমে তুলে ধরা হলো:

**সারণী ৩.৯: আপনার প্রশিক্ষণপ্রাপ্তির আগে পরিবারের মাসিক আয়**

| ধরন | সংখ্যা | শতকরা হার (%) | মধ্যক |
|---|---|---|---|
| ৫,০০০ টাকা বা এর সমান | ৪৩ | ৮.৫ | |
| ৫,০০০ থেকে ১০,০০০ টাকা বা এর সমান | ২১৬ | ৪২.৭ | |
| ১০,০০০ থেকে ২০,০০০ টাকা বা এর সমান | ১৯৫ | ৩৮.৫ | |
| ২০,০০০ থেকে ৩০,০০০ টাকা বা এর সমান | ৪৬ | ৯.১ | |
| ৩০,০০০ থেকে ৪০,০০০ টাকা বা এর সমান | ৪ | ০.৮ | |
| ৪০,০০০ থেকে ৫০,০০০ টাকা বা এর সমান | ১ | ০.২ | |
| ৫০,০০০ টাকার উপরে | ১ | ০.২ | |
| **মোট** | ৫০৬ | ১০০ | |
| **গড়** | | | ১২৫৪৩ |


সূত্র: পরামর্শক প্রতিষ্ঠান কর্তৃক মাঠ পর্যায়ে পরিচালিত জরিপের ফলাফল




লেখচিত্র ৩.১১.৫: উত্তরদাতাদের প্রশিক্ষণপ্রাপ্তির পূর্বের মাসিক আয়

### ৩.১১.১.৮প্রশিক্ষণপ্রাপ্তির পূর্বের পেশা

জরিপে অংশগ্রহণকারী উত্তরদাতাদের তথ্য বিশ্লেষণ করে দেখা যায়, প্রশিক্ষণ প্রাপ্তির আগে তারা ১৪ ধরনের পেশায় নিযুক্ত ছিলেন। এদের মধ্যে বেকারের সংখ্যাই বেশি ছিল এবং এদের হার ২৯%, এছাড়াও গৃহিণী ছিলেন ২২.৪%, ছাত্র/ছাত্রী ছিলেন ২৪.৬%, ক্ষুদ্র ব্যবসায়ী ছিলেন ৫.৩%, বেসরকারি চাকরীজীবী ছিলেন ৩.২% এছাড়া অন্যান্য পেশাজীবী মানুষও ছিলেন কিন্তু তাদের সংখ্যা সামান্য।





লেখচিত্র ৩.১১.৬: উত্তরদাতাদের প্রশিক্ষণপ্রাপ্তির পূর্বের পেশা

### ৩.১১.১.৯বর্তমানে আয়ের উৎস

জরিপে অংশগ্রহণকারী উত্তরদাতাদের তথ্য বিশ্লেষণ করে দেখা যায়, বেশিরভাগ উত্তরদাতার বর্তমানে আয়ের প্রধান উৎস সেলাই এবং পোষাক তৈরি করা এবং এর হার ৪৬.১%, এছাড়া ইলেক্ট্রনিক্স কাজের সাথে জড়িত এমন মানুষের হার ৩৪.৮%, প্লাম্বিং এবং পাইপ জিনিসপত্র মেরামতের সাথে জড়িত উত্তরদাতার হার ৮.৪%, মটর চালনার সঙ্গে জড়িত উত্তরদাতা ১.৩%, প্লাম্বিং এ জড়িত উত্তরদাতা ৩.৮%, মোবাইল সার্ভিসিং এ জড়িত উত্তরদাতা ১.৭% । এছাড়া অন্যান্য পেশায় জড়িত

আরো কিছু সংখ্যক উত্তরদাতা রয়েছেন। যাদের শতকরা হার ১% এর নিচে। জরিপ হতে প্রাপ্ত উত্তরদাতাদের বর্তমান আয়ের উৎসের বৈচিত্র্য নিম্নের লেখচিত্রের মাধ্যমে তুলে ধরা হলো:




লেখচিত্র ৩.১১.৭: উত্তরদাতাদের বর্তমান আয়ের উৎস

### ৩.১১.১.১০ প্রশিক্ষণের বিষয়

জরিপে অংশগ্রহণকারী উত্তরদাতাদের তথ্য বিশ্লেষণ করে দেখা যায়, সেলাই এবং পোষাক তৈরির উপর প্রশিক্ষণ পেয়েছেন ৪৭.৫%, ইলেক্ট্রনিক্স জিনিসপত্র মেরামতের উপর প্রশিক্ষণ পেয়েছেন ৩৪.৬%, পাইপ জিনিসপত্র মেরামতের উপর প্রশিক্ষণ পেয়েছেন ৭.৭%, প্লাম্বিং এর উপর প্রশিক্ষণ পেয়েছেন ৫.১%। এছাড়া আরো অন্যান্য কিছু বিষয়ের উপরে কিছু সংখ্যক উত্তরদাতা প্রশিক্ষণ পেয়েছেন। এদের সংখ্যা পরবর্তী সারণীতে উপস্থাপিত হলো:

**সারণী ৩.১০: প্রশিক্ষণের বিষয়**

| ধরন | সংখ্যা | শতকরা হার (%) |
|---|---|---|
| সেলাই এবং পোষাক | ২৪২ | ৪৭.৫ |
| ইলেক্ট্রনিক্স | ১৭৬ | ৩৪.৬ |
| পাইপ জিনিসপত্র | ৩৯ | ৭.৭ |
| মটর চালনা | ৭ | ১.৪ |
| মোটরসাইকেল ও তিন চাকার মেরামত | | |
| সৌর প্যানেল প্রযুক্তিবিদ কোর্স | | |
| পার্লার | ২ | ০.৪ |
| প্লাবিং | ২৬ | ৫.১ |
| ইলেকট্রিশিয়ান | ৩ | ০.৬ |
| মোবাইল সার্ভিসিং | ১২ | ২.৪ |
| অন্যান্য | ২ | ০.৪ |
| **মোট** | ৫০৯ | ১০০.০ |

সূত্র: পরামর্শক প্রতিষ্ঠান কর্তৃক মাঠ পর্যায়ে পরিচালিত জরিপের ফলাফল

### ৩.১১.১.১১ প্রশিক্ষণ নিয়ে যে ব্যবসা শুরু করেছেন, সেখান থেকে আপনার বাৎসরিক আয়

জরিপে অংশগ্রহণকারী উত্তরদাতাদের তথ্য বিশ্লেষণ করে দেখা যায়, প্রশিক্ষণ যারা ব্যবসা শুরু করেছেন, তাদের মধ্যে ১০,০০০ হাজার টাকা থেকে শুরু করে ১,০০,০০০ টাকা পর্যন্ত আয় করেন এমন উত্তরদাতা রয়েছেন। এদের মধ্যে ১০,০০০ থেকে ২০,০০০ টাকা বা এর সমান এবং ২০,০০০ থেকে ৩০,০০০ টাকা বা এর সমান আয় করেন এমন উত্তরদাতার শতকরা হার যথাক্রমে ১৬.৭% এবং ১৯.৭%। উল্লেখ্য যে, ১,০০,০০০ টাকার উপরে আয় করেন এমন মানুষের সংখ্যা ৮.৩%। এ থেকে বুঝা যাচ্ছে যে, প্রশিক্ষণ নিয়ে যারা ব্যবসা শুরু করেছেন তাদের অবস্থার দিন দিন উন্নতি হচ্ছে। জরিপ এলাকায় যারা প্রশিক্ষণ নিয়ে ব্যবসা শুরু করেছেন, সেখানে তাদের বর্তমানে বাৎসরিক আয়ের বৈচিত্র্য নিম্নের সারণী ও লেখচিত্রের মাধ্যমে তুলে ধরা হলো:

**সারণী ৩.১১: প্রশিক্ষণ প্রাপ্তির পর শুরু করা ব্যবসা থেকে বাৎসরিক আয়**

| ধরন | সংখ্যা | শতকরা হার (%) | মধ্যক |
|---|---|---|---|
| ১০,০০০ টাকা বা এর সমান | ৩৭ | ৯ | |
| ১০,০০০ থেকে ২০,০০০ টাকা বা এর সমান | ৬৯ | ১৬.৭ | |
| ২০,০০০ থেকে ৩০,০০০ টাকা বা এর সমান | ৮১ | ১৯.৭ | |
| ৩০,০০০ থেকে ৫০,০০০ টাকা বা এর সমান | ৮৮ | ২১.৪ | |
| ৫০,০০০ থেকে ১,০০,০০০ টাকা বা এর সমান | ১০৩ | ২৫ | |
| ১,০০,০০০ টাকার উপরে | ৩৪ | ৮.৩ | |
| **মোট** | ৪১২ | ১০০ | |
| **গড়** | | | ৪৬৬৯৭ |

সূত্র: পরামর্শক প্রতিষ্ঠান কর্তৃক মাঠ পর্যায়ে পরিচালিত জরিপের ফলাফল

### ৩.১১.১.১২ প্রশিক্ষণের বিষয়ে সন্তুষ্টি

জরিপে অংশগ্রহণকারী উত্তরদাতাদের মধ্যে প্রশিক্ষণের বিষয়ে সন্তুষ্টির হার বিশ্লেষণ করলে দেখা যায়, সেলাই এবং পোষাক নিয়ে যারা প্রশিক্ষণ নিয়েছেন তারা সবচেয়ে বেশি সন্তুষ্ট। এদের মধ্যে খুব সন্তুষ্ট, সন্তুষ্ট এবং মোটামোটি সন্তুষ্ট এমন প্রশিক্ষণার্থীদের সংখ্যা শতকরা ৯৯.৬%, শুধুমাত্র ০.৪% প্রশিক্ষণার্থী সন্তুষ্ট না।

ইলেক্ট্রনিক্স/ইলেক্ট্রিকাল/কম্পিউটার/আইসিটি নিয়ে যারা প্রশিক্ষণ নিয়েছেন তাদের মধ্যে খুব সন্তুষ্ট, সন্তুষ্ট এবং মোটামোটি সন্তুষ্ট এমন প্রশিক্ষণার্থীদের সংখ্যা শতকরা ৯৮.৩%, শুধুমাত্র ১.৭% প্রশিক্ষণার্থী সন্তুষ্ট না। তিন চাকার যান মেরামত, পার্লার (বিউটিশিয়ান), প্লাম্বিং নিয়ে যারা প্রশিক্ষণ নিয়েছেন তাদের মধ্যে খুব সন্তুষ্ট, সন্তুষ্ট এবং মোটামোটি সন্তুষ্ট এমন প্রশিক্ষণার্থীদের সংখ্যা শতকরা ১০০%। এখানে সন্তুষ্ট না এমন প্রশিক্ষণার্থী একজনও নেই।


মটর চালকদের মধ্যে খুব সন্তুষ্ট, সন্তুষ্ট এবং মোটামোটি সন্তুষ্ট এমন প্রশিক্ষণার্থীদের সংখ্যা শতকরা ৮৫.৭%, শুধুমাত্র ১৪.৩% প্রশিক্ষণার্থী সন্তুষ্ট না। ইলেকট্রিশিয়ানদের মধ্যে খুব সন্তুষ্ট এমন প্রশিক্ষণার্থীদের সংখ্যা শতকরা ৬৬.৭ % এবং সন্তুষ্ট না এমন প্রশিক্ষণার্থীদের সংখ্যা শতকরা ৩৩.৩%। মোবাইল সার্ভিসিং এর প্রশিক্ষণার্থীদের খুব সন্তুষ্ট, সন্তুষ্ট এবং মোটামোটি সন্তুষ্ট এমন প্রশিক্ষণার্থীদের সংখ্যা শতকরা ৯১.৭% শুধুমাত্র ৮.৩% প্রশিক্ষণার্থী সন্তুষ্ট না।

জরিপে অংশগ্রহণকারী উত্তরদাতাদের তথ্য বিশ্লেষণ করে দেখা যায়, সার্বিকভাবে প্রশিক্ষণের বিষয়ে খুব সন্তুষ্ট ছিল ৫১.৯% উত্তরদাতা, ৩৪.৬% উত্তরদাতা সন্তুষ্ট ছিল, ১২.১% উত্তরদাতা মোটামোটি সন্তুষ্ট ছিল, সন্তুষ্ট না এবং মোটেই সন্তুষ্ট না এমন উত্তরদাতা মাত্র ১.৪%। প্রশিক্ষণের ধরনভিত্তিক সন্তুষ্টির চিত্র সারণীতে এবং প্রশিক্ষণের বিষয়ে সার্বিক সন্তুষ্টির চিত্র লেখচিত্রের মাধ্যমে তুলে ধরা হলো:

**সারণী ৩.১২: প্রশিক্ষণের ধরনভিত্তিক সন্তুষ্টি**

| ধরন | সেলাই এবং পোষাক (৩০ দিন) | কম্পিউটার/ আইসিটি | মটর চালনা | মোটরসাইকেল ও তিন চাকার মেরামত (৩০দিন) | পার্লার (বিউটিশিয়ান) | প্লাবিং | ইলেকট্রিশিয়ান | মোবাইল সার্ভিসিং |
|---|---|---|---|---|---|---|---|---|
| | % | % | % | % | % | % | % | % |
| খুব সন্তুষ্ট | ৬২.৪ | ৩৮.৬ | ৫৭.১ | ০.০ | ১০০.০ | ৪৬.২ | ৬৬.৭ | ৩৩.৩ |
| সন্তুষ্ট | ২৮.৫ | ৪০.৩ | ২৮.৬ | ০.০ | ০.০ | ৫৩.৮ | ০.০ | ৪১.৭ |
| মোটামোটি সন্তুষ্ট | ৮.৭ | ১৯.৩ | ০.০ | ০.০ | ০.০ | ০.০ | ০.০ | ১৬.৭ |
| সন্তুষ্ট না | ০.৪ | ০.৬ | ১৪.৩ | ০.০ | ০.০ | ০.০ | ৩৩.৩ | ৮.৩ |
| মোটেই সন্তুষ্ট না | ০.০ | ১.১ | ০.০ | ০.০ | ০.০ | ০.০ | ০.০ | ০.০ |
| মোট | ১০০.০ | ১০০.০ | ১০০.০ | ০.০ | ১০০.০ | ১০০.০ | ১০০.০ | ১০০.০ |

সূত্র: পরামর্শক প্রতিষ্ঠান কর্তৃক মাঠ পর্যায়ে পরিচালিত জরিপের ফলাফল




লেখচিত্র ৩.১১.৮: সার্বিকভাবে প্রশিক্ষণের বিষয়ে সন্তুষ্টি

### ৩.১১.১.১৩ সন্তুষ্ট না হলে তার কারণ

জরিপে অংশগ্রহণকারী উত্তরদাতাদের তথ্য বিশ্লেষণ করে দেখা যায়, খুবই অল্প সংখ্যক উত্তরদাতা প্রশিক্ষণ নিয়ে সন্তুষ্ট ছিলেন না এদের মোট সংখ্যা ৫১৪ জন উত্তরদাতার মধ্যে মাত্র ৬ জন। এদের মধ্যে সময় কম নিয়ে অসন্তুষ্ট ২ জন, কম যন্ত্রপাতি নিয়ে অসন্তুষ্ট ২ জন, প্রশিক্ষণের মান নিয়ে অসন্তুষ্ট ১ জন। এদের প্রদত্ত তথ্যের বৈচিত্র্য নিম্নের সারণীর মাধ্যমে তুলে ধরা হলো:

**সারণী ৩.১৩: প্রশিক্ষণে সন্তুষ্ট না হলে তার কারণ**

| ধরন | সংখ্যা | শতকরা হার (%) |
|---|---|---|
| আরো ভাল সেবা দিতে হবে | ১ | ১৬.৭ |
| সময় কম | ২ | ৩৩.৩ |
| যন্ত্রপাতি কম | ২ | ৩৩.৩ |
| প্রশিক্ষণের মান ভাল না | ১ | ১৬.৭ |
| **মোট** | ৬ | ১০০.০ |

সূত্র: পরামর্শক প্রতিষ্ঠান কর্তৃক মাঠ পর্যায়ে পরিচালিত জরিপের ফলাফল

### ৩.১১.১.১৪ প্রশিক্ষণের সময়সীমা

জরিপে অংশগ্রহণকারী উত্তরদাতাদের মধ্যে প্রশিক্ষণের সময়ের বিষয়ে সন্তুষ্টির হার বিশ্লেষণ করলে দেখা যায়, সেলাই এবং পোষাক নিয়ে যারা প্রশিক্ষণ নিয়েছেন তাদের মধ্যে ৫২.৩% প্রশিক্ষণার্থী মনে করেন প্রশিক্ষণের সময় যথেষ্ঠ ছিলো। বাকি ৪৭.৭% এই ব্যাপারে দ্বিমত পোষণ করেন।

ইলেক্ট্রনিক্স/ইলেক্ট্রিকাল/কম্পিউটার/আইসিটি নিয়ে যারা প্রশিক্ষণ নিয়েছেন নিয়েছেন তাদের মধ্যে ২৫.৭% প্রশিক্ষণার্থী মনে করেন প্রশিক্ষণের সময় যথেষ্ঠ ছিলো বাকি। ৭৪.৩% এই ব্যাপারে দ্বিমত পোষণ করেন।

মটর চালক, ইলেকট্রিশিয়ান, মোবাইল সার্ভিসিং নিয়ে যারা প্রশিক্ষণ নিয়েছেন তাদের মধ্যে যথাক্রমে ৭১.৪%, ৬৬.৭%, ৩৩.৩% প্রশিক্ষণার্থী মনে করেন প্রশিক্ষণের সময় যথেষ্ঠ ছিলো। যা নিচের সারণীতে তুলে ধরা হলো।

**সারণী ৩.১৪: প্রশিক্ষণের সময়সীমার পর্যাপ্ততা**

| ধরন | সেলাই এবং পোষাক (৩০ দিন) | কম্পিউটার /আইসিট | মটর চালনা | মোটরসাইকেল ও তিন চাকার যান মেরামত | বিউটিশিয়ান | প্লাম্বিং | ইলেকট্রিশিয়ান | মোবাইল সাভিসিং |
|---|---|---|---|---|---|---|---|---|
| | % | % | % | % | % | % | % | % |
| হ্যাঁ | ৫২.৩ | ২৫.৭ | ৭১.৪ | ০.০ | ০.০ | ৪৬.২ | ৬৬.৭ | ৩৩.৩ |
| না | ৪৭.৭ | ৭৪.৩ | ২৮.৬ | ০.০ | ১০০.০ | ৫৩.৮ | ৩৩.৩ | ৬৬.৭ |
| মোট | ১০০.০ | ১০০.০ | ১০০.০ | ০.০ | ১০০.০ | ১০০.০ | ১০০.০ | ১০০.০ |

সূত্র: পরামর্শক প্রতিষ্ঠান কর্তৃক মাঠ পর্যায়ে পরিচালিত জরিপের ফলাফল


### ৩.১১.১.১৫ প্রশিক্ষণের মান

জরিপে অংশগ্রহণকারী উত্তরদাতাদের তথ্য বিশ্লেষণ করে দেখা যায়, বেশিরভাগ প্রায় ৪৯%-ই উত্তরদাতা প্রশিক্ষণের মান নিয়ে খুব সন্তুষ্ট ছিলেন। এছাড়াও ৩৬% সন্তুষ্ট ছিলেন এবং শুধুমাত্র ০.২% সন্তুষ্ট ছিলেন না। এদের প্রদত্ত তথ্যের বৈচিত্র্য সারণী ও লেখচিত্রের মাধ্যমে তুলে ধরা হলো:

**সারণী ৩.১৫: প্রশিক্ষণের মান**

| ধরন | সংখ্যা | শতকরা হার (%) |
|---|---|---|
| খুব সন্তুষ্ট | ২৪৯ | ৪৯.৩ |
| সন্তুষ্ট | ১৮৩ | ৩৬.২ |
| মোটামোটি সন্তুষ্ট | ৬৯ | ১৩.৭ |
| সন্তুষ্ট না | ১ | ০.২ |
| **মোট** | ৫০৫ | ১০০.০ |

সূত্র: পরামর্শক প্রতিষ্ঠান কর্তৃক মাঠ পর্যায়ে পরিচালিত জরিপের ফলাফল




লেখচিত্র: ৩.১১.৯: প্রশিক্ষণের মান

### ৩.১১.১.১৬প্রশিক্ষণে ব্যবহারিক (Practical) বিষয়ের অন্তর্ভুক্তি

জরিপে অংশগ্রহণকারী উত্তরদাতাদের তথ্য বিশ্লেষণ করে দেখা যায়, প্রশিক্ষণে ব্যবহারিক (Practical) বিষয় অন্তর্ভুক্ত ছিলো বলে প্রায় ৯৬% মতামত দিয়েছেন। অপরদিকে ৩.৭% বলেছেন যে প্রশিক্ষণে ব্যবহারিক ছিল না। তাদের প্রদত্ত তথ্য নিম্নের সারণীর মাধ্যমে তুলে ধরা হলো:

**সারণী ৩.১৬: প্রশিক্ষণে ব্যবহারিক (Practical) বিষয় এর অন্তর্ভুক্তি**

| ধরন | সংখ্যা | শতকরা হার (%) |
|---|---|---|
| হ্যাঁ | ৪৮৮ | ৯৬.৩ |
| না | ১৯ | ৩.৭ |
| **মোট** | ৫০৭ | ১০০.০ |

সূত্র: পরামর্শক প্রতিষ্ঠান কর্তৃক মাঠ পর্যায়ে পরিচালিত জরিপের ফলাফল

### ৩.১১.১.১৭ প্রশিক্ষণের কারণে পরিবারের লাভ

জরিপ অনুযায়ী প্রশিক্ষণের কারণে উত্তরদাতাদের পরিবার লাভবান হয়েছে কিনা, সে তথ্য বিশ্লেষণে দেখা যায় যে, প্রায় ৯৭%-ই সহমত যে, তারা লাভবান হয়েছেন। অপরদিকে, শুধুমাত্র ২.৮% লাভবান হননি এমন মতামত দিয়েছেন। জরিপ অনুযায়ী প্রশিক্ষণের কারণে উত্তরদাতাদের পরিবার লাভবান হওয়ার চিত্র সার্বিকভাবে এবং প্রশিক্ষণের ধরণের উপর ভিত্তি করে উপস্থাপিত হলো:

**সারণী ৩.১৭.১ : প্রশিক্ষণের কারণে পরিবারের লাভ**

| ধরন | শতকরা হার (%) |
|---|---|
| হ্যাঁ | ৯৭.২ |
| না | ২.৮ |
| **মোট** | ১০০.০ |


সূত্র: পরামর্শক প্রতিষ্ঠান কর্তৃক মাঠ পর্যায়ে পরিচালিত জরিপের ফলাফল

**সারণী ৩.১৭.২: প্রশিক্ষণের ধরণের উপর ভিত্তি করে পরিবারের লাভ**

| ধরন | সেলাই এবং পোষাক (৩০ দিন) | | কম্পিউটার/আইসিট | | মটর চালনা | | পার্লার (বিউটিশিয়ান) | | প্লাবিং | | ইলেকট্রিশিয়ান | | মোবাইল সাভিসিং | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | সংখ্যা | % | সংখ্যা | % | সংখ্যা | % | সংখ্যা | % | সংখ্যা | % | সংখ্যা | % | সংখ্যা | % |
| **হ্যাঁ** | ২২৫ | ৯৭.৮ | ১৬৯ | ৯৬.৬ | ৬ | ৮৫.৭ | ২ | ১০০.০ | ৬৩ | ৯৮.৪ | ৩ | ১০০.০ | ১০ | ৯০.৯ |
| **না** | ৫ | ২.২ | ৬ | ৩.৪ | ১ | ১৪.৩ | ০ | ০.০ | ১ | ১.৬ | ০ | ০.০ | ১ | ৯.১ |
| **মোট** | ২৩০ | ১০০ | ১৭৫ | ১০০ | ৭ | ১০০ | ২ | ১০০ | ২৬ | ১০০ | ৩ | ১০০ | ১১ | ১০০ |

সূত্র: পরামর্শক প্রতিষ্ঠান কর্তৃক মাঠ পর্যায়ে পরিচালিত জরিপের ফলাফল

জরিপ অনুযায়ী প্রশিক্ষণের কারণে উত্তরদাতাদের পরিবার লাভবান হয়েছে কিনা এবং লাভবান হয়ে থাকলে কীভাবে লাভবান হয়েছেন, সে তথ্য বিশ্লেষণে দেখা যায় যে, প্রায় ৫৮% অর্থনৈতিকভাবে লাভবান হয়েছেন অথবা অতিরিক্ত আয় করতে পেরেছেন। এছাড়া ২২.৮% এর মতে স্বনির্ভরতা বৃদ্ধি পেয়েছে। শুধুমাত্র প্রায় ৮% এর মতে কর্মসংস্থান এবং ৬.১% এর মতে দক্ষতা বৃদ্ধি পেয়েছে। আরো কি কি উপায়ে, কীভাবে লাভবান হয়েছেন তার বৈচিত্র্য নিম্নের লেখচিত্রের মাধ্যমে উল্লেখ করা হলো:




লেখচিত্র ৩.১১.১০: প্রশিক্ষণের মাধ্যমে পরিবারের লাভ

## ৩.১১.১.১৮ প্রশিক্ষণ গ্রহণের ফলে সুবিধা

জরিপ অনুযায়ী উত্তরদাতাদের মধ্যে প্রশিক্ষণ গ্রহণের ফলে কী কী সুবিধা হয়েছে সে তথ্য বিশ্লেষণ করলে দেখা যায় যে, ৮৪.১% এর মতে আত্ম-কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি হয়েছে, জ্ঞান ও দক্ষতা বৃদ্ধি পেয়েছে। প্রায় ৫৯% এর মতে পরিবারের আয় বৃদ্ধি পেয়েছে এবং ৪৬.৬% এর মতে আত্মবিশ্বাস বেড়েছে। প্রশিক্ষণ গ্রহণের ফলে আরো কী কী সুবিধা হয়েছে তার বৈচিত্র্য নিম্নের সারণীর মাধ্যমে উল্লেখ করা হলো:

**সারণী ৩.১৮: প্রশিক্ষণ গ্রহণের ফলে সুবিধা**

| ধরন | সংখ্যা | শতকরা হার (%) |
|---|---|---|
| আত্ম-কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি হয়েছে | ৪২৮ | ৮৪.১ |
| জ্ঞান ও দক্ষতা বৃদ্ধি পেয়েছে | ৪০৩ | ৮৪.১ |
| কাজের প্রতি আগ্রহ বৃদ্ধি পেয়েছে | ২১৮ | ৪২.৮ |
| পরিবারের আয় বৃদ্ধি পেয়েছে | ৩০১ | ৫৯.১ |
| দৃষ্টিভঙ্গির পরিবর্তন হয়েছে | ১৪৮ | ২৯.১ |
| সঠিক সময়ে সঠিক সিদ্ধান্ত নিতে পারছি | ১৩৬ | ২৬.৭ |
| আত্মবিশ্বাস বেড়েছে | ২৩৭ | ৪৬.৬ |
| কাজের ক্ষেত্রে ভুল কম হচ্ছে | ১২৯ | ২৫.৩ |
| নারীর ক্ষমতায়ন বৃদ্ধি পেয়েছে | ১৩৯ | ২৭.৩ |
| তেমন কোন লাভ হয়নি | ২ | ০.৪ |
| **মোট** | ৫০৯ | ১০০.০ |

সূত্র: পরামর্শক প্রতিষ্ঠান কর্তৃক মাঠ পর্যায়ে পরিচালিত জরিপের ফলাফল

## ৩.১১.১.১৯ প্রশিক্ষণের সুযোগ আরো বৃদ্ধি করার প্রয়োজনীয়তা

জরিপ অনুযায়ী উত্তরদাতাদের মধ্যে প্রশিক্ষণের সুযোগ আরো বৃদ্ধি করার প্রয়োজন আছে কিনা, সে তথ্য বিশ্লেষণ করলে দেখা যায় যে, ৯৪% এর মতে প্রশিক্ষণের আরো সুযোগ বৃদ্ধি করা প্রয়োজন, অন্যদিকে, ৫.৬% মনে করেন বৃদ্ধি করার প্রয়োজন নেই।

**সারণী ৩.১৯: প্রশিক্ষণের সুযোগ বৃদ্ধির প্রয়োজনীয়তা**

| ধরন | সংখ্যা | শতকরা হার (%) |
|---|---|---|
| হ্যাঁ | ৪৪২ | ৯৪.৪ |
| না | ২৬ | ৫.৬ |
| **মোট** | ৪৬৮ | ১০০.০ |

**সূত্র: পরামর্শক প্রতিষ্ঠান কর্তৃক মাঠ পর্যায়ে পরিচালিত জরিপের ফলাফল**

### ৩.১১.১.২০প্রশিক্ষণের মান উন্নয়ন সম্পর্কে মতামত

জরিপ অনুযায়ী প্রশিক্ষণের মান উন্নয়ন সম্পর্কে মতামত বিশ্লেষণ করলে দেখা যায় যে, ৫৯.১% মনে করেন সময়, সুযোগ ও মান বাড়ানো উচিত, ১৩% এর মতে, আধুনিক যন্ত্রপাতি/প্রযুক্তি/টুল বক্স এর ব্যবস্থা করা প্রয়োজন এবং ৬.৬% এর মতে ভাড়া বৃদ্ধি করা দরকার। অন্যান্য যেসব খাতে মান উন্নয়ন প্রয়োজন তার বৈচিত্র্য সারণীর সাহায্যে ব্যাখ্যা করা হলো:


**সারণী ৩.২০: প্রশিক্ষণের মান উন্নয়ন সম্পর্কে মতামত**

| ধরন | সংখ্যা | শতকরা হার (%) |
|---|---|---|
| ১০ জনের দল গঠন | ১ | ০.৩ |
| আধুনিক যন্ত্রপাতি/প্রযুক্তি/টুল বক্স | ৪৯ | ১২.৯ |
| সময়, সুযোগ ও মান বাড়ানো | ২২৫ | ৫৯.১ |
| সেলাই মেশিন বাড়ানো | ৪ | ১ |
| ভাড়া বৃদ্ধি | ২৫ | ৬.৬ |
| সনদ প্রদান | ১ | ০.৩ |
| কম্পিউটার ল্যাব বাড়ানো | ১ | ০.৩ |
| কম্পিউটার ট্রেনিং | ২ | ০.৫ |
| জেলা ভিত্তিক ট্রেনিং | ১ | ০.৩ |
| থাকা খাওয়ার সুবিধা/হোস্টেল | ১৮ | ৪.৭ |
| নিজ এলাকা/উপজেলায় প্রশিক্ষণের ব্যবস্থা | ১৩ | ৩.৪ |
| ক্ষুদ্র ব্যবসা প্রশিক্ষণ | ১ | ০.৩ |
| সেলাই মেশিন | ১ | ০.৩ |
| এসি/ফ্রিজ প্রশিক্ষণ | ১ | ০.৩ |
| প্রশিক্ষণের উপর বই | ১ | ০.৩ |
| হাতে কলমে প্রশিক্ষণ বাড়ানো | ১৩ | ৩.৪ |
| নিয়োজিত প্রশিক্ষক দিয়ে প্রশিক্ষণ দেওয়া | ১ | ০.৩ |
| মহিলাদের অংশগ্রহণ বৃদ্ধি | ২ | ০.৫ |
| নতুন নতুন বিষয়ের উপর প্রশিক্ষণ | ৮ | ২.১ |
| অন্যান্য | ১৩ | ৩.৪ |
| **মোট** | ৩৮১ | ১০০.০ |

**সূত্র: পরামর্শক প্রতিষ্ঠান কর্তৃক মাঠ পর্যায়ে পরিচালিত জরিপের ফলাফল**

### ৩.১১.১.২১প্রশিক্ষণকালীন সময়ের অসুবিধা

জরিপ অনুযায়ী প্রশিক্ষণকালীন সময়ে কী কী অসুবিধা হয়েছে, সে তথ্য বিশ্লেষণ করলে দেখা যায় যে, প্রায় ৭৭% মত প্রদান করেন যে, থাকা খাওয়ার অসুবিধা কিংবা হোস্টেল সমস্যায় পড়তে হয়েছে, এছাড়া ১২.১% যাতায়াতকেও একটি গুরুত্বপূর্ণ অসুবিধা হিসেবে মতামত দিয়েছেন। অন্যান্য যে সকল সমস্যা আছে তা লেখচিত্রের সাহায্যে ব্যাখ্যা করা হলো:




লেখচিত্র ৩.১১.১১: প্রশিক্ষণকালীন সময়ের অসুবিধা

## ৩.১১.২ কৃষি উন্নয়ন প্রশিক্ষণ প্রাপ্তদের তথ্য

প্রকল্প এলাকায় কৃষি উন্নয়নের উপর প্রশিক্ষণ প্রাপ্তদের মধ্যে মোট ৮৬ জনের সাক্ষাতকার গ্রহণ করা হয়েছে। তাদের প্রদত্ত ফলাফল নিম্নে বর্ণনা করা হলো:

### ৩.১১.২.১পুরুষ/মহিলা

৮৬ জন উত্তরদাতার তথ্য বিশ্লেষণ করে প্রতিয়মান হয় যে, জরিপে অংশগ্রহণকারীদের মধ্যে ৭৭.৯% পুরুষ এবং ২২.১% মহিলা। জরিপে অংশগ্রহণকারী উত্তরদাতাদের লিঙ্গাভিত্তিক ধরন নিচে সারণীর মাধ্যমে দেখানো হলো।

**সারণী ৩.২১: পুরুষ/মহিলার সংখ্যা**

| লিঙ্গা | সংখ্যা | শতকরা হার (%) |
|---|---|---|
| পুরুষ | ৬৭ | ৭৭.৯ |
| মহিলা | ১৯ | ২২.১ |
| **মোট** | ৮৬ | ১০০.০০ |

সূত্র: পরামর্শক প্রতিষ্ঠান কর্তৃক মাঠ পর্যায়ে পরিচালিত জরিপের ফলাফল

### ৩.১১.২.২বর্তমান প্রধান পেশা

জরিপে অংশগ্রহণকারী উত্তরদাতার মধ্যে ৮৩ জন উত্তরদাতার পেশার তথ্য বিশ্লেষণ করে মোট ৯ ধরনের পেশাজীবী জরিপ এলাকায় দেখা যায়। এদের মধ্যে ১৬.৯% উত্তরদাতা ক্ষুদ্র ব্যবসা, ১৩.৩% মাঝারি ব্যবসা, শুধুমাত্র ২% সরকারি চাকরি, প্রায় ১২% বেসরকারি চাকরি, ৩৬.১% কৃষিকাজের সাথে জড়িত এবং এদের সংখ্যাই সর্বাধিক। এছাড়া ১.২% রাজমিস্ত্রি, ২.৪% ছাত্র, ১০.৮% গৃহিণী এবং ৪.৮% বেকার রয়েছেন। জরিপ এলাকার পেশার ধরনের বৈচিত্র্য সারণীর ও মাধ্যমে তুলে ধরা হলো:


সারণী ৩.২২: আপনার বর্তমান প্রধান পেশা

| ধরন | সংখ্যা | শতকরা হার (%) |
|---|---|---|
| ক্ষুদ্র ব্যবসা | ১৪ | ১৬.৯ |
| মাঝারি ব্যবসা | ১১ | ১৩.৩ |
| সরকারী চাকরি | ২ | ২.৪ |
| বেসরকারী চাকরি | ১০ | ১২.০ |
| বেকার | ৪ | ৪.৮ |
| কৃষিকাজ | ৩০ | ৩৬.১ |
| গৃহিনী | ৯ | ১০.৮ |
| অন্যান্য | | |
| রাজমিস্ত্রি | ১ | ১.২ |
| ছাত্র | ২ | ২.৪ |
| **মোট** | ৮৩ | ১০০.০ |

সূত্র: পরামর্শক প্রতিষ্ঠান কর্তৃক মাঠ পর্যায়ে পরিচালিত জরিপের ফলাফল

### ৩.১১.২.৩ বর্তমানে পরিবারের মাসিক আয়

জরিপে অংশগ্রহণকারী ৮৬ জন উত্তরদাতার তথ্য বিশ্লেষণ করে দেখা যায় ৬১.৬% এর মাসিক আয় ১০,০০০-২০,০০০ টাকা বা এর সমান এবং এই সংখ্যাই সর্বাধিক। এছাড়া ১৫.১% ৫,০০০-১০,০০০ টাকা আয় করেন, ১০.৫% ২০,০০০-৩০,০০০ এবং ৫.৮% ৪০,০০০-৫০,০০০ এর মতো আয় করেন। শুধুমাত্র ৩ জন ৫০,০০০ এর উপরে মাসিক আয় করেন। উত্তরদাতাদের পারিবারিক মাসিক আয়ের অবস্থা নিম্নের লেখচিত্রের মাধ্যমে তুলে ধরা হলঃ





লেখচিত্র ৩.১১.১২: কৃষি প্রশিক্ষণ প্রাপ্তদের বর্তমানে পরিবারের মাসিক আয়

### ৩.১১.২.৪প্রশিক্ষণপ্রাপ্তির আগে পরিবারের মাসিক আয়

জরিপে অংশগ্রহণকারী ৮৪ জন উত্তরদাতার প্রশিক্ষণপ্রাপ্তির আগের মাসিক আয়ের তথ্য বিশ্লেষণ করে দেখা যায় যে, ৫৩.৬% এর মাসিক আয় ১০,০০০-২০,০০০ টাকা বা এর সমান ছিল এবং এই সংখ্যাই সর্বাধিক। এছাড়া ১৫.১% ৫,০০০-১০,০০০ টাকা আয় করেন, ১০.৫% ২০,০০০-৩০,০০০ এবং ৫.৮% ৪০,০০০-৫০,০০০ এর মতো আয় করতেন। শুধুমাত্র ৩ জন

৫০,০০০ এর উপরে মাসিক আয়ের ব্যবস্থা করতে পারতেন। জরিপ এলাকার প্রশিক্ষণপ্রাপ্তির আগের মাসিক আয়ের অবস্থা নিম্নের লেখচিত্রের মাধ্যমে মাধ্যমে তুলে ধরা হলো:




লেখচিত্র ৩.১১.১৩: কৃষি প্রশিক্ষণ প্রাপ্তদের প্রশিক্ষণ প্রাপ্তির পূর্বে পরিবারের মাসিক আয়

### ৩.১১.২.৫ প্রকল্প থেকে কৃষি উন্নয়নে প্রাপ্ত সুযোগের যথেষ্টতা

জরিপ অনুযায়ী ৮২ জন উত্তরদাতার প্রকল্প থেকে কৃষি উন্নয়নে যে সুযোগ পেয়েছেন তা যথেষ্ঠ কিনা, সে তথ্য বিশ্লেষণ করে দেখা যায় যে, ৭৮% মতামত দিয়েছেন যে তা যথেষ্ট না এবং ২২% যথেষ্ট মনে করছেন।

**সারণী ৩.২৩: প্রকল্প থেকে কৃষি উন্নয়নে প্রাপ্ত সুযোগের যথেষ্টতা**

| ধরন | সংখ্যা | শতকরা হার (%) |
|---|---|---|
| হ্যাঁ | ১৮ | ২২.০ |
| না | ৬৪ | ৭৮.০ |
| **মোট** | ৮২ | ১০০ |

সূত্র: পরামর্শক প্রতিষ্ঠান কর্তৃক মাঠ পর্যায়ে পরিচালিত জরিপের ফলাফল

### ৩.১১.২.৬ যথেষ্ঠ হলে কোন কোন খাতে

জরিপ অনুযায়ী ৮২ জন উত্তরদাতার প্রকল্প থেকে কৃষি উন্নয়নে যে সুযোগ পেয়েছেন তা যথেষ্ঠ কিনা, সে তথ্য বিশ্লেষণ করে দেখা যায় যে, ৭৮% মতামত দিয়েছেন যে তা যথেষ্ট না এবং ২২% যথেষ্ট মনে করছেন। যথেষ্ঠ হলে যেসব খাতে মনে করছেন তা হল- ৭৩% মনে করেন ধান চাষে, প্রায় ৬৪% মনে করেন সবজি চাষে, ৪৫.৫% গম চাষে এবং ৯% মনে করেন আর্থিক সহায়তার দিক থেকে। জরিপ এলাকার কোন কোন চাষাবাদে যথেষ্ট প্রকল্প উন্নয়ন সহায়তা করছে তার বৈচিত্র্য নিম্নের সারণীর মাধ্যমে তুলে ধরা হলো:

**সারণী ৩.২৪: যথেষ্ঠ হলে তার খাত**

| ধরন | সংখ্যা | শতকরা হার (%) |
|---|---|---|
| আর্থিক সহায়তা | ১ | ৯.১ |
| ধান চাষে সহায়তা | ৮ | ৭২.৭ |
| কৃষি সহয়তা | ১ | ৯.১ |
| গম চাষে সহায়তা | ৫ | ৪৫.৫ |
| সবজি চাষে সহায়তা | ৭ | ৬৩.৯ |
| উন্নত প্রশিক্ষণ দেওয়া | ১ | ৯.১ |
| গবাদি পশু খামারের সহয়তা | | |
| মাছ চাষে সহায়তা | | |
| **মোট** | ১১ | ১০০.০ |

সূত্র: পরামর্শক প্রতিষ্ঠান কর্তৃক মাঠ পর্যায়ে পরিচালিত জরিপের ফলাফল

### ৩.১১.২.৭ সহায়তা প্রয়োজন হলে কোন খাতে সহায়তা প্রয়োজন

জরিপ অনুযায়ী ৪০ জন উত্তরদাতার মতে প্রকল্প থেকে কৃষি উন্নয়নে আরো প্রয়োজন হলে কোন খাতে সহায়তা প্রয়োজন, সে তথ্য বিশ্লেষণ করে দেখা যায় যে, ৪৫% মনে করেন আরো আর্থিক সহায়তা প্রয়োজন এবং ৪০% উন্নত প্রশিক্ষণ দেওয়া প্রয়োজন। এছাড়া ১৫% মনে করেন গবাদি পশু খামারে সহয়তা এবং ১২.৫% মনে করেন কৃষিতে প্রয়োজন। জরিপ এলাকার কোন কোন চাষাবাদে যথেষ্ট প্রকল্প উন্নয়ন সহায়তা করছে তার বৈচিত্র্য নিম্নের সারণীর মাধ্যমে তুলে ধরা হলো:

**সারণী ৩.২৫: আরো প্রয়োজন হলে কোন খাতে সহায়তা প্রয়োজন**

| ধরন | সংখ্যা | শতকরা হার (%) |
|---|---|---|
| আর্থিক সহায়তা | ১৮ | ৪৫ |
| ধান চাষে সহায়তা | ৫ | ১২.৫ |
| কৃষি সহয়তা | ৫ | ১২.৫ |
| গম চাষে সহায়তা | | |
| সবজি চাষে সহায়তা | | |
| উন্নত প্রশিক্ষণ দেওয়া | ১৬ | ৪০.০ |
| গবাদি পশু খামারের সহয়তা | ৬ | ১৫.০ |
| মাছ চাষে সহায়তা | ৫ | ১২.৫ |
| **মোট** | ৪০ | ১০০.০ |

সূত্র: পরামর্শক প্রতিষ্ঠান কর্তৃক মাঠ পর্যায়ে পরিচালিত জরিপের ফলাফল

### ৩.১১.২.৮ প্রকল্প থেকে কৃষি উন্নয়নে প্রাপ্ত সুযোগের যথেষ্ঠতা

জরিপ অনুযায়ী ৯৬.৩% উত্তরদাতা প্রকল্প থেকে কৃষি উন্নয়নে যে সুযোগ পেয়েছেন তা যথেষ্ঠ বলে মনে করছেন ৯৬.৩% এবং ৩.৭% মনে করছেন না।

**সারণী ৩.২৬: প্রকল্প থেকে কৃষি উন্নয়নে প্রাপ্ত সুযোগের যথেষ্ঠতা**

| ধরন | সংখ্যা | শতকরা হার (%) |
|---|---|---|
| হ্যাঁ | ৭৮ | ৯৬.৩ |
| না | ৩ | ৩.৭ |
| **মোট** | ৮১ | ১০০.০ |

সূত্র: পরামর্শক প্রতিষ্ঠান কর্তৃক মাঠ পর্যায়ে পরিচালিত জরিপের ফলাফল

### ৩.১১.২.৯ প্রকল্পের মাধ্যমে উন্নয়ন

জরিপ অনুযায়ী প্রায় ৯৮% উত্তরদাতা মনে করছেন তাদের জীবন যাত্রার মান উন্নয়ন হয়েছে ।


**সারণী ৩.২৭: প্রকল্পের মাধ্যমে উন্নয়ন**

| ধরন | সংখ্যা | শতকরা হার (%) |
|---|---|---|
| উন্নয়নে আপনার দারিদ্র্য মোচন হয়েছে | | |
| জীবন যাত্রার মান উন্নয়ন হয়েছে | ৪৬ | ৯৭.৯ |
| অন্যান্য | ১০ | ২১.৩ |
| **মোট** | ৪৭ | ১০০.০ |

সূত্র: পরামর্শক প্রতিষ্ঠান কর্তৃক মাঠ পর্যায়ে পরিচালিত জরিপের ফলাফল

### ৩.১১.২.১০সার্বিক ভাবে সমবায় সমিতির সদস্যদের প্রকল্প বাস্তবায়নের পর দৃশ্যত উন্নয়ন

জরিপ অনুযায়ী ৪৫ জন উত্তরদাতার মতে সার্বিক ভাবে সমবায় সমিতির সদস্যদের প্রকল্প বাস্তবায়নের পর দৃশ্যত উন্নয়ন ঘটেছে, সে তথ্য বিশ্লেষণ করে দেখা যায় যে, ৩৩.৩% মনে করেন কৃষিতে, ২২.২% মনে করেন কোন উন্নয়ন হয়নি, ১৫.৬% মনে করেন আত্মনির্ভরশীলতা বৃদ্ধি পেয়েছে এবং শুধুমাত্র ৬.৭% মনে করেন কর্মসংস্থান ও উৎপাদন বৃদ্ধি হয়েছে। জরিপ এলাকার প্রকল্প উন্নয়ন সহায়তা প্রদানের পর প্রকল্প বাস্তবায়নের দৃশ্যত উন্নয়নের বৈচিত্র্য নিম্নের লেখচিত্রের মাধ্যমে তুলে ধরা হলো:




লেখচিত্র ৩.১১.১৪: সমবায় সমিতির সদস্যদের প্রকল্প বাস্তবায়নের পর দৃশ্যত উন্নয়ন

### ৩.১১.৩ মৎস্য চাষ প্রশিক্ষণ প্রাপ্তদের জন্য প্রশ্নপত্র

সমীক্ষার আওতায় মৎস্য চাষের উপর প্রশিক্ষণপ্রাপ্ত ৮৫ জনের সাক্ষাতকার গ্রহণ করা হয়েছে। প্রাপ্ত তথ্য নিম্নে বিশ্লেষণ করা হয়েছে।

### ৩.১১.৩.১ পুরুষ/মহিলা

প্রকল্প এলাকায় ৮৫ জন উত্তরদাতার তথ্য বিশ্লেষণ করে প্রতিয়মান হয় যে, জরিপে অংশগ্রহণকারীদের মধ্যে ৭৭.৬% পুরুষ এবং ২২.৪% মহিলা। জরিপে অংশগ্রহণকারী উত্তরদাতাদের লিঙ্গাভিত্তিক ধরন নিচে সারণীর মাধ্যমে দেখানো হলো:

**সারণী ৩.২৮: পুরুষ/মহিলার সংখ্যা**

| লিঙ্গ | সংখ্যা | শতকরা হার (%) |
|---|---|---|
| পুরষ | ৬৬ | ৭৭.৬ |
| মহিলা | ১৯ | ২২.৪ |
| **মোট** | ৮৫ | ১০০.০ |

সূত্র: পরামর্শক প্রতিষ্ঠান কর্তৃক মাঠ পর্যায়ে পরিচালিত জরিপের ফলাফল

### ৩.১১.৩.২ বর্তমান প্রধান পেশা

জরিপে অংশগ্রহণকারী উত্তরদাতার মধ্যে ৮০ জন উত্তরদাতার পেশার তথ্য বিশ্লেষণ করে দেখা যায় যে, উত্তরদাতাদের মধ্যে মোট ৭ ধরনের পেশাজীবী রয়েছে। এদের মধ্যে ৩২.৫% উত্তরদাতা ক্ষুদ্র ব্যবসা, ৭.৫% মাঝারি ব্যবসা, প্রায় ১০% বেসরকারি চাকুরি, ১৫% কৃষিকাজের সাথে জড়িত এবং ১৩.৮% গৃহিণী রয়েছেন। উত্তরদাতাদের পেশার ধরনের বৈচিত্র্য নিম্নের সারণীর মাধ্যমে তুলে ধরা হলো:


**সারণী ৩.২৯: বর্তমান প্রধান পেশা**

| ধরন | সংখ্যা | শতকরা হার (%) |
|---|---|---|
| ক্ষুদ্র ব্যবসা | ২৬ | ৩২.৫ |
| মাঝারি ব্যবসা | ৬ | ৭.৫ |
| বেসরকারী চাকরি | ৮ | ১০.০ |
| বেকার | ৫ | ৬.৩ |
| কৃষিকাজ | ১২ | ১৫.০ |
| গৃহিণী | ১১ | ১৩.৮ |
| অন্যান্য | ১২ | ১৫.০ |
| **মোট** | ৮০ | ১০০.০ |

সূত্র: পরামর্শক প্রতিষ্ঠান কর্তৃক মাঠ পর্যায়ে পরিচালিত জরিপের ফলাফল

### ৩.১১.৩.৩ বর্তমানে পরিবারের মাসিক আয়


জরিপে অংশগ্রহণকারী ৮০ জন উত্তরদাতার তথ্য বিশ্লেষণ করে দেখা যায় যে, ৬৯.৪% এর মাসিক আয় ১০,০০০-২০,০০০ টাকা বা এর সমান এবং এই হারই সর্বাধিক। এছাড়া ১০.৬% মাসে ৫,০০০-১০,০০০ টাকা আয় করেন, ১৪.১% মাসে ২০,০০০-৩০,০০০ এবং ৩.৫% মাসে ৪০,০০০-৫০,০০০ এর মতো আয় করেন। উত্তরদাতাদের বর্তমান পারিবারিক মাসিক আয়ের চিত্র লেখচিত্রের মাধ্যমে উপস্থাপন করা হলো:




লেখচিত্র ৩.১১.১৫: বর্তমানে পরিবারের মাসিক আয়

### ৩.১১.৩.৪ প্রশিক্ষণ প্রাপ্তির আগে পরিবারের মাসিক আয়


জরিপে অংশগ্রহণকারী ৮৫ জন উত্তরদাতার প্রশিক্ষণপ্রাপ্তির আগের মাসিক আয়ের তথ্য বিশ্লেষণ করে দেখা যায় যে, ৫৮.৮% এর মাসিক আয় ১০,০০০-২০,০০০ টাকা বা এর সমান ছিল এবং এই সংখ্যাই সর্বাধিক। এছাড়া ২৯.৪% মাসে ৫,০০০-১০,০০০ টাকা আয় করতেন, ৫.৯% মাসে ২০,০০০-৩০,০০০ এবং ১.২% ৪০,০০০-৫০,০০০ এর মতো আয় করতেন। শুধুমাত্র ২ জন ৫০,০০০ এর উপরে মাসিক আয় করতেন। উত্তরদাতাদের প্রশিক্ষণপ্রাপ্তির আগের মাসিক আয়ের বৈচিত্র্য নিম্নের লেখচিত্রের মাধ্যমে উপস্থাপন করা হলো:




লেখচিত্র ৩.১১.১৬: প্রশিক্ষণপ্রাপ্তির আগে পরিবারের মাসিক আয়

### ৩.১১.৩.৫ প্রকল্প থেকে মাছ চাষ ও উন্নয়নে প্রাপ্ত সহায়তার ধরন

জরিপে ৫১ জন উত্তরদাতার মধ্যে প্রকল্প থেকে মাছ চাষ ও উন্নয়নে কী ধরনের সহায়তা পেয়েছেন, সে তথ্য বিশ্লেষণে দেখা যায় যে, প্রায় ৯২% ট্রেনিং পেয়েছেন এবং এই সংখ্যাই সর্বাধিক। এছাড়া শুধুমাত্র ২% আর্থিক সহায়তা পেয়েছেন , পোনা উৎপাদনে সহায়তা পেয়েছেন প্রায় ৭.৮%। নিম্নের পাই চার্টের মাধ্যমে তথ্যগুলোর বৈচিত্র্য তুলে ধরা হয়েছে।




লেখচিত্র ৩.১১.১৭: প্রকল্প থেকে মাছ চাষ ও উন্নয়নে প্রাপ্ত সহায়তার ধরন

### ৩.১১.৩.৬ অন্যান্য ফসলের তুলনায় মাছের আয়

জরিপে ৮৫ জন উত্তরদাতার মধ্যে প্রায় ৯৭.৬% মনে করেন যে, অন্যান্য ফসলের থেকে মাছের আয় বেশি। বাকি ২.৪% মনে করেন অন্যান্য ফসলের থেকে মাছের আয় কম।

**সারণী ৩.৩০: অন্যান্য ফসলের তুলনায় মাছের আয়**

| ধরন | সংখ্যা | শতকরা হার (%) |
|---|---|---|
| বেশি | ৮৩ | ৯৭.৬ |
| কম | ২ | ২.৪ |
| **মোট** | ৮৫ | ১০০.০ |

সূত্র: পরামর্শক প্রতিষ্ঠান কর্তৃক মাঠ পর্যায়ে পরিচালিত জরিপের ফলাফল

### ৩.১১.৩.৭ মাছ বাজারজাতকরণ পদ্ধতির উন্নয়ন

মাছ বাজারজাতকরণ পদ্ধতির উন্নয়ন তথ্য বিশ্লেষণে দেখা যায় ৮৩.৫% বলেছেন যে, প্রকল্প থেকে বাজারজাতকরণ পদ্ধতির উন্নয়ন হয়েছে। অপরদিকে, মাত্র ১৬.৫% মতামত দিয়েছেন যে, বাজারজাতকরণ পদ্ধতির উন্নয়ন হয়নি।

**সারণী ৩.৩১: মাছ বাজারজাতকরণ পদ্ধতির উন্নয়ন**

| ধরন | সংখ্যা | শতকরা হার (%) |
|---|---|---|
| হ্যাঁ | ৭১ | ৮৩.৫ |
| না | ১৪ | ১৬.৫ |
| **মোট** | ৮৫ | ১০০.০ |

সূত্র: পরামর্শক প্রতিষ্ঠান কর্তৃক মাঠ পর্যায়ে পরিচালিত জরিপের ফলাফল

### ৩.১১.৩.৮ প্রশিক্ষণের পর পূর্বের তুলনায় পরিবারে পরিবর্তনের ধরণ

জরিপে ৭৭ জন উত্তরদাতার প্রকল্পের পরে পূর্বের তুলনায় পরিবারে কী ধরণের পরিবর্তন হয়েছে, সে তথ্য বিশ্লেষণে দেখা যায় যে, ৮৮.৩% মনে করেন আর্থিক আয় বৃদ্ধি পেয়েছে, ৭৬.৬% মতামত দিয়েছেন যে বাসায় খাদ্য তালিকায় মাছ সংযুক্ত হয়েছে এবং ৭৪% মনে করেন জীবনযাত্রার মান বৃদ্ধি পেয়েছে। নিম্নের সারণীর মাধ্যমে প্রকল্পের পূর্বে ও পরে আয়ের পরিমাণ পরিবর্তনের অবস্থা উল্লেখ করা হলোঃ

**সারণী ৩.৩২: প্রশিক্ষণের পর পূর্বের তুলনায় পরিবারে পরিবর্তনের ধরণ**

| **ধরন** | **সংখ্যা** | **শতকরা হার (%)** |
|---|---|---|
| বাসায় খাদ্য তালিকায় মাছ সংযুক্ত হয়েছে | ৫৯ | ৭৬.৬ |
| আর্থিক আয় বৃদ্ধি পেয়েছে | ৬৮ | ৮৮.৩ |
| পারিবারিক উন্নয়ন সাধিত হয়েছে | ৫৬ | ৭২.২ |
| জীবনযাত্রার মান বৃদ্ধি পেয়েছে | ৫৭ | ৭৪ |
| পুকুরের পরিমাণ বৃদ্ধি পেয়েছে | ২৭ | ৩৫.১ |
| **মোট** | ৭৭ | ১০০.০ |

সূত্র: পরামর্শক প্রতিষ্ঠান কর্তৃক মাঠ পর্যায়ে পরিচালিত জরিপের ফলাফল

### ৩.১১.৩.৯ প্রকল্পের কার্যক্রমে দুর্বলতা এবং প্রকল্পের কার্যক্রমের চাহিদা

জরিপে ৬১ জন উত্তরদাতার মধ্যে প্রকল্পের কার্যক্রমে কি দুর্বলতা পেয়েছেন এবং প্রকল্পের কার্যক্রমে কী পরিমাণ চাহিদা আছে, সে তথ্য বিশ্লেষণে দেখা যায় যে, ৭৭% মতামত দিয়েছেন যে, ঋণ সহায়তা নেই এবং এটি সর্বাধিক উত্তরদাতা মনে করেন। এরপর প্রায় ২৮% মনে করেন প্রশিক্ষণ অভাব রয়েছে এবং প্রশিক্ষণের মেয়াদ বৃদ্ধি করা প্রয়োজন। নিম্নের সারণীতে প্রকল্প কার্যক্রমের দুর্বলতা ও প্রকল্প কার্যক্রমের চাহিদা সম্পর্কে উত্তরদাতাদের কাছ থেকে প্রাপ্ত মতামতের চিত্র দেওয়া হলো:

**সারণী ৩.৩৩: প্রকল্পের কার্যক্রমে দুর্বলতা এবং প্রকল্পের কার্যক্রমের চাহিদা**

| **ধরন** | **সংখ্যা** | **শতকরা হার (%)** |
|---|---|---|
| প্রশিক্ষণ অভাব/মেয়াদ বৃদ্ধি | ১৭ | ২৭.৯ |
| মাছের যথেষ্ট চাহিদা আছে | ১১ | ১৮ |
| ঋণ সহায়তা নেই | ৪৭ | ৭৭ |
| উপকরণের মূল্য বৃদ্ধি | ২ | ৩.৩ |
| আয় কমেছে | ৩ | ৪.৯ |
| মৎস্য কর্মকর্তার সহযোগিতা পাই না | ৩ | ৪.৯ |
| **মোট** | ৬১ | ১০০.০ |

সূত্র: পরামর্শক প্রতিষ্ঠান কর্তৃক মাঠ পর্যায়ে পরিচালিত জরিপের ফলাফল

## ৩.১১.৪ হাঁস-মুরগী ও গবাদি পশু উন্নয়ন প্রশিক্ষণ প্রাপ্তদের তথ্য

হাঁস-মুরগী ও গবাদি পশু উন্নয়ন প্রশিক্ষণ প্রাপ্তদের তথ্য প্রশিক্ষণপ্রাপ্ত ৮০ জনের সাক্ষাতকার গ্রহণ করা হয়েছে। প্রাপ্ত তথ্য নিম্নে বিশ্লেষণ করা হয়েছে।

### ৩.১১.৪.১ পুরুষ/মহিলার সংখ্যা

৮০ জন উত্তরদাতার তথ্য বিশ্লেষণ করে প্রতিয়মান হয় যে, জরিপে অংশগ্রহণকারীদের মধ্যে ৩৭.৫% পুরুষ এবং ৬২.৫% মহিলা। জরিপে অংশগ্রহণকারী উত্তরদাতাদের লিঙ্গাভিত্তিক ধরন নিচে সারণীর মাধ্যমে দেখানো হলো।

**সারণী ৩.৩৪: পুরুষ/মহিলার সংখ্যা**

| লিঙ্গ | সংখ্যা | শতকরা হার (%) |
|---|---|---|
| পুরুষ | ৩০ | ৩৭.৫ |
| মহিলা | ৫০ | ৬২.৫ |
| **মোট** | ৮০ | ১০০.০০ |

সূত্র: পরামর্শক প্রতিষ্ঠান কর্তৃক মাঠ পর্যায়ে পরিচালিত জরিপের ফলাফল

### ৩.১১.৪.২ বর্তমান প্রধান পেশা

জরিপে অংশগ্রহণকারী উত্তরদাতার মধ্যে ৭৮ জন উত্তরদাতার পেশার তথ্য বিশ্লেষণ করে দেখা যায় যে, উত্তরদাতাদের মধ্যে মোট ১০ ধরনের পেশাজীবী রয়েছে। এদের মধ্যে ২০.৫% উত্তরদাতা ক্ষুদ্র ব্যবসা, ৫.১% মাঝারি ব্যবসা, শুধুমাত্র ১.৩% সরকারি চাকুরি, প্রায় ৯% বেসরকারি চাকুরি, ১২.৮% কৃষিকাজের সাথে জড়িত, সর্বাধিক ৪১% গৃহিণী এবং ১.৪ % বেকার রয়েছেন। জরিপ এলাকার পেশার ধরনের অবস্থা নিম্নের সারণীর মাধ্যমে উপস্থাপন করা হলো:


**সারণী ৩.৩৫: বর্তমান প্রধান পেশা**

| ধরন | সংখ্যা | শতকরা হার (%) |
|---|---|---|
| ক্ষুদ্র ব্যবসা | ১৬ | ২০.৫ |
| মাঝারি ব্যবসা | ৪ | ৫.১ |
| সরকারী চাকরি | ১ | ১.৩ |
| বেসরকারী চাকরি | ৭ | ৯.০ |
| বেকার | ১ | ১.৪ |
| কৃষিকাজ | ১০ | ১২.৮ |
| গৃহিণী | ৩২ | ৪১.০ |
| অন্যান্য | | |
| পশু ডাক্তার | ১ | ১.৩ |
| ছাত্র/ছাত্রী | ৪ | ৫.১ |
| শিক্ষক | ২ | ২.৬ |
| **মোট** | ৭৮ | ১০০.০ |

সূত্র: পরামর্শক প্রতিষ্ঠান কর্তৃক মাঠ পর্যায়ে পরিচালিত জরিপের ফলাফল

### ৩.১১.৪.৩ বর্তমানে পরিবারের মাসিক আয়


জরিপে অংশগ্রহণকারী ৮০ জন উত্তরদাতার তথ্য বিশ্লেষণ করে দেখা যায় যে, ৪৩.৮% এর মাসিক আয় ১০,০০০-২০,০০০ টাকা বা এর সমান এবং এই সংখ্যাই সর্বাধিক। এছাড়া ২২.৫% মাসে ৫,০০০-১০,০০০ টাকা আয় করেন, ২২.৫% মাসে ২০,০০০-৩০,০০০ এবং ২.৫% মাসে ৪০,০০০-৫০,০০০ এর মতো আয় করেন। শুধুমাত্র ৪ জন ৫০,০০০ এর উপরে মাসিক আয় করতে পারেন। জরিপ এলাকার পারিবারিক মাসিক আয়ের বৈচিত্র্য নিম্নের লেখচিত্রের মাধ্যমে তুলে ধরা হলো:




লেখচিত্র ৩.১১.১৮: বর্তমানে পরিবারের মাসিক আয়

### ৩.১১.৪.৪ প্রশিক্ষণপ্রাপ্তির আগে পরিবারের মাসিক আয়


জরিপে অংশগ্রহণকারী ৮০ জন উত্তরদাতার প্রশিক্ষণপ্রাপ্তির আগের মাসিক আয়ের তথ্য বিশ্লেষণ করে দেখা যায় যে, ৩৮.৮% এর মাসিক আয় ১০,০০০-২০,০০০ টাকা বা এর সমান ছিল এবং এই সংখ্যাই সর্বাধিক। এছাড়া ৩৫% মাসে ৫,০০০-১০,০০০ টাকা আয় করতেন, ১৬.৩% মাসে ২০,০০০-৩০,০০০ এবং ৩.৮% মাসে ৪০,০০০-৫০,০০০ এর মতো আয় করতেন। শুধুমাত্র ৩ জন ৫০,০০০ এর উপরে মাসিক আয়ের ব্যবস্থা করতে পারতেন। জরিপ এলাকার প্রশিক্ষণ প্রাপ্তির আগের মাসিক আয়ের বৈচিত্র্য নিম্নের লেখিচিত্রের মাধ্যমে তুলে ধরা হলো:




লেখচিত্র ৩.১১.১৯: প্রশিক্ষণপ্রাপ্তির পূর্বে পরিবারের মাসিক আয়

### ৩.১১.৪.৫ প্রকল্পের দুর্বলতা এবং প্রকল্প থেকে চাহিদা

জরিপে অংশগ্রহণকারী ৬৪ জন উত্তরদাতার তথ্য বিশ্লেষণ করে দেখা যায় যে, ৫১.৬% মনে করেন ঋণ/আর্থিক সাহায্যের প্রয়োজন, ৫৭.৮% মনে করেন উন্নত প্রশিক্ষণ প্রয়োজন।



লেখচিত্র ৩.১১.২০: প্রকল্পের দুর্বলতা এবং প্রকল্প থেকে চাহিদা

### ৩.১১.৪.৬ প্রকল্প থেকে প্রাপ্ত সাহায্য

প্রকল্পে তাদের কি কি সাহায্য হয়েছে এমন প্রশ্নের জবাবে প্রশিক্ষণের ভূমিকা বেশি তা ৭৩% উত্তরদাতা মনে করেন। এছাড়া ২৩.৫% মনে করছেন অর্থনৈতিক সহায়তা, ৮.৮% পোল্ট্রি এবং ৬% সামাজিক নিরাপত্তাজনিত সহায়তা পেয়েছেন।

**সারণী ৩.৩৬: প্রকল্প থেকে প্রাপ্ত সাহায্য**

| ধরন | সংখ্যা | শতকরা হার (%) |
|---|---|---|
| অর্থনৈতিক সহায়তা | ১৬ | ২৩.৫ |
| প্রশিক্ষণ | ৫০ | ৭৩.৫ |
| কৃষি সহায়তা | ১ | ১.৫ |
| পোল্ট্রি | ৬ | ৮.৮ |
| সামাজিক নিরাপত্তা | ৪ | ৫.৯ |
| **মোট** | ৬৮ | ১০০.০ |

সূত্র: পরামর্শক প্রতিষ্ঠান কর্তৃক মাঠ পর্যায়ে পরিচালিত জরিপের ফলাফল

### ৩.১১.৪.৭ সাহায্যের পরিমাণ এর সাথে প্রয়োজনের তুলনা

প্রকল্প থেকে সাহাজ্যের পরিমাণ ঠিক আছে তার উত্তরে মোট ৩০% উত্তরদাতা মনে করেন ঠিক আছে এবং এখনও সহায়তার পরিমাণ আরো বাড়ানো যায় বলে ৭০% মানুষ মনে করেন।

**সারণী ৩.৩৭: সাহায্যের পরিমাণ এর সাথে প্রয়োজনের তুলনা**

| ধরণ | সংখ্যা | শতকরা হার (%) |
|---|---|---|
| হ্যাঁ | ২৪ | ৩০.৮ |
| না | ৫৪ | ৬৯.২ |
| **মোট** | ৭৮ | ১০০ |

সূত্র: পরামর্শক প্রতিষ্ঠান কর্তৃক মাঠ পর্যায়ে পরিচালিত জরিপের ফলাফল

### ৩.১১.৪.৮ প্রকল্পের মাধ্যমে উন্নয়ন

৬৭ জন উত্তরদাতার মধ্যে ৯৪% মনে করেন উৎপাদনে বৃদ্ধি হয়েছে, ৭৬% মনে করেন গুণগতমান বৃদ্ধি এবং ৭৪.৬% সঠিকভাবে বাজারজাতে উন্নয়ন হয়েছে বলে মতামত দিয়েছেন।

**সারণী ৩.৩৮: প্রকল্পের মাধ্যমে উন্নয়ন উন্নয়ন**

| ধরন | সংখ্যা | শতকরা হার (%) |
|---|---|---|
| উৎপাদনে/ফলন বৃদ্ধি | ৬৩ | ৯৪.০ |
| গুণগতমান বৃদ্ধি | ৫১ | ৭৬.১ |
| সঠিকভাবে বাজারজাত | ৫০ | ৭৪.৬ |
| আর্থিক সহায়তা | ২০ | ২৯.৯ |
| **মোট** | ৬৭ | ১০০.০ |

সূত্র: পরামর্শক প্রতিষ্ঠান কর্তৃক মাঠ পর্যায়ে পরিচালিত জরিপের ফলাফল

## ৩.১১.৫ ভার্মি কম্পোস্ট সার ব্যবহারে প্রশিক্ষণ প্রাপ্তদের তথ্য

ভার্মি কম্পোস্ট সার ব্যবহারে প্রশিক্ষণ প্রাপ্তদের মধ্যে মোট ২০ জনের সাক্ষাতকার সমীক্ষায় গ্রহণ করা হয়েছে, তাদের থেকে প্রাপ্ত তথ্য **পর্যালোচনাপূর্বক** বিশ্লেষণ করা হয়েছে।

### ৩.১১.৫.১পুরুষ/মহিলা

প্রকল্প এলাকায় ২০ জন উত্তরদাতার তথ্য বিশ্লেষণ করে প্রতিয়মান হয় যে, জরিপে অংশগ্রহণকারীদের মধ্য ৮৫% পুরুষ এবং ১৫% মহিলা। জরিপে অংশগ্রহণকারী উত্তরদাতাদের লিঙ্গাভিত্তিক ধরণ নিচে সারণীর মাধ্যমে দেখানো হলো।

**সারণী ৩.৩৯: পুরুষ/মহিলার সংখ্যা**

| লিঙ্গা | সংখ্যা | শতকরা হার (%) |
|---|---|---|
| পুরুষ | ১৭ | ৮৫ |
| মহিলা | ০৩ | ১৫ |
| **মোট** | ২০ | ১০০.০০ |

সূত্র: পরামর্শক প্রতিষ্ঠান কর্তৃক মাঠ পর্যায়ে পরিচালিত জরিপের ফলাফল

### ৩.১১.৫.২ বর্তমানে পরিবারের মাসিক আয়

জরিপে অংশগ্রহণকারী ২০ জন উত্তরদাতার তথ্য বিশ্লেষণ করে দেখা যায় যে, ৩০% এর মাসিক আয় ১০,০০০-২০,০০০ টাকা বা এর সমান এবং এই সংখ্যাই সর্বাধিক। এছাড়া ৫% উত্তরদাতা মাসে ৫,০০০-১০,০০০ টাকা আয় করেন, ২৫% উত্তরাদাতা মাসে ২০,০০০-৩০,০০০ এবং ১৫% ৩০,০০০-৪০,০০০ এর মতো আয় করেন। শুধুমাত্র ৫ জন ৫০,০০০ এর উপরে মাসিক আয়ের ব্যবস্থা করতে পারেন। জরিপ এলাকার পারিবারিক মাসিক আয়ের বৈচিত্র্য নিম্নের সারণীর মাধ্যমে উপস্থাপন হলো:

**সারণী ৩.৪০: বর্তমানে পরিবারের মাসিক আয়**

| ধরন | সংখ্যা | শতকরা হার (%) | মধ্যক |
|---|---|---|---|
| ৫,০০০ টাকা বা এর সমান | | | |
| ৫,০০০ থেকে ১০,০০০ টাকা বা এর সমান | ১ | ৫ | |
| ১০,০০০ থেকে ২০,০০০ টাকা বা এর সমান | ৬ | ৩০ | |
| ২০,০০০ থেকে ৩০,০০০ টাকা বা এর সমান | ৫ | ২৫ | |
| ৩০,০০০ থেকে ৪০,০০০ টাকা বা এর সমান | ৩ | ১৫ | |
| ৪০,০০০ থেকে ৫০,০০০ টাকা বা এর সমান | | | |
| ৫০,০০০ টাকার উপরে | ৫ | ২৫ | |
| **মোট** | ২০ | ১০০.০ | |
| **গড়** | | | ৪৭৯০০ |

সূত্র: পরামর্শক প্রতিষ্ঠান কর্তৃক মাঠ পর্যায়ে পরিচালিত জরিপের ফলাফল

### ৩.১১.৫.৩ প্রশিক্ষণ প্রাপ্তির আগে পরিবারের মাসিক আয়

জরিপে অংশগ্রহণকারী ২০ জন উত্তরদাতার প্রশিক্ষণপ্রাপ্তির আগের মাসিক আয়ের তথ্য বিশ্লেষণ করে দেখা যায় যে, ৪০% এর মাসিক আয় ১০,০০০-২০,০০০ টাকা বা এর সমান ছিল এবং এই সংখ্যাই সর্বাধিক। এছাড়া ২০% উত্তরদাতা মাসে ৫,০০০-১০,০০০ টাকা আয় করতেন, ১০% উত্তরদাতা মাসে ২০,০০০-৩০,০০০ এবং ১৫% উত্তরদাতা ৪০,০০০-৫০,০০০ এর মতো আয় করেন। শুধুমাত্র ১ জন ৫০,০০০ এর উপরে মাসিক আয়ের ব্যবস্থা করতেন। জরিপ এলাকার প্রশিক্ষণ প্রাপ্তির আগের মাসিক আয়ের বৈচিত্র্য নিম্নের সারণীতে তুলে ধরা হলো:

**সারণী ৩.৪১: প্রশিক্ষণ প্রাপ্তির আগে পরিবারের মাসিক আয়**

| ধরন | সংখ্যা | শতকরা হার (%) | মধ্যক |
|---|---|---|---|
| ৫,০০০ টাকা বা এর সমান | | | |
| ৫,০০০ থেকে ১০,০০০ টাকা বা এর সমান | ৪ | ২০ | |
| ১০,০০০ থেকে ২০,০০০ টাকা বা এর সমান | ৮ | ৪০ | |
| ২০,০০০ থেকে ৩০,০০০ টাকা বা এর সমান | ২ | ১০ | |
| ৩০,০০০ থেকে ৪০,০০০ টাকা বা এর সমান | ২ | ১০ | |
| ৪০,০০০ থেকে ৫০,০০০ টাকা বা এর সমান | ৩ | ১৫ | |
| ৫০,০০০ টাকার উপরে | ১ | ৫ | |
| **মোট** | ২০ | ১০০.০ | |
| **গড়** | | | ২৬৬০০ |

সূত্র: পরামর্শক প্রতিষ্ঠান কর্তৃক মাঠ পর্যায়ে পরিচালিত জরিপের ফলাফল

### ৩.১১.৫.৪ কৃষকদেরকে ভার্মি কম্পোস্ট (কেঁচো সার) সম্পাদন ও কৃষিবিদ দ্বারা বিশ্লেষণের ব্যবস্থা করা

৮৪.২% উত্তরদাতার মতে কৃষকদেরকে ভার্মি কম্পোস্ট (কেঁচো সার) সম্পাদন ও কৃষিবিদ দ্বারা বিশ্লেষণের ব্যবস্থা করা হয়েছে।

**সারণী ৩.৪২: কৃষকদেরকে ভার্মি কম্পোস্ট (কেঁচো সার) সম্পাদন ও কৃষিবিদ দ্বারা বিশ্লেষণের ব্যবস্থা**

| ধরন | সংখ্যা | শতকরা হার (%) |
|---|---|---|
| হ্যাঁ | ১৬ | ৮৪.২ |
| না | ৩ | ১৫.৮ |
| **মোট** | ১৯ | ১০০ |

সূত্র: পরামর্শক প্রতিষ্ঠান কর্তৃক মাঠ পর্যায়ে পরিচালিত জরিপের ফলাফল

### ৩.১১.৫.৫ অন্যান্য সারের তুলনায় কেঁচো সারের দামের পার্থক্য

বর্তমানে বিভিন্ন উপজেলা, গ্রাম (জেলা পর্যায়ে) কেঁচো সার প্রস্তুত ও বিপণন বৃদ্ধি পাচ্ছে কারণ দাম কম এবং কেঁচো মাটির উর্বরতা বৃদ্ধি করে।

**সারণী ৩.৪৩: অন্যান্য সারের তুলনায় কেঁচো সারের দামের পার্থক্য**

| ধরন | সংখ্যা | শতকরা হার (%) |
|---|---|---|
| কম | ১৮ | ১০০ |
| **মোট** | ১৮ | ১০০ |

সূত্র: পরামর্শক প্রতিষ্ঠান কর্তৃক মাঠ পর্যায়ে পরিচালিত জরিপের ফলাফল

## ৩.১২ এফজিডি'র মাধ্যমে প্রাপ্ত ফলাফল বিশ্লেষণ

সমীক্ষার গুণগত জরিপের অংশ হিসেবে প্রকল্পের আওতায় ১৬ টি উপজেলায় মোট ১৬ টি এফজিডি করা হয়েছে। এফজিডি-তে বিভিন্ন প্রকার প্রশিক্ষণগ্রহণকারী অংশগ্রহণ করেন।

সভায় উপস্থিত সকলেই মত প্রকাশ করেন যে, আলোচ্য প্রকল্পের মাধ্যমে তাদের কারিগরি দক্ষতা বৃদ্ধি পেয়েছে, তারা স্বাবলম্বী হয়েছেন, তাদের আয়ের ক্ষেত্র বৃদ্ধি পেয়েছে এবং তারা পরিবারের আয়বৃদ্ধিতে সহযোগিতা করতে পারছেন। এছাড়া কেউ কেউ মত দেন যে এই প্রকল্পের আওতায় গৃহীত প্রশিক্ষণ কার্যক্রমের মাধ্যমে বেকারত্ব দূর হয়েছে।

উপস্থিত সকলেই এই প্রকল্পের মাধ্যমে ক্ষেত্র তৈরি হওয়াতে আর্থিকভাবে লাভবান হয়েছেন। কৃষিক্ষেত্রে প্রশিক্ষণ গ্রহণের মাধ্যমে উৎপাদন বৃদ্ধি পাওয়ায় আয়ও বৃদ্ধি পেয়েছে এবং তারা আর্থিকভাবে লাভবান হয়েছেন।

যেহেতু প্রকল্পের আওতায় কোন ঋণ কার্যক্রম ছিলনা তাই প্রকল্পের আওতায় প্রশিক্ষণ গ্রহণের পর কেউ কোন রকম ঋণ পাননি। তবে, ঋণ কার্যক্রম না থাকাতে তারা কিছু হতাশা ও প্রকাশ করেছেন। কারণ হিসেবে তারা বলেছেন যে, ঋণ কার্যক্রম থাকলে তারা প্রকল্পের মাধ্যমে অর্জিত জ্ঞানকে কাজে লাগানর আরো অধিকতর সুযোগ পেতেন এবং তারা আরো অধিক লাভবান হতেন।

এফজিডিসমূহে উপস্থিত অধিকাংশ মানুষই সমবায় সমিতির মাধ্যমে গ্রুপ গঠন করে প্রশিক্ষণ গ্রহণ করেছেন গ্রুপ গঠনের ফলে একাধিক প্রশিক্ষণার্থীর অংশগ্রহণ নিশ্চিত হয়েছে এবং তারা একই সাথে প্রশিক্ষণ পেয়েছেন।

এফজিডিতে অংশগ্রহণকারী সকলেই মনে করেন প্রশিক্ষণপ্রাপ্তির মাধ্যমে নারীর ক্ষমতায়ন হয়েছে। নারীরা অতীতের তুলনায় অধিক পরিমাণে নিজেদেরকে আয়বর্ধক কার্যক্রমে নিয়োগ করতে পারছেন বলে মতামত দিয়েছেন।

এফজিডিতে অংশগ্রহণকারী সকলেই প্রকল্পের সবলদিক, দুর্বলদিক, সুযোগ ও ঝুঁকি সম্পর্কে মত প্রদান করেছেন। সবল দিকের মধ্যে উল্লেখযোগ্য হচ্ছে প্রকল্পটি অংশগ্রহণকারীদের কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি করে দিচ্ছে। দুর্বলদিক এর মধ্যে সর্বাধিক আলোচিত হচ্ছে ঋণ কার্যক্রম না থাকা সুযোগের উল্লেখযোগ্য হচ্ছে নারীর ক্ষমতায়ন, আয় বৃদ্ধি, দারিদ্র্য বিমোচন ইত্যাদি।

প্রকল্পের ঝুঁকি সম্পর্কে এফজিডতে অংশগ্রহণকারীগণ মনে করেন যে, প্রকল্পের অন্যতম ঝুঁকি হচ্ছে কোভিড-১৯ এর কারণে প্রশিক্ষণ কার্যক্রম বাধাগ্রস্থ হলে প্রকল্প বিলম্বিত হবে। এছাড়া প্রশিক্ষণগ্রহণকারীরা এ সংক্রান্ত কাজে নিয়োজিত না হলে এর সুফল আসবে না।

## ৩.১৩ KII এর মাধ্যমে প্রাপ্ত ফলাফল বিশ্লেষণ

নিবিড় পরিবীক্ষণ সমীক্ষার গুণগত জরিপের অংশ হিসেবে সরকারি প্রকল্প পরিচালক ও উপজেলা নির্বাহী কর্মকর্তাদের KII করা হয়েছে।

সরকারি প্রকল্প পরিচালকগণ জানান যে প্রকল্পের আওতায় প্রশিক্ষণার্থীদের ২০০ টাকা করে ভাতা দেওয়া হয়। প্রকল্পের আওতায় প্রশিক্ষণপ্রাপ্ত প্রশিক্ষণার্থীদের NSDA এর সনদ পেতে একটি পরীক্ষা দিতে হয় এবং তার ফি প্রশিক্ষণার্থীদের বহন করতে হয়। প্রকল্পের ডিপিপি'তে এই পরীক্ষার ফি'র অনুকূলে কোন অর্থের সংস্থান না থাকায় তার ফি প্রশিক্ষণার্থীদের বহন করতে হয় বিধায় প্রশিক্ষণার্থীদের মধ্যে এই পরীক্ষায় অংশগ্রহণে এক প্রকার অনীহা পরিলক্ষিত হয়। তাছাড়া প্রশিক্ষণ কার্যক্রম সম্পন্ন হওয়ার সাথে সাথে পরীক্ষা অনুষ্ঠিত না হওয়ায় প্রশিক্ষণপ্রাপ্তদের বাড়ি থেকে পুনরায় এসে পরীক্ষায় অংশগ্রহণ করতে হয় যা প্রশিক্ষণার্থীদের পরীক্ষায় অংশগ্রহণে অনীহার আরেকটি কারণ। তারা সকলেই মনে করেন, এই প্রকল্পের লক্ষমাত্রা যথাযথভাবে অর্জিত হচ্ছে এবংএই প্রকল্পের মাধ্যমে মানুষের কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি হচ্ছে এবং আয় বৃদ্ধি পাচ্ছে। প্রকল্পকে আরো শক্তিশালী করার জন্য তারা আরো উন্নত ধরনের প্রশিক্ষণ, প্রশিক্ষণের মেয়াদ বৃদ্ধি, প্রশিক্ষণের জন্য

বিভিন্ন আধুনিক সরঞ্জামাদি অন্তর্ভুক্তকরণ, প্রশিক্ষণভাতা বৃদ্ধিকরণ, সমবায় সমিতির সংখ্যা বৃদ্ধিকরণ ইত্যাদি বিষয়ের ওপর জোর দেন।

তারা প্রকল্পের সবলদিক হিসেবে আত্মকর্মসংস্থানের সুযোগ সৃষ্টির মাধ্যমে আয় বৃদ্ধিকে, দারিদ্র্য দূরীকরণ, নারীদের স্বতঃস্ফূর্ত অংশগ্রহণ, গ্রামীণ জনগোষ্ঠীর সরকারের উন্নয়নের ধারার সঙ্গে সম্পৃক্তকরণ ইত্যাদি চিহ্নিত করেছেন এবং দুর্বল দিক হিসেবে জনবলের অভাব, প্রশিক্ষণার্থীদের ভাতার অপর্যাপ্ততা, উপজেলা ভিত্তিক প্রশিক্ষণ কেন্দ্রের অভাব ও সমবায় সমিতির অপর্যাপ্ততাকে চিহ্নিত করেছেন।

উপজেলা নিবার্হী কর্মকর্তাগণের সকলেই মনে করেন যে, প্রকল্পের মাধ্যমে প্রশিক্ষণার্থী ও প্রশিক্ষণপ্রাপ্ত মানুষের আয় বৃদ্ধি পেয়েছে, ব্যবস্থাপনা দক্ষতা ও কারিগরি দক্ষতা বৃদ্ধি পেয়েছে। তাছাড়া এ প্রকল্পটির সফল বাস্তবায়ন হলে স্ব-কর্মসংস্থান আয়বর্ধক কার্যাবলী কৃষি ও সংশ্লিষ্ট বিষয়ে দক্ষতা বৃদ্ধি ইত্যাদি ঘটবে বলে তারা মনে করেন।

তারা আরো মনে করেন, প্রকল্পটির ফলে মাইক্রোফাইন্যান্স প্রতিষ্ঠানসমূহের সাথে সার্বক্ষণিক সংযোগ, কার্যকর পরিবীক্ষণ অবস্থার উন্নতি ঘটাবে, নিরাপদ মাতৃত্ব, শিশু কল্যাণ সেবা, স্বাস্থ্য ও পয়ঃনিষ্কাশন ব্যবস্থার উন্নতি ঘটবে। প্রকল্পটির সঠিক বাস্তবায়ন বৃক্ষরোপন, প্রাণীসম্পদ তথা গবাদি পশু, হাঁস-মুরগি ও মৎস্য সম্পদের উন্নয়নে ভূমিকা রাখবে।

## ৩.১৪ কেস স্টাডি

**প্রশিক্ষণের বিষয়: টেইলারিং এন্ড গার্মেন্টস,**

প্রশিক্ষণ কেন্দ্র: রাজশাহী মহিলা প্রশিক্ষণ কেন্দ্র, রাজশাহী।
মোছাঃ ফজিলা,
গ্রাম: রুদ্রানী,
উপজেলা: ফুলবাড়ী,
জেলা: দিনাজপুর।

ফজিলা অত্যন্ত দরিদ্র পরিবারে জন্ম গ্রহণ করেন, তার বাবা খুব কষ্টে পরিবার চালাতেন। তাই তিনি বেশী লেখাপড়া করতে পারেননি। নবম শ্রেণি-তে অধ্যয়নকালে তিনি মোঃ মনতাজুল এর সাথে বিবাহ বন্ধনে আবদ্ধ হন। তার স্বামী উল্লেখযোগ্য কোন কাজ করতেন না বিধায় আয় রোজগার তেমন ছিল না। অভাবের সংসারে শুরু হয় তার জীবন যুদ্ধ। তার পারিবারিক অবস্থা পরিবর্তন করার জন্য তিনি বিভিন্ন পদক্ষেপ গ্রহণ করেন। কিন্তু কোন কাজেই কাঙ্খিত সফলতা পাননি। ইতোমধ্যেই ফজিলা দুই জন কন্যা সন্তানের মা হন। ফলত সংসারের ব্যয়বৃদ্ধি পায় ও শুরু হয় আরো কষ্টের জীবন। এমতাবস্থায় তিনি উপজেলা সমবায় অফিসের মাধ্যমে জানতে পারেন সার্বিক গ্রাম উন্নয়ন প্রকল্পের মাধ্যমে আইজিএ প্রশিক্ষণ দেওয়া হয়। তারপর তিনি সমবায় অফিসের মাধ্যমে রাজশাহী মহিলা প্রশিক্ষণ কেন্দ্র থেকে এক মাসের আইজিএ প্রশিক্ষণ গ্রহণ করেন। প্রশিক্ষণ শেষে সেখান থেকে দেওয়া সেলাই মেশিন দিয়ে বাড়িতে সেলাই এর কাজ শুরু করেন। বর্তমানে তার মাসিক আয় ১৪০০০ থেকে ১৭০০০ হাজার টাকা। তার কাজের চাহিদা অনেক বেশী হওয়ায় গ্রামের বেকার মেয়েদের তিনি নিজেই প্রশিক্ষণ দিচ্ছেন। এভাবে তিনি তার পরিবারের অভাব দূর করতে অসামান্য অবদান রাখেন বলে জানিয়েছেন এই আত্মনির্ভরশীল নারী। এখন তিনি পরিবার নিয়ে আগের চেয়ে অনেক স্বাচ্ছন্দ্যে আছেন। ফজিলা সন্তানদেরকে শিক্ষিত ও আত্মমর্যাদাশীল মানুষ হিসেবে গড়ে তোলার স্বপ্ন দেখছেন।

**প্রশিক্ষণের বিষয়: রেফ্রিজারেশন এন্ড এয়ার কন্ডিশনিং**

প্রশিক্ষণ কেন্দ্র: ট্রাস্ট টেকনিক্যাল ট্রেনিং ইনস্টিটিউট
মোঃ আলি হোসাইন,
পিতাঃ আলম খন্দকার,
গ্রাম: মহেন্দ্রপুর,
উপজেলা: কুমারখালী,
জেলা: কুষ্টিয়া।



সমিতির নাম: মহেন্দ্রপুর সাদ্দার পাড়া সার্বিক গ্রাম উন্নয়ন সমবায় সমিতি

মোঃ আলি হোসাইন একটি দরিদ্র পরিবারে জন্ম গ্রহণ করেন। তার বাবা কৃষি কাজ করেন। আলি হোসেনের পরিবারে সন্তানকে লেখাপড়া করানোর মত সংস্থান না থাকায় আলি হোসেন ছাত্রদেরকে টিউশন প্রদান করে অতি কষ্টে লেখাপড়া করে এম.এ পাশ করেন। কিন্তু আর্থিক অভাবের কারণে চাকরির জন্য ভালো প্রস্তুতি নিতে পারেননি। যার ফলে তিনি কোন চাকরি পাননি। শুরু হয় তার বেকারত্বের অভিশপ্ত জীবন। বিবাহ বন্ধনে আবদ্ধ হওয়ার ইচ্ছে থাকলেও অর্থের অভাবে বিবাহ বন্ধনে আবদ্ধ হতে পারেননি। এরই মধ্যে গ্রাম উন্নয়ন সমিতির দলনেতার মধ্যমে প্রশিক্ষণের কথা জানতে পারেন এবং ট্রাস্ট টেকনিক্যাল ট্রেনিং ইনস্টিটিউট থেকে রেফ্রিজারেশন এন্ড এয়ার কন্ডিশনিং এর উপর এক মাসের প্রশিক্ষণ গ্রহণ করেন। প্রশিক্ষণান্তে এলাকায় কাজ শুরু করেন। শেষ হলো তার বেকারত্ব জীবন। তার বর্তমান মাসিক আয় ১৫ থেকে ২০ হাজার টাকা। এই টাকা দিয়ে পরিবারের চাহিদা মিটিয়ে তিনি ধারাবাহিকভাবে সঞ্চয় করে থাকেন। বর্তমানে মোঃ আলি হোসাইন সঞ্চয়ের টাকা দিয়ে বড় ব্যবসা প্রতিষ্ঠান গড়ে তোলার লক্ষ্যে কাজ করছেন।

**প্রশিক্ষণের বিষয়: ইলেকট্রিক্যাল**

প্রশিক্ষণ কেন্দ্র: ডলফিন ট্রেনিং সেন্টার
মোঃ শেখ ফরিদ
পিতাঃ নজুরুল ইসলাম শেখ
গ্রাম: বড়াইয়া,
উপজেলা: কালিগঞ্জ
জেলা: গাজীপুর।
সমিতির নাম: বড়াইয়া সার্বিক গ্রাম উন্নয়ন সমবায় সমিতি



শেখ ফরিদ মধ্যবিত্ত পরিবারে জন্ম গ্রহণ করেন। তার পিতা কৃষি কাজ করেন। সাত ভাইবোন হওয়ার কারণে তাদের পরিবারে অভাব অনটন লেগেই থাকতো। সাত ভাইবোন এর মধ্যে শেখ ফরিদ সবার ছোট। তিনি এখনও লেখাপড়া করেন আর্থিক অভাবের কারণে এক পর্যায়ে তার লেখাপড়া বন্ধ হয়ে যাওয়ার উপক্রম হয়। ঠিক তখনই তিনি উপজেলা সমবায় অফিসের মাধ্যমে জানতে পারেন প্রশিক্ষণের কথা। এর পর তিনি সার্বিক গ্রাম উন্নয়ন প্রকল্পের আওতায় ইলেকট্রিক্যাল প্রশিক্ষণ গ্রহণ করেন। অত:পর গ্রামে কাজ শুরু করেন। বর্তমানে তার মাসিক আয় ১০ থেকে ১২ হাজার টাকা। তার বর্তমান আয় দিয়ে লেখাপড়ার খরচ বহন করার পর পরিবারের চাহিদাও তিনি পূরণ করছেন।

## ৩.১৫ স্থানীয় পর্যায়ের কর্মশালা থেকে প্রাপ্ত ফলাফল বিশ্লেষণ

সার্বিক গ্রাম উন্নয়নকর্মসূচি (সিভিডিপি)-৩য় পর্যায়” শীর্ষক প্রকল্পের নিবিড় পরীবিক্ষণ সমীক্ষা কার্যক্রম, ভেনাস কনসাল্টিং প্রাইভেট এর উদ্যেগে গাজীপুরের কালিগঞ্জ উপজেলা পরিষদ মিলনায়তনে একটি স্থানীয় পর্যায়ের কর্মশালা আয়োজন করা হয়। উক্ত কর্মশালায় সভাপতিত্ব করেন ভেনাস কনসাটিং প্রাইভেট লিমিটেড এর টিম লিডার অধ্যাপক ড. জহুরুল আলম। সভাপতি মহোদয় “সার্বিক গ্রাম উন্নয়নকর্মসূচি (সিভিডিপি)-৩য় পর্যায়” এর আওতায় আগত সার্বিক গ্রাম উন্নয়ন সমবায় সমিতি সদস্যগণকে ধন্যবাদ জ্ঞাপন করেন। সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন আইএমইডি’র পরিচালক (উপসচিব), সমন্বয় ও এমআইএস সেক্টর আইনুর আক্তার পান্না। এছাড়াও আইএমইডি’র পক্ষ থেকে সহকারী প্রোগ্রামার ছালমা বেগম উপস্থিত ছিলেন।




**চিত্রঃ** স্থানীয় পর্যায়ের কর্মশালা

কর্মশালায় সভাপতি মহোদয় জনান যে “সার্বিক গ্রাম উন্নয়নকর্মসূচি (সিভিডিপি)-৩য় পর্যায়” শীর্ষক প্রকল্পের মাধ্যমে স্থানীয় জনগণের জীবনযাত্রার মান উন্নয়ন এবং কর্মমূখী প্রশিক্ষণ প্রদানে মাধ্যমে প্রকল্পভুক্ত সমিতির সদস্যগণের জীবনযাত্রার মান উন্নয়ন এবং প্রকল্পের স্থানীয় পর্যায়ে কি কি অসুবিধা রয়েছে তা জানতে এ কর্মশালার আয়োজন করা হয়েছে। এ বিষয়ে প্রকল্পভুক্ত সমিতির সদস্যগণকে সার্বিক সহায়তা করার জন্য অনুরোধ করেন।

কর্মশালায় প্রধান অতিথি সকলকে মাহে রমযানের শুভেচ্ছা জানিয়ে তার বক্তব্য শুরু করেন। বক্তব্যে তিনি উপস্থিত সকলকে জনান যে “সার্বিক গ্রাম উন্নয়ন কর্মসূচি (সিভিডিপি)-৩য় পর্যায়” শীর্ষক প্রকল্পটি আইএমইডি কর্তৃক নিবিড় পরিবীক্ষণের জন্য নির্বাচিত হয়েছে। প্রকল্পের আওতায় যারা ইতোমধ্যে সমবায় সমিতির সদস্য হয়ে প্রকল্প থেকে প্রশিক্ষণ গ্রহণ করেছেন, তাদের সুচিন্তিত মতামত গ্রহণের লক্ষ্যে এই কর্মশালার আয়োজন করা হয়েছে। প্রকল্পের সুফল এবং প্রকল্পের আওতায় গৃহীত কার্যক্রম আর টেকসই ও মানসম্মত করার লক্ষ্য তাদের সুচিন্তিত মতামত অনেক প্রয়োজনীয় বলে তিনি উপস্থিতিকে অবহিত করেন।

“সার্বিক গ্রাম উন্নয়নকর্মসূচি (সিভিডিপি)-৩য় পর্যায়” শীর্ষক প্রকল্প সম্পর্কে মির্জা ফারজানা শারমিন উপজেলা সমবায় অফিসার, কালীগঞ্জ, গাজীপুর বলেন যে, কালীগঞ্জে ২০১৯ সালে এ প্রকল্পভুক্ত করা হয়। প্রকল্পের লক্ষ্যমাত্রা ৬০টি সমবায় সমিতি গঠনকরে কর্মমুখী প্রশিক্ষণ প্রদান করা। এ পর্যন্ত উক্ত প্রকল্পের আওতায় ৫৮টি সমবায় সমিতি গঠন করা হয়েছে এবং ১১১৪টি পরিবার অর্ন্তভুক্ত করা হয়েছে। উক্ত সমিতি সমূহের সদস্য সংখ্যা ২১৩২ জন প্রায় এবং তাদর শেয়ার এর ২০৪৯০০/- টাকা এবং সঞ্চয়ের পরিমাণ ৪৬০৯০০/- টাকা। ২০১৯-২২ সালে ১৩৪০ জন্য সদস্যকে যৌথ সভা ও ই-প্রশিক্ষণ প্রদান করা হয়েছে গ্রাম কর্মী/সদস্যগণকে অবহিতকরণ প্রশিক্ষণ ০২টি করে ৬০ জনকে এবং উপজেলা পর্যায়ে সরকারী কর্মকর্তা ও জনপ্রতিনধিদের ০১টি করে ২০ জন প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। আউজিএ প্রশিক্ষণ ৩০ দিন করে মোট ৮০ জন প্রশিক্ষণ গ্রহণ করেছেন। পরবর্তিতে আরো প্রশিক্ষণ প্রদান করা হবে।

কর্মশালায় আগত প্রশিক্ষণপ্রাপ্তদের নিকট হতে প্রাপ্ত তথ্য মতে, তারা প্রশিক্ষণের বিষয়ে সন্তুষ্ট ছিল। সভায় উপস্থিত সকলেই মত প্রকাশ করেন যে আলোচ্য প্রকল্পের মাধ্যমে তাদের কারিগরি দক্ষতা বৃদ্ধি পেয়েছে, তারা স্বাবলম্বী হয়েছেন, তাদের আয়ের ক্ষেত্র বৃদ্ধি পেয়েছে এবং তারা পরিবারের আয়বৃদ্ধিতে সহযোগিতা করতে পারছেন।

প্রশিক্ষণের কারণে উত্তরদাতাদের পরিবার লাভবান হয়েছে কিনা, সে তথ্য বিশ্লেষণে দেখা যায় যে, প্রায় সকলেই সহমত যে তারা লাভবান হয়েছেন। প্রশিক্ষণ গ্রহণের ফলে কি কি সুবিধা হয়েছে, সে তথ্য বিশ্লেষণ করলে দেখা যায় যে, সকলেই মনে করেন এর ফলে আত্মকর্মসংস্থানের সুযোগ সৃষ্টি হয়েছে, জ্ঞান ও দক্ষতা বৃদ্ধি পেয়েছে, পরিবারের আয় বৃদ্ধি পেয়েছে এবং আত্মবিশ্বাস বেড়েছে।

উপস্থিত সকলেই এই প্রকল্পের মাধ্যমে আয়ের ক্ষেত্র তৈরি হওয়াতে তারা আর্থিকভাবে লাভবান হয়েছেন। কৃষিক্ষেত্রে প্রশিক্ষণ গ্রহণের মাধ্যমে উৎপাদন বৃদ্ধি পাওয়ায় আয়ও বৃদ্ধি পেয়েছে এবং তারা আর্থিকভাবে লাভবান হয়েছেন।

ঋণ কার্যক্রম না থাকাতে তারা কিছু হতাশাও প্রকাশ করেছেন। কারণ হিসেবে তারা বলেছেন যে, ঋণ কার্যক্রম থাকলে তারা প্রকল্পের মাধ্যমে অর্জিত জ্ঞানকে কাজে লাগানর আরো অধিকতর সুযোগ পেতেন ।

উপস্থিত সকলেই মনে করেন প্রশিক্ষণপ্রাপ্তির মাধ্যমে নারীর ক্ষমতায়ন হয়েছে। নারীরা অতীতের তুলনায় অধিক পরিমাণে নিজেদেরকে আয়বর্ধক কার্যক্রমে নিয়োগ করতে পারছেন বলে মতামত দিয়েছেন।

প্রকল্পের মানউন্নয়নের বিষয়ে মতামত দিতে গিয়ে কেউ কেউ প্রশিক্ষণের আবাসিক ব্যবস্থার উন্নয়ন এবং উপজেলা পর্যায়ের প্রশিক্ষণ কার্যক্রম শুরুর বিষয়ে সুপারিশ করেছেন।

## ৩.১৬ প্রকল্প অনুমোদন, সংশোধন ও মেয়াদ বৃদ্ধির কারণ

‘সার্বিক গ্রাম উন্নয়ন কর্মসূচি (সিভিডিপি) -৩য় পর্যায়’ এর মূল ডিপিপিতে প্রকল্প মেয়াদকাল ০১ জানুয়ারি, ২০১৮ হতে ৩১ ডিসেম্বর, ২০২১ হলেও একনেক কর্তৃক অনুমোদন হয় ০৮ মার্চ, ২০১৮ খ্রি: তারিখে। প্রকল্প পরিচালক নিয়োগ হয় ২৭/০৮/২০১৮ খ্রি: তারিখে। উপ-প্রকল্প পরিচালক, সহকারী প্রকল্প পরিচালসহ অন্যান্য জনবল (প্রেষণে) নিয়োগ হয় আরো পরে। প্রকল্পের  প্রকল্প পরিচালক (প্রেষণ), উপ-প্রকল্প পরিচালক (প্রেষণ), সহকারী প্রকল্প পরিচালক (অতিরিক্ত দায়িত্ব) নিয়োগ যথাসময়ে সম্পন্ন না হওয়ায় প্রকল্পটির প্রশাসনিক সিদ্ধান্ত ও দায়িত্ব যথাসময়ে পালন করা সম্ভবপর হয় নাই। এছাড়াও মাঠ পর্যায়ে ৪৩৮ জন জনবল নিয়োগের প্রভিশন থাকলেও মহামান্য হাইকোর্টে ২য় পর্যায় প্রকল্পের কর্মচারীগণ রিট মামলা করায় নিয়োগ কার্যক্রম বন্ধ ছিল বিধায় মাঠ পর্যায়ে প্রকল্পের কার্যক্রম বাধাগ্রস্ত হয়েছে। এ কারণে মাঠপর্যায়ে প্রকল্প কার্যক্রম আরম্ভ করতে দেরী হয়েছে। পাশাপাশি ২০২০ সালের মার্চ মাস হতে বাংলাদেশে কোভিড-১৯ মহামারীর প্রাদুর্ভাব হওয়ায় দেশে লকডাউন অবস্থা থাকায় মাঠ পর্যায়ের কার্যক্রম পরিচালনা ব্যাহত হয়েছে। এছাড়াও প্রকল্পভুক্ত প্রতিটি নতুন উপজেলায় ৬০টি করে গ্রাম নির্বাচন, সুফলভোগীদের অবহিতকরণ, সুফলভোগীদের সংগঠিত করে সমিতি গঠন এবং নিবন্ধন করে প্রশিক্ষণ কার্যক্রম শুরু করার বিষয়টি সময়সাপেক্ষ, বিধায় প্রকল্পের প্রশিক্ষণসহ অন্যান্য সকল কার্যক্রম পূর্ণোদ্যমে শুরু করা যায়নি। ফলে প্রকল্পের বাস্তবায়ন বিলম্ব হয়েছে। এ কারণে প্রকল্পটির মেয়াদ ০২ (দুই) বৎসর বৃদ্ধি করা প্রয়োজন হয়েছে।

### ক) প্রকল্পের মেয়াদ বৃদ্ধির কারণ

১) <u>জীবনযাত্রার ব্যয় বৃদ্ধি</u>

প্রকল্পটি ডিজাইন করা হয় ২০১৫-২০১৬ অর্থ বছরে । সেসময়ের জীবনযাত্রার ব্যয়ের তুলনায় বর্তমানে জীবনযাত্রার ব্যয় বৃদ্ধি পাওয়ায় প্রকল্পের আন্ত:খাত ব্যয় বৃদ্ধি আবশ্যক হয়ে পড়েছে।

২) <u>প্রশিক্ষণের মেয়াদ ও ব্যয় বৃদ্ধি</u>

প্রকল্পের মূল ডিপিপিতে মোটর ড্রাইভিংসহ ট্রেডভিত্তিক বিভিন্ন আইজিএ প্রশিক্ষণের মেয়াদ ৩০(ত্রিশ)দিন (১০৪ ঘন্টা) নির্ধারণ করা আছে। এ অল্প সময়ের মধ্যে একজন প্রশিক্ষণার্থীকে পেশাগতভাবে পুরোপুরিভাবে দক্ষ করে গড়ে তোলা কঠিন। বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড (BTEB) এর Competency Standard (CS)  ভিত্তিক কারিকুলাম অনুযায়ী প্রাথমিক পর্যায়ে (NTVQF Level -I) ট্রেডভিত্তিক প্রশিক্ষণের মেয়াদ ৩ (তিন) মাস হতে ৬(ছয়) মাস (৩৬০) ঘন্টা। অর্থ বিভাগ কর্তৃক বাস্তবায়নাধীন SEIP প্রকল্পসহ অন্যান্য সরকারি প্রকল্প এবং সরকারি বিভিন্ন প্রতিষ্ঠান ও সংস্থায় ২ (দুই) মাস হতে ৪ (চার) মাস মেয়াদি ট্রেডভিত্তিক প্রশিক্ষণ কার্যক্রম চলমান রয়েছে। এ বিবেচনায় আইজিএ প্রশিক্ষণের মেয়াদ ৬০ (ষাট) দিন (৩১২ ঘন্টা) করা হয়েছে। আইজিএ প্রশিক্ষণের বর্তমান মেয়াদ ৩০দিন (১০৪ ঘন্টা) হতে ৬০ দিনে (৩১২ ঘন্টা) উন্নিত হয়েছে বিধায় প্রশিক্ষণ খাতে ব্যয় বৃদ্ধি পেয়েছে।

উল্লেখ্য NTVQF Level-I/৩৬০ ঘন্টার কোর্সের Competency Standard (CS)  ভিত্তিক প্রশিক্ষণের কারিকুলামকে ঠিক রেখে কারিকুলাম প্রণয়নপূর্বক প্রশিক্ষণ কোর্স পরিচালনা করা হবে। প্রশিক্ষণের মেয়াদ বিদ্যমান ০১ মাস হতে বৃদ্ধি করে

০২ মাসে উন্নিত করা হয়েছে এবং এনএসডিএ/বিটিইবি এর গাইডলাইন মোতাবেক যে সকল প্রশিক্ষণ প্রতিষ্ঠান প্রশিক্ষণ কার্যক্রম পরিচালনা করছে শুধুমাত্র সে সকল প্রশিক্ষণ প্রতিষ্ঠানে প্রশিক্ষণ পরিচালনা করা হবে এবং প্রশিক্ষণকালে এ বিষয়টি নিশ্চিত করা হবে।

মূল ডিপিপিতে আইজিএ প্রশিক্ষণের ক্ষেত্রে প্রশিক্ষণার্থীদের দৈনিক ভাতা, প্রশিক্ষণ ভাতা, প্রশিক্ষক সম্মানীসহ বিভিন্ন খাতে যে ব্যয় বরাদ্দ রয়েছে তা বর্তমান বাজার মূল্যের তুলনায় খুবই অপ্রতুল, যা দিয়ে উচ্চমানের প্রশিক্ষণ দেওয়া সম্ভবপর নয়। এ প্রেক্ষিতে অর্থ বিভাগ কর্তৃক ২০১৭ সালে জারিকৃত উন্নয়ন প্রকল্পের আওতায় প্রশিক্ষণ/সেমিনার/ওয়ার্কশপ সংক্রান্ত কর্মকান্ড পরিচালনার পরিপত্র অনুসরণে বিভিন্ন ট্রেডভিত্তিক ও অন্যান্য প্রশিক্ষণের বাজেট যৌক্তিক ও বর্ধিত হারে নির্ধারণ করায় প্রশিক্ষণ ব্যয় বৃদ্ধি পেয়েছে। প্রশিক্ষণ ব্যয়ের বিস্তারিত ব্যয় বিভাজন পরিশিষ্ট-২ এ দেখানো হয়েছে।

৩) <u>গ্রামকর্মী ভাতা বৃদ্ধি</u>

প্রকল্পের মূল ডিপিপিতে জনপ্রতি মাসিক ২০০০.০০ (দুই হাজার) টাকা সম্মানী ভাতায় প্রকল্পভুক্ত ১০০৩৫টি গ্রাম সমবায় সমিতিতে ১০০৩৫ জন গ্রামকর্মীর সংস্থান রয়েছে। গ্রামকর্মীগণ গ্রাম পর্যায়ে সমবায় সমিতি গঠন, সদস্য সংগ্রহ, সঞ্চয়/শেয়ার সংগ্রহ, পুঁজি বিনিয়োগ, হিসাবরক্ষণ, গ্রাম বার্ষিক উন্নয়ন পরিকল্পনা প্রণয়ন, এজিএম/উঠোন বৈঠক অনুষ্ঠানসহ সমিতির সকল গুরুত্বপূর্ণ কার্যাবলি সম্পাদন করে থাকলেও তাদেরকে মাসিক মাত্র ২০০০.০০ (দুই হাজার) টাকা সম্মানীভাতা দেওয়া হয় যা তাদের কাজের পরিমাণ ও বর্তমান বাজার মূল্যের তুলনায় অত্যন্ত অপ্রতুল। গ্রামকর্মীর মাসিক সম্মানী ২০০০.০০ (দুই হাজার) টাকা হতে বৃদ্ধি করে ২,৫০০ (দুই হাজার পাঁচশত) টাকা নির্ধারণ করা হয়েছে।

<u>৪) প্রকল্প বাস্তবায়ন কৌশল</u>

প্রকল্প পরিচালক-প্রকল্প বাস্তবায়নকারী ০৪টি সংস্থার সাথে সমন্বয় করে কাজ ভাগ করে ০৪ জন উপ-প্রকল্প পরিচালক ও ১৬২ জন সহকারী প্রকল্প পরিচালককে বাস্তবায়নের দায়িত্ব প্রদান করবেন।

উপ-প্রকল্প পরিচালকগণ প্রশাসনিক ও আর্থিকভাবে প্রকল্প পরিচালক এর অধীনে কাজ করবেন এবং প্রকল্প পরিচালক কর্তৃক বাজেট বরাদ্দ প্রাপ্তি সাপেক্ষে বার্ষিক কর্মপরিকল্পনা অনুযায়ী নিজ অধিক্ষেত্রে প্রকল্পের বাস্তবায়ন, তদারকি ও মনিটরিং সংক্রান্ত সকল কার্যাবলী সম্পাদন করবেন।

সহকারী প্রকল্প পরিচালকগণ প্রকল্প পরিচালক ও স্ব স্ব সংস্থার উপ-প্রকল্প পরিচালকের অধীনে কাজ করবেন এবং প্রকল্প পরিচালক কর্তৃক বাজেট বরাদ্দ প্রাপ্তি সাপেক্ষে বার্ষিক কর্মপরিকল্পনা অনুযায়ী নিজ অধিক্ষেত্রে প্রকল্পের ব্যবস্থাপনা এবং দৈনন্দিন প্রশাসনিক ক্ষেত্রে দায়িত্ব যথাযথভাবে পালন করবেন। তিনি প্রকল্প বাস্তবায়নে উপজেলা পর্যায়ে মূল ভূমিকা পালন করবেন। তিনি গ্রাম নির্বাচন, সমিতি সংগঠন ও নিবন্ধন, গ্রামকর্মী নিয়োগ, নির্ধারিত প্রশিক্ষণ কোর্স বাস্তবায়ন, উপজেলা পর্যায়ের কর্মকর্তাদের প্রকল্পভুক্ত সমিতি পর্যায়ে নিবিড় যোগাযোগের ব্যবস্থাকরণ, উপজেলা প্রকল্প বাস্তবায়ন কমিটির সদস্য সচিব হিসেবে দায়িত্ব পালন, মাঠ সংগঠক এবং গ্রাম কর্মীদের কাজে তদারকি, নিয়ন্ত্রণ, সমিতির কার্যক্রমে পরামর্শ প্রদান, অর্পিত আর্থিক দায়িত্ব পালন এবং কর্তৃপক্ষের প্রকল্প বাস্তবায়ন সম্পর্কিত কার্যক্রমের নির্দেশ পালন করবেন।

## ৩.১৭ প্রকল্প প্রণয়ন ও বাস্তবায়ন সংক্রান্ত বিভিন্ন সমস্যা ও ব্যবস্থাপনা সংক্রান্ত তথ্য

প্রকল্পটি অনুমোদিত হয় ২০১৭ সালের মার্চ মাসে। পরিকল্পনা কমিশন কর্তৃক অক্টোবর ২০১৬ সালে জারিকৃত পরিপত্র অনুযায়ী ২৫ কোটি টাকার উর্ধ্বে প্রকল্পের ব্যয় হলে সেক্ষেত্রে সম্ভাব্যতা সমীক্ষা অত্যাবশ্যক হলেও বর্ণিত প্রকল্পের ক্ষেত্রে তা প্রতিপালিত হয়নি। তাছাড়া প্রকল্প গ্রহণের পূর্বে কোন বেজলাইন স্টাডিও সম্পাদিত হয়নি। সম্ভাব্যতা সমীক্ষা বা বেজলাইন স্টাডি হলে প্রকল্পের স্টেকহোল্ডারগণের মতামত আরো বিস্তারিতভাবে সংগ্রহ করে তা প্রকল্পের কার্যপরিধিতে অন্তর্ভুক্ত করা সম্ভব হতো। প্রকল্পটি ব্যবস্থাপনার ক্ষেত্রে শুরুর দিকে কিছু দুর্বলতা ছিল। প্রকল্প শুরুর তারিখের প্রায় ২মাস ৮দিন পর প্রকল্প অনুমোদিত হয়। এর পায় ৬ মাস পর প্রকল্প পরিচালক নিয়োগ হয়। উপ-প্রকল্প পরিচালক ও সহকারী প্রকল্প পরিচালক নিয়োগ আরো পরে সম্পন্ন হয়। এ সমস্ত কারণে প্রকল্প কার্যক্রমে কিছুটা বিলম্ব হয়েছে। প্রকল্প পরিচালক, উপ-প্রকল্প পরিচালকদের নিয়োগের পরও আইজিএ প্রশিক্ষণ কার্যক্রম কাঙ্খিত গতি পায়নি। এর কারণ হিসেবে প্রশিক্ষণ প্রতিষ্ঠানের

অপ্রতুলতাকে দায়ী করা হয়। প্রকল্পের শুরুতে একটি সুনির্দিষ্ট কর্মপরিকল্পনা প্রণয়নের মাধ্যমে যদি প্রকল্পের আইজিএ প্রশিক্ষণ কার্যক্রমের লক্ষ্যমাত্রা নির্ধারণের পাশাপাশি প্রশিক্ষণ প্রতিষ্ঠানের প্রাপ্যতা নিশ্চিত করা হতো তাহলে প্রকল্প কার্যক্রম আরো গতিশীল হতো। এ ক্ষেত্রে প্রকল্প দপ্তরের আরো সচেষ্ট থাকার প্রয়োজন ছিল। প্রশিক্ষণ প্রতিষ্ঠানের স্বল্পতা সমস্যা প্রকল্প দপ্তর এখনো কাটিয়ে উঠতে পারেনি। এ সমস্যা সমাধানে প্রকল্প দপ্তরকে আরো তৎপর হতে হবে। এছাড়া প্রকল্পটি পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের ৪টি সংস্থা সমবায় অধিদপ্তর, বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড, পল্লী উন্নয়ন একাডেমী ও বার্ড কর্তৃক বাস্তবায়িত হচ্ছে। পল্লী উন্নয়ন একাডেমী ও বার্ডের উপজেলা পর্যায়ে উপস্থিতি ও জনবল না থাকায় সংস্থা ২টি প্রকল্প বাস্তবায়নের জন্য সমবায় অধিদপ্তরের উপজেলা পর্যায়ের কর্মকর্তাদের উপর নির্ভরশীল। এক্ষেত্রে আন্তঃসংস্থা যোগাযোগ রক্ষা করা মাঝে মাঝে কঠিন হয়ে পরে।

বৃহৎ কর্মপরিধির প্রকল্পের ক্ষেত্রে শুরুতেই সবকিছু সতর্কতার সাথে নিরূপণ করা না গেলে পরবর্তীতে প্রকল্প বাস্তবায়নে নানাবিধ সমস্যা সৃষ্টি করে। বর্ণিত প্রকল্পের শুরুতেই হয়েছে। প্রকল্প পরিচালক, উপ-প্রকল্প পরিচালকদের নিয়োগ নিশ্চিত না করা ও প্রশিক্ষণ প্রতিষ্ঠানের প্রাপ্যতা নিশ্চিত না করার ফলে সৃষ্ট সমস্যা তার একটি উদাহরণ।

### ৩.১৮ সার্বিক গ্রাম উন্নয়ন সমবায় সমিতির স্থায়িত্ব এবং সমাপ্তি পরিকল্পনা (Exit Plan)

প্রকল্পের ডিপিপি'তে Exit Plan এ বলা হয়েছে যে ১৬২ টি উপজেলায় ১০,০৩৫টি সার্বিক গ্রাম উন্নয়ন সমবায় সমিতি প্রকল্পের আওতায় চলে আসবে এবং প্রকল্প শেষে সমবায় সমিতি আইন ও বিধিমালার আওতায় প্রতিটি উপজেলায় গঠিত সাইট থেকে ৬০/৭৫ টি সার্বিক গ্রাম উন্নয়ন সমবায় সমিতিগুলো সংশ্লিষ্ট উপজেলা কেন্দ্রীয় সমবায় সমিতি লিঃ (ইউসিসিএ) এ স্থানান্তরিত হবে এবং উপজেলা কেন্দ্রীয় সমবায় সমিতি লিঃ(ইউসিসিএ) এর বিধি মোতাবেক পরিচালিত হবে। সমবায় সমিতি পরিচালনার বিষয়ে যে নির্দেশনা দেওয়া হয়েছে তা প্রাসঙ্গিক হিসেবে পরামর্শক দলের নিকট প্রতীয়মান হয়েছে।

স্থায়ী সম্পদ যেমন গাড়ি, ডাবল কেবিন পিক-আপ ও মোটরসাইকেলের বিষয়েও অত্যন্ত প্রাসঙ্গিকভাবে যথাক্রমে পরিবহন পুলে ও উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা/উপজেলা সমবায় কর্মকর্তার হেফাজতে থেকে সেই দপ্তরের কার্যক্রমে ব্যবহার করার নির্দেশনা দেওয়া হয়েছে যা পরামর্শকদলের নিকট যথার্থ বলে মনে হয়েছে। তাছাড়া কম্পিউটার ও আনুষঙ্গিক যন্ত্রপাতি, আসবাবপত্র, অন্যান্য যন্ত্রপাতি ও সরঞ্জামাদি স্ব স্ব সংস্থায় হস্তান্তরের মাধ্যমে প্রকল্প সমাপ্তির কথা বলা হয়েছে।

### ৩.১৯ প্রকল্প কার্যক্রম যথাসময়ে সমাপ্তির লক্ষ্যে করণীয়

প্রকল্পের যেসব অঙ্গের বাস্তবায়ন কার্যক্রম এখনো লক্ষ্যমাত্রা থেকে পিছিয়ে আছে সেসব অঙ্গসমূহের কার্যক্রম অতিসত্বর গতিশীল করা আবশ্যক। আগস্ট ২০২২ এর মধ্যে অবশিষ্ট সমবায় সমিতি গঠন করে ১০,০৩৫টি সমবায় সমিতি গঠনের লক্ষ্যমাত্রা পূরণ করতে হবে। দ্রুত অতিরিক্ত প্রশিক্ষণ কেন্দ্রের সংস্থান করে প্রশিক্ষণ কার্যক্রমের সংখ্যা বৃদ্ধি করে সকল প্রশিক্ষণ কার্যক্রম জুন ২০২৩ এর মধ্যে সমাপ্ত করতে হবে। প্রকল্পের যেসব প্রকিউরমেন্ট এখনো অবশিষ্ট আছে অনতিবিলম্বে এসবের টেন্ডার আহ্বান করে জুলাই ২০২২ এর মধ্যে প্রকল্পের সকল প্রকিউরমেন্ট কার্যক্রম সমাপ্ত করতে হবে। গ্রাম কর্মী সৃজনের কার্যক্রমও জুলাই ২০২২ এর মধ্যে সমাপ্তির লক্ষ্যমাত্রা নিয়ে এগিয়ে যেতে হবে। প্রকল্প সমাপ্ত হলে ১০,০৩৫ টি গ্রাম তথ্য সম্বলিত বই প্রস্তুত হবে। ইতোমধ্যে এই লক্ষ্যে জরিপ কাজ সমাপ্ত হয়েছে। গ্রাম তথ্য সম্বলিত বই প্রস্তুতের অবশিষ্ট কাজ নভেম্বর ২০২৩ এর মধ্যে সমাপ্ত করার লক্ষ্যে কার্যক্রম পূর্ণ গতিতে চালিয়ে যেতে হবে।

# চতুর্থ অধ্যায়
# SWOT Analysis

## ৪.১ প্রকল্পটির সবল ও দুর্বল দিক, সুযোগ ও ঝুঁকিসমূহ

কর্মপরিকল্পনায় যে সকল তথ্য-উপাত্ত সংগ্রহ এবং বিশ্লেষণের প্রস্তাব করা হয়েছে, সে সকল তথ্য উপাত্ত সংগ্রহপূর্বক বিশ্লেষণ করে প্রকল্পটির সবল (Strengths) ও দুর্বল (Weaknesses) দিক, সুযোগ (Opportunities) ও ঝুঁকি (Threats) সমূহ সনাক্ত করা হয়েছে। নির্দেশক/মাত্রা (Indicator) অনুযায়ী প্রকল্পের সবল ও দুর্বলদিক এবং সুযোগ ও ঝুঁকি পর্যালোচনা করা হয়েছে।

| প্রকল্পের সবলদিকসমূহ (Strengths) | প্রকল্পের দুর্বলদিকসমূহ (Weaknesses) |
|---|---|
| ✚ প্রকল্প কাজে প্রয়োজনীয় অর্থের সংস্থান ছিল। প্রকল্পটি বাস্তবায়নের ক্ষেত্রে এখন পর্যন্ত ৬টি অর্থবছর চলমান। প্রতি অর্থবছরেই প্রকল্পের অর্থবরাদ্দ পর্যাপ্ত ছিল;<br>✚ প্রকল্পের খাতওয়ারী বাজেট চাহিদা ও বরাদ্দ ছিল ;<br>✚ প্রকল্পের প্রশিক্ষণ কার্যক্রম National Skill Development Authority (NSDA) ও Bangladesh Technical Education Board (BTEB) এর অনুমোদিত মডিউল এর আওতায় পরিচালনা করা হচ্ছে;<br>✚ প্রকল্পের মাধ্যমে প্রশিক্ষণপ্রাপ্তদের পারিবারিক আয় বৃদ্ধির মাধ্যমে আরো উন্নত জীবনযাত্রা নিশ্চিত হচ্ছে, সামাজিক মর্যাদা বৃদ্ধি পাচ্ছে এবং নারীর ক্ষমতায়ন হচ্ছে; এবং<br>✚ প্রকল্পের ডিপিপিতে Exit Plan এবং Sustainability Plan সম্পর্কে সুস্পষ্ট ধারণা দেওয়া আছে। প্রকল্প কার্যক্রম বাস্তবায়নের পর সমিতিসমূহ কীভাবে পরিচালিত হবে এবং সংগৃহীত পণ্য কোথায় কীভাবে হস্তান্তর হবে তা সম্পর্কে সুস্পষ্ট দিক নির্দেশনা দেওয়া আছে। | ✚ মূল ডিপিপির নির্ধারিত মেয়াদের মধ্যে প্রকল্প কার্যক্রম সমাপ্ত করা সম্ভব হয়নি;<br>✚ প্রকল্পের প্রয়োজন এবং মূল ডিপিপির লক্ষ্য মাত্রা অনুযায়ী যথাযথ জনবল নিয়োগ করা সম্ভব হয় নি;<br>✚ প্রকল্প প্রণয়নের পূর্বে কোন বেজলাইন স্টাডি বা সম্ভাব্যতা সমীক্ষা করা হয়নি;<br>✚ ডিপিপি অনুসারে ডিসেম্বর ২০২১ পর্যন্ত PIC এর ৬৪টি সভা ও PSC এর ১৬ টি সভা অনুষ্ঠানের কথা থাকলেও বাস্তবে তা সম্ভব হয়নি। এখন পর্যন্ত PIC এর ৬টি সভা ও PSC এর ৫ টি সভা অনুষ্ঠিত হয়েছে;<br>✚ প্রকল্পের শুরুর দিকে প্রকল্প পরিচালক, উপ-প্রকল্প পরিচালক ও সহকারী প্রকল্প পরিচালকদের নিয়োগ বিলম্বিত হওয়া প্রকল্পের অন্যতম একটি দুর্বলদিক; এবং<br>✚ মূল ডিপিপির বাৎসরিক কর্মপরিকল্পনা অনুযায়ী প্রকল্প কার্যক্রম বাস্তবায়ন করা সম্ভব হয়নি। |
| **প্রকল্পের সুযোগসমূহ (Opportunities)** | **প্রকল্পের ঝুঁকিসমূহ (Threats)** |
| ✚ উন্নয়ন ও দারিদ্র্য বিমোচনে সরকারের অগ্রাধিকার প্রদানের ফলে এ লক্ষ্যে আরো বহুবিধ নুতন কার্যক্রমের সূচনা হবে;<br>✚ প্রকল্পটি বাস্তবায়নের ফলে গ্রামীণ সমবায়ীদের প্রশিক্ষণের মাধ্যমে অর্জিত জ্ঞানকে কাজে লাগিয়ে | ✚ প্রকল্পের প্রশিক্ষণ কার্যক্রম পরিচালনার জন্য যথাসময়ে প্রকল্প দপ্তরের চাহিদা অনুযায়ী প্রশিক্ষণকেন্দ্রের প্রাপ্যতা প্রকল্পের একটি ঝুঁকি; |

| | |
|---|---|
| জীবিকা নির্বাহ এবং আয় বৃদ্ধির মাধ্যমে আর্থ সামাজিক উন্নতির পথ সুগম হবে;<br><br>- দুগ্ধ, মাংস, মৎস্য ইত্যাদির নতুন নতুন খামার প্রতিষ্ঠার মাধ্যমে উৎপাদন বৃদ্ধি পেলে এসবের সঙ্গে জড়িত পশ্চাদবর্তী ও পূর্ববর্তী শিল্পজাত দ্রবের চাহিদা বৃদ্ধির সম্ভাবনা সৃষ্টি হবে। ফলে এ সমস্ত শিল্পে বিনিয়োগ ও কর্মসংস্থান বৃদ্ধির সুযোগও তৈরি হবে;<br><br>- প্রকল্পের মাধ্যমে গ্রামীণ দরিদ্র জনগোষ্ঠীকে উন্নয়নের মূল স্রোতধারায় নিয়ে আসার লক্ষ্যে তাদেরকে প্রশিক্ষণ, কর্মসংস্থান ও আয়বৃদ্ধিমুলক কার্যক্রমে সম্পৃক্তকরণ প্রক্রিয়া জোরদারকরণ হচ্ছে;<br><br>- প্রকল্পের প্রশিক্ষণার্থীদের আত্মনির্ভরশীল Life Skill Training শেষে সহজ শর্তে ঋণ সুবিধা পাওয়ার সুযোগ তৈরি হবে;<br><br>- মধ্যপ্রাচ্যসহ অনেক দেশে কারিগরি বিষয়ে প্রশিক্ষিত মানব সম্পদের ব্যপক চাহিদা রয়েছে। প্রকল্পের মাধ্যমে আইজিএ প্রশিক্ষণপ্রাপ্ত জনবলকে সরকারি অথবা বেসরকারি ব্যবস্থাপনায় বিদেশে প্রেরণের মাধ্যমে কর্মসংস্থান ও দেশে রেমিটেন্সের প্রবাহ বৃদ্ধির সুযোগ রয়েছে;<br><br>- প্রকল্পটি বাস্তবায়নের মাধ্যমে এস.ডি.জি.বাস্তবায়ন ও দেশজ পরিকল্পনার সাথে এর সমন্বয়করণ সম্ভব হবে;<br><br>- প্রকল্পটি সফল হলে কর্মসংস্থান নিয়ে কাজ করা গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের অন্যান্য মন্ত্রণালয় যেমন যুব, ক্রীড়া ও সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, মৎস্য ও প্রানিসম্পদ মন্ত্রণালয়, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় ইত্যাদি অনুরূপ প্রকল্প গ্রহণের মাধ্যমে গ্রামীণ জনগোষ্ঠীর জীবনমান উন্নয়নের জন্য আরো অনুপ্রাণিত এবং উদ্যোগী হবে; এবং<br><br>- লিঙ্গাবৈষম্য দূরীকরণের মাধ্যমে নারী জনগোষ্ঠীকে উন্নয়নের মূল স্রোতধারায় নিয়ে আসার লক্ষ্যে সরকারের নতুন উদ্যোগসমূহ নারীদেরকে আত্মনির্ভরশীলতার দিকে আরো এগিয়ে নিয়ে যাবে; | - প্রকল্প সমাপ্তির পর গঠনকৃত কোন কোন সমবায় সমিতি পূর্বের ন্যয় নিষ্ক্রিয় হয়ে পরার আশংকা প্রকল্পের জন্য একটি ঝুঁকি;<br><br>- করোনা ভাইরাস এর পরবর্তী ঢেউ নিয়ন্ত্রণের বাইরে গেলে প্রকল্প কার্যক্রম যথাসময়ে সমাপ্তিতে অনিশ্চয়তা তৈরি হতে পারে;এবং<br><br>- উন্নয়ন প্রকল্পে সরকারের ব্যয় যৌক্তিককরণের সিদ্ধান্ত এবং MTBF সিলিং চূড়ান্ত করার ফলে প্রকল্পের আর্থিক বরাদ্দে নেতিবাচক প্রভাব পড়তে পারে। |

পর্যালোচনায় প্রাপ্ত সবল দিকসমূহের মধ্যে কিছু সবল দিক প্রকল্প কর্তৃপক্ষ প্রকল্প ব্যবস্থাপনায় সঠিকভাবে ব্যবহার করতে পেরেছেন। যেমন প্রকল্পের অর্থবরাদ্দ পর্যাপ্ত থাকায় প্রকল্প কার্যক্রম যথাযথভাবে চালিয়ে গিয়েছেন এবং কারিগরি মানসম্পন্ন প্রশিক্ষণকেন্দ্রে প্রশিক্ষণ প্রদান করছেন। তাছাড়া প্রকল্প শেষে Sustainability Plan ও Exit Plan এর বাস্তবায়নের মাধ্যমে প্রকল্পের টেকসইকরণ করে সবলদিকের পরিপূর্ণ ব্যবহার সম্ভব।

প্রকল্প কর্তৃপক্ষ প্রকল্পের দুর্বলতাসমূহ বিভিন্ন কার্যকর পদক্ষেপের মাধ্যমে কাটিয়ে উঠতে পারেন। বিদ্যমান জনবলের মাধ্যমে প্রকল্প কার্যক্রম সংশোধিত মেয়াদের মধ্যে সমাপ্তকরণ প্রকল্পের জন্য একটি বিশাল চ্যালেঞ্জ হিসেবে আবির্ভূত হওয়া সত্ত্বেও বিরাজমান এক চতুর্থাংশ জনবল নিয়ে প্রকল্পটির সফল পরিসমাপ্তির দিকে ধাবমান হওয়া অন্যান্য সকল প্রকল্পের ও উন্নয়ন কার্যক্রমের জন্য উদাহরণ হিসেবে প্রতিভাত হবে। এ ছাড়া এই দুর্বলতা প্রকারান্তরে প্রকল্প পরিচালনার ক্ষেত্রে একটি সফলতার মাইল ফলক হিসেবে বিবেচিত হওয়ার দাবী রাখে।

প্রকল্পের দুর্বল দিকসমুহের মধ্যে অন্যতম হিসেবে প্রতীয়মান হয়েছে নির্ধারিত সংখ্যক PIC ও PSC সভা অনুষ্ঠানে অপারগতা। এই দুর্বলতা কাটিয়ে ওঠার জন্য অনুষ্ঠিতব্য সভাসমূহের তালিকা প্রণয়নপূর্বক সেগুলোকে নুতন আঙ্গিকে নুতন এজেন্ডা নিয়ে অনুষ্ঠিত করে একটি ধারাবাহিক নিবিড় পর্যবেক্ষন প্রক্রিয়া চালু করে প্রকল্প বাস্তবায়নের গতিবৃদ্ধি ও এর সাফল্যের গুনগত মান বৃদ্ধি করা সম্ভব। এই পদক্ষেপটিও অন্তিমে সরকারের অন্যান্য প্রকল্প ও কার্যক্রমের জন্য একটি ইতিবাচক উদাহরণ হিসেবে আবির্ভূত হবে। এ ছাড়া প্রকল্পে নিয়োজিত জনবলের বদলি এড়িয়ে তাদেরকে প্রকল্পের শেষ পর্যায় পর্যন্ত সেখানে নিয়েজিতকরণ প্রকল্পের অধিক গুণগত ও পরিমানগত সাফল্যের জন্য প্রয়োজন বলে প্রতিভাত হয়েছে। এই পদক্ষেপটিও প্রকল্পের দুর্বল দিককে সবল দিকে ধাবিত করার একটি কৌশল হিসেবে বিবেচিত হতে পারে।

প্রকল্পটি একটি আর্থ-সামাজিক প্রকল্প হওয়ায় প্রকল্পটির সফল বাস্তবায়নের মাধ্যমে বহুবিধ সুযোগের সৃষ্টি হবে। তাই প্রকল্প সফলভাবে সমাপ্ত করার পর গঠিত সমবায় সমিতিসমূহকে সক্রিয় রেখে এবং নীতি নির্ধারণী পর্যায় থেকে এ সংক্রান্ত প্রয়োজনীয় সহায়তা প্রদানের মাধ্যমে প্রকল্পের মাধ্যমে সৃষ্ট সুযোগসমূহের সর্বোত্তম ব্যবহার করা যেতে পারে। প্রকল্পের সুযোগসমূহ কাজে লাগানো সম্ভব হলে দেশ ও জাতির জন্য বহুমুখী সুফল বয়ে আনবে।

করোনা ভাইরাস মহামারি সংক্রান্ত ঝুঁকি দেশ অনেকটাই কাটিয়ে উঠেছে। পরবর্তীতে এ ধরণের ঝুঁকি মোকাবিলায় সর্বদা প্রস্তুত থেকে, অতিরিক্ত প্রচেষ্টার মাধ্যমে প্রকল্প বাস্তবায়নে বিলম্ব হওয়াকে অতিক্রম করে প্রকল্পকে সফলতার দ্বারপ্রান্তে নিয়ে যাওয়া সম্ভব বলে বিবেচিত হতে পারে। এ ছাড়া কারিগরি মানসম্পন্ন ও আবাসিক সুবিধাসম্পন্ন প্রশিক্ষণ কেন্দ্রের অগ্রিম সংস্থানের মাধ্যমে প্রকল্প কর্তৃপক্ষ প্রকল্পের বিদ্যমান ঝুঁকিসমূহকে সুযোগে রূপান্তর করতে পারেন। উন্নয়ন প্রকল্পে সরকারের ব্যয় যৌক্তিককরণের সিদ্ধান্ত এবং MTBF সিলিং এর ঝুঁকি প্রশমনে প্রকল্প দপ্তর প্রকল্পের অপেক্ষাকৃত কম গুরুত্বপূর্ণ খাতসমূহের ব্যয় হ্রাসকরণের ও অপেক্ষাকৃত বেশি গুরুত্বপূর্ণ খাতসমূহের ব্যয় স্বাভাবিক রাখার মাধ্যমে MTBF সিলিং এর সাথে সমতা রেখে ব্যয় করতে পারে। তদুপরি প্রকল্প সমাপ্তির পর প্রকল্পের আওতায় গঠিত সমিতিসমূহকে যথাযথ পৃষ্ঠপোষকতা ও মনিটরিং এর মাধ্যমে সেগুলোকে টেকসই সুফলদায়ক গ্রামীন সংস্থায় রূপান্তরিত করা যেতে পারে। বস্তুত: এ ধরণের পদক্ষেপ সরকারপ্রণীত টেকসই উন্নয়ন নীতির জন্য একটি মাইলফলক হিসেবে চিহ্নিত হতে পারে।

## পঞ্চম অধ্যায়
# সমীক্ষার পর্যবেক্ষণ

### ৫.১ ব্যয় হ্রাস

প্রকল্পের মূল অনুমোদিত ডিপিপি অনুযায়ী প্রাক্কলিত ব্যয় ছিল ৩০১.০৫ কোটি টাকা। সংশোধিত ডিপিপিতে প্রকল্পের ব্যয় হ্রাস পেয়ে দাঁড়ায় ২৯৯.৯৮কোটি টাকা। এ ক্ষেত্রে ব্যয় হ্রাস পায় প্রায় ১.০৭ কোটি টাকা। ব্যয় হ্রাসের প্রধান কারণ হলো ডিপিপিতে যে জনবল নিয়োগের সংস্থান রাখা হয়েছিল তা মামলা জনিত কারণে স্থগিত থাকায় আরডিপিপিতে তার অধিকাংশ জনবল বাতিল করা হয়।

### ৫.২ সময় বৃদ্ধি

মূল ডিপিপি অনুযায়ী, প্রকল্প বাস্তবায়নকাল জানুয়ারি, ২০১৮ থেকে ডিসেম্বর, ২০২১ পর্যন্ত ছিল। পরবর্তীতে প্রকল্পটি সংশোধিত হয় এবং সংশোধিত ডিপিপি অনুযায়ী প্রকল্পের মেয়াদ হয় জানুয়ারি, ২০১৮ থেকে ডিসেম্বর, ২০২৩ পর্যন্ত। এক্ষেত্রে প্রকল্পটি বাস্তবায়ন করতে মূল ডিপিপির সময়ের তুলনায় ২ বছর অতিরিক্ত সময় প্রয়োজন হচ্ছে। সময় বৃদ্ধির কারণসমূহ হল:

- প্রকল্পের শুরুতে প্রকল্প পরিচালক, উপ-প্রকল্প পরিচালক ও সহকারী প্রকল্প পরিচালকদের নিয়োগ সম্পন্ন না হওয়া;
- কোভিড ১৯ এর প্রাদুর্ভাব;
- প্রশিক্ষণের আওতায় বিভিন্ন খাতের ব্যয় বৃদ্ধি;
- প্রশিক্ষণের মেয়াদ ও ব্যয় বৃদ্ধি;
- নতুন গ্রাম অন্তর্ভুক্তি; এবং
- গ্রামকর্মীর ভাতা বৃদ্ধি

### ৫.৩ প্রকল্পের অগ্রগতি সংক্রান্ত

সংশোধিত ডিপিপি অনুযায়ী ২০১৭-২০১৮ (জানুয়ারি, ২০১৮-জুন, ২০১৮), ২০১৮-২০১৯, ২০১৯-২০২০, ২০২০-২০২১ ও ২০২১-২০২২ এই ৫টি অর্থবছরে প্রকল্পের অনুকূলে ব্যয়ের লক্ষ্যমাত্রা ছিল ১৪৩.৫০ কোটি টাকা যা মোট প্রকল্প ব্যয়ের প্রায় ৪৭%। এই ৫টি অর্থবছরে আরএডিপি বরাদ্দ ছিল ২১৩.০৩ কোটি টাকা। চলতি অর্থবছরের মার্চ পর্যন্ত মোট ব্যয় হয়েছে ৮৯.৭২ কোটি টাকা যা সংশোধিত ডিপিপি অনুযায়ী প্রকল্পের মোট প্রাক্কলিত ব্যয়ের প্রায় ৩০% এবং ২০২১-২০২২ অর্থবছর পর্যন্ত আরএডিপি বরাদ্দের প্রায় ৩৮%। চলতি অর্থবছরে মার্চ পর্যন্ত ব্যয় হয়েছে ২৪.৫১ কোটি টাকা যা চলতি অর্থবছরের ব্যয়ের লক্ষ্যমাত্রার মাত্র ৪৮ %। উপর্যুক্ত তথ্য থেকে প্রতীয়মান হয় যে প্রকল্পের ব্যয় প্রকল্পের সংশোধিত ডিপিপি এর ব্যয় প্রাক্কলন এর সাথে সামঞ্জস্যপূর্ণ নয়। প্রকল্পের মেয়াদ বৃদ্ধি ও ডিপিপির সংশোধনের ফলশ্রুতিতে অর্থ ব্যয় করতে না পারা এর কারণ হিসেবে প্রতীয়মান হয়।

প্রকল্প পরিচালকের দপ্তর থেকে প্রাপ্ত সর্বশেষ তথ্য মতে এপ্রিল ২০২২ পর্যন্ত প্রকল্পের বাস্তব অগ্রগতি হয়েছে প্রায় ৫৬.৫% এবং আর্থিক অগ্রগতি হয়েছে প্রায় ৩০%।

### ৫.৪ প্রয়োজনীয় জনবল সংক্রান্ত

প্রকল্প বাস্তবায়নের লক্ষ্যে জনবল সংক্রান্ত যে অর্গানোগ্রাম অনুমোদন করা হয়েছিল সে অনুযায়ী জনবল নিয়োগ দেওয়া সম্ভব হয়নি। প্রাক্কলিত মোট ৬১৩ জন কর্মকর্তা কর্মচারীর বিপরীতে সর্বসাকুল্যে ১৮২ জন প্রকল্পে কর্মরত আছে। মাঠ পর্যায়ে

জনবল নিয়োগের বিধান থাকলেও মহামান্য হাইকোর্টে ২য় পর্যায় প্রকল্পের কর্মচারীগণ রিট মামলা করায় নিয়োগ কার্যক্রম বন্ধ ছিল বিধায় মাঠ পর্যায়ে প্রকল্পের কার্যক্রম বাধাগ্রস্ত হয়েছে। পরবর্তীতে প্রকল্পের ডিপিপি সংশোধনের সময় মাঠ পর্যায়ে জনবল নিয়োগ বাদ দেওয়া হয়েছে।

### ৫.৫ প্রকল্প পরিবীক্ষণ সংক্রান্ত

প্রকল্প কার্যক্রম তদারকির ক্ষেত্রে PIC এবং PSC এর সভা অনুষ্ঠিত হয়েছে। ডিপিপি অনুসারে ২০২১ সালের ৩১ ডিসেম্বর পর্যন্ত প্রতি ৩ মাস অন্তর একটি করে PIC এবং PSC সভা অনুষ্ঠানের বিধান রয়েছে। সে হিসাবে ২০২১ সালের ৩১ ডিসেম্বর পর্যন্ত PSC এর ১৬টি এবং PIC এর ক্ষেত্রে বাস্তবায়নকারী ৪টি সংস্থার প্রতিটিতে ১৬ টি করে মোট ৬৪টি সভা হওয়ার বিধান ছিল। তার বিপরীতে এখন পর্যন্ত PIC এর ৬টি এবং PSC এর ৫টি সভা অনুষ্ঠিত হয়েছে। প্রকল্পের সংশোধিত ডিপিপিতেও ৩ মাস অন্তর মূল ডিপিপির সাথে সঙ্গতিপূর্ণ PSC এবং PIC এর সভা অনুষ্ঠানের বিধান রাখা হয়েছে।

### ৫.৬ প্রকল্পে র সম্ভাব্যতা সমীক্ষা না হওয়া

প্রকল্পটি অনুমোদিত হয় ২০১৭ সালের মার্চ মাসে। পরিকল্পনা কমিশন কর্তৃক অক্টোবর ২০১৬ সালে জারিকৃত পরিপত্র অনুযায়ী ২৫ কোটি টাকার উর্ধ্বে প্রকল্পের ব্যয় হলে সেক্ষেত্রে সম্ভাব্যতা সমীক্ষা অত্যাবশ্যক হলেও বর্ণিত প্রকল্পের ক্ষেত্রে তা প্রতিপালিত হয়নি।

### ৫.৭ ক্রয় প্রক্রিয়া

বর্ণিত প্রকল্পের আওতায় ক্রয় পরিকল্পনায় কোন কার্য ও সেবা প্যাকেজ নেই। মূলত প্রকল্পের আওতায় বড় আকারের পণ্য ক্রয় প্যাকেজ ছিল প্রকল্প পরিচালকের জন্য ১টি জিপ ও ৪টি সংস্থার ৪ জন উপ-প্রকল্প পরিচালকদের জন্য ৪টি ডাবল কেবিন পিক-আপ ক্রয়। প্রকল্প কার্যালয় থেকে ক্রয় সংক্রান্ত প্যাকেজ গুলোর তথ্য সংগ্রহ করা হয়েছে। এই সব তথ্য পর্যালোচনা করে দেখা যায় যে, প্রকল্পের ডিপিপি অনুযায়ী ডাইরেক্ট প্রকিউরমেণ্ট মেথড (ডিপিএম) পদ্ধতিতে জিপ ও ডাবল কেবিন পিক-আপসমূহ ক্রয়ের কথা ছিল এবং বাস্তবে ঠিক একই পদ্ধতি অনুসৃত হয়েছে তাছাড়া অন্যান্য কিছু প্যাকেজের ক্রয় প্রক্রিয়া ইতোমধ্যে সমাপ্ত হয়েছে এবং কিছু প্রক্রিয়াধীন রয়েছে। সমাপ্ত সকল ক্রয় প্রক্রিয়া যথাযথ বিধিমালা অনুসারে সম্পন্ন করা হয়েছে।

### ৫.৮ প্রকল্পটির ডিজাইন এবং লজিক্যাল ফ্রেমওয়ার্ক বিশ্লেষণ

প্রকল্পটির ডিপিপি ও আরডিপিপিতে প্রদত্ত প্রকল্পটির ডিজাইন ও লজিক্যাল ফ্রেমওয়ার্ক পরামর্শকগণ কর্তৃক পর্যবেক্ষণ ও বিশ্লেষণ করা হয়। সার্বিক বিবেচনায় তা যথাযথ মনে হয়েছে এবং এতে কোন ত্রুটি দৃশ্যমান হয়নি।

### ৫.৯ প্রশিক্ষণ কার্যক্রমের গুণগত মান

প্রকল্পের আওতায় প্রশিক্ষণের দায়িত্বে দেশীয় স্বনামধন্য প্রতিষ্ঠান যেমন ব্র্যাক, টিটিটিআই, ইউসেপ ইত্যাদি প্রতিষ্ঠান নিয়োজিত রয়েছে এবং প্রকল্পের প্রশিক্ষণ কার্যক্রম National Skill Development Authority (NSDA) ও Bangladesh Technical Education Board (BTEB) এর অনুমোদিত মডিউল এর আওতায় পরিচালনা করা হচ্ছে বলে সমীক্ষায় প্রতীয়মান হয়।

## ৫.১০ প্রকল্পের Exit Plan সম্পর্কে পর্যালোচনা

প্রকল্পের ডিপিপিতে প্রকল্পের Exit Plan সম্পর্কে অত্যন্ত সুস্পষ্ট ধারণা এবং পরিকল্পনা দেওয়া আছে। এই পরিকল্পনায় সমবায় সমিতির স্থায়িত্ব, স্থায়ী সম্পদ যেমন গাড়ি, কম্পিউটার, আসবাবপত্র ইত্যাদি কীভাবে এবং কোথায় স্থানান্তরিত হবে তাও উল্লেখ করা আছে। প্রকল্পের ডিপিপিতে প্রকল্পের টেকসইকরণ পরিকল্পনা সম্পর্কেও সুস্পষ্ট উল্লেখ রয়েছে।

## ৫.১১ প্রশিক্ষণকেন্দ্রের প্রাপ্যতা

